উত্তরবঙ্গের আত্মার আত্মীয়

# উত্তরবঙ্গ সংবাদ

COB

সেনসেক্স : ৮১,৪৬৩.০৯ (-৭২১.০৮)
নিফটি : ২৪,৮৩৭.০০ (-২২৫.১০)




**ইন্দিরার রেকর্ড ভাঙলেন নমো**
১৯৬৬ সালের ২৪ জানুয়ারি থেকে ১৯৭৭ সালের ২৪ মার্চ পর্যন্ত একটানা ৪,০৭৭ দিন ভারতের প্রধানমন্ত্রী ছিলেন ইন্দিরা গান্ধি। শুক্রবার সেই রেকর্ড ভেঙে দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ৭

**অশ্লীল ভিডিও, বন্ধ ২৫ ওটিটি**
অবশেষে পদক্ষেপ। অশ্লীল ও বেআইনি বিষয়বস্তুর বিরুদ্ধে কঠোর হল কেন্দ্রীয় সরকার। বন্ধের নির্দেশ দেওয়া হল ২৫টি ওটিটি প্ল্যাটফর্ম। ৭

আজকের সম্ভাব্য তাপমাত্রা

| | শিলিগুড়ি | জলপাইগুড়ি | কোচবিহার | আলিপুরদুয়ার |
|---|---|---|---|---|
| সর্বোচ্চ | ৩২° | ৩৩° | ৩৪° | ৩৪° |
| সর্বনিম্ন | ২৭° | ২৭° | ২৭° | ২৭° |

**অপরাজিতা বিল ফেরত**
অপরাজিত বিল ফেরত পাঠালেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। এই বিলে রাজ্যের প্রস্তাবিত ফাঁসির সাজা নিয়ে আপত্তি রয়েছে কেন্দ্রের। ৫

৯ শ্রাবণ ১৪৩২ শনিবার ৫.০০ টাকা 26 July 2025 Saturday 14 Pages Rs. 5.00 ইন্টারনেট সংস্করণ www.uttarbangasambad.in Vol No. 46 Issue No. 69

সাদা চোখে সাদা কথায়

# ভয় ধরিয়ে কিস্তিমাতের ছকে মরিয়া দুই ফুলই

**গৌতম সরকার**



ভিনরাজ্যে হয়রানি। একের পর এক। তার ওপর জুড়ে বসল এনআরসি, ডিটেনশন ক্যাম্প...। ভয়ের পরিবেশ চারপাশে। আধার বা ভোটার কার্ড নাকি নাগরিকত্বের প্রমাণ ধরা হবে না। বিহারের পর ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী নাকি বাংলাতেও হবে। জন্ম তারিখ, জন্মস্থান, কার্যত বাবা-মায়ের ঠিকুজি না পেলে ভোটার তালিকা থেকে 'জাস্ট' ঘ্যাঁচাং ফু সময়ের অপেক্ষা।

ভয় তো ধরবেই। ধরানোও হচ্ছে। প্রচার করা হচ্ছে- দেখেছ কাণ্ড! কাদের হাতে দিয়েছ দেশশাসনের ভার! তোমায় তো দেশ ছাড়া করে ছাড়বে হে। কয়েকজনকে বাংলাদেশে পুশব্যাকের ঘটনায় যেন ভয়ের ফ্লাডগেট খুলে গিয়েছে। নাগরিকত্ব হারানোর ভয়! ভোটাধিকার হারানোর ভয়! নথি না থাকলে তো কথাই নেই। থাকলেও অনেক সময় রেহাই মিলবে না। রাষ্ট্র তাড়িয়ে দিলে কী হবে, ভাবতেই গায়ে কাঁটা দেয়।

ইতিমধ্যে বিতাড়িত কিছু মানুষের কাঁটাতারের ওপারে বাংলাদেশ জিরো পয়েন্টে খোলা আকাশের তলায় রাত্রিবাসের বিভীষিকা সামনে এসেছে। ভারত ঠেলে দিলেও বাংলাদেশ তাঁদের নেয়নি। ভারতও ঠাঁই দিতে অস্বীকার করেছে। ভাবুন কী যন্ত্রণা! দেশ, নাগরিকত্ব হারানোর ভয়! উত্তরবঙ্গবাসীর এই ভয় পাওয়ার যুক্তিসংগত কারণ আছে। সাবেক ছিটমহলবাসীর নজিরে নাগরিকত্বহীনতার যন্ত্রণা স্মৃতিতে এখনও টাটকা। না ছিল নাগরিকত্ব, না ছিল ভোটাধিকার।

রাষ্ট্রহীন একদল মানুষ মিথ্যা পরিচয়ে বেঁচে ছিলেন। অন্যকে বাবা সাজিয়ে, অন্যের ঠিকানা দেখিয়ে ছেলেমেয়েদের স্কুলে ভর্তি করতে হয়েছে। সন্তান প্রসবের জন্য হাসপাতালের নথিতে অন্য কাউকে স্বামী সাজাতে হয়েছে। পরিচয় লুকিয়ে সবসময় ধরা পড়ে যাওয়ার ভয় নিয়ে জীবনধারণ। অসমে এনআরসি আরও উদ্বেগের ছোঁয়া বয়ে এনেছিল উত্তরবঙ্গে। অথচ এনআরসি একটি প্রশাসনিক প্রক্রিয়া। রাষ্ট্রের স্বাভাবিক উদ্যোগ।

কিন্তু সেই গেরোয় নথিপত্র নিয়ে হয়রানিটাও বাস্তব। অসমে বিশেষ করে বাংলাভাষী অনেকে সেই দুর্ভোগের শিকার হয়েছেন। নথিপত্র না থাকলে বা কিছু গরমিল থাকলে সোজা চালান ডিটেনশন ক্যাম্পে। আলিপুরদুয়ারের বারবিশা কিংবা কোচবিহারের বক্সিরহাটে সীমানা পেরিয়ে সেই বন্দি জীবনের আতঙ্ক ছুঁয়েছিল উত্তরবঙ্গকে। এখন সেই আতঙ্ক একেবারে ঘাড়ের ওপর। অসম থেকে এনআরসি নোটিশ এসে উপস্থিত উত্তরবঙ্গে।

দিনহাটার উত্তমকুমার ব্রজবাসী, আলিপুরদুয়ার জেলার জটেশ্বরের অঞ্জলি শীলের ঠিকানায়

*এরপর বারোর পাতায়*



# গর্বের সার্কিট বেঞ্চ

**উত্তরের আইনি ব্যবস্থায় জুড়ছে নতুন পালক। স্থায়ী পরিকাঠামোয় জলপাইগুড়িতে শুরু হতে চলেছে কলকাতা হাইকোর্টের সার্কিট বেঞ্চ। আনুষ্ঠানিক উদ্বোধন এখন শুধু সময়ের অপেক্ষা। তার আগে নতুন পরিকাঠামোর হালহকিকত খতিয়ে দেখলেন সৌরভ দেব ও পূর্ণেন্দু সরকার**

### যা থাকছে

- ৪০ একর জমির ওপর স্থায়ী পরিকাঠামো
- পাঁচতলার মূল ভবন
- ১৩টি আদালত কক্ষ
- ৫টি ডিভিশন বেঞ্চ এবং ৭টি সিঙ্গল বেঞ্চ
- এখনও পর্যন্ত প্রধান বিচারপতির আদালত সহ মোট ৫টি আদালত তৈরির কাজ শেষ, বাকি আদালত তৈরির কাজ চলছে
- অ্যাডভোকেট জেনারেল, অতিরিক্ত অ্যাডভোকেট জেনারেল, সলিসিটর জেনারেল, অতিরিক্ত সরকারি আইনজীবীদের অফিস
- আধুনিক রেকর্ড রুমের পাশাপাশি তথ্য সংরক্ষণের জন্য আলাদা ডেটা সেন্টার
- বিচারপতিদের জন্য আলাদা গ্রন্থাগার
- আইনি পরিষেবা কেন্দ্রের অফিস
- মেডিটেশনের জন্য আলাদা ঘর
- অডিটোরিয়াম, বিচারপতিদের জন্য ক্লাব
- তৈরি হচ্ছে আলাদা পুলিশ ব্যারাক
- রাষ্ট্রায়ত্ত ব্যাংকের শাখা, এটিএম এবং পোস্ট অফিসের শাখা

### আইনজীবীদের জন্য

- তিনটি বসার ঘর, মহিলা আইনজীবীদের জন্য আরও তিনটি ঘর
- আইনজীবীদের জন্য বার লাইব্রেরি





### প্রশস্ত প্রবেশপথ

- আদালত ভবনে প্রবেশের জন্য মোট ৭টি দরজা। মূল রাস্তা থেকে সার্কিট বেঞ্চ চত্বরে ঢোকার জন্য চারটি গেট। আদালত চত্বরে রয়েছে গাড়ি পার্কিংয়ের জন্য তিনটি আলাদা জায়গা।

### শুরুর কথা



- জলপাইগুড়িতে সার্কিট বেঞ্চ তৈরির দাবিতে আন্দোলন শুরু হয়েছিল ১৯৬২ সাল থেকে
- ১৯৯৩ সালে আন্দোলন আরও জোরদার, শুরু ধর্মঘট-অবরোধ
- ২০১২ সালে জলপাইগুড়ি স্পোর্টস কমপ্লেক্স ময়দানে সার্কিট বেঞ্চের স্থায়ী পরিকাঠামোর শিলান্যাস
- ২০১৯ সালে জলপাইগুড়িতে জেলা পরিষদের ডাকবাংলোর অস্থায়ী পরিকাঠামোতে সার্কিট বেঞ্চের কাজ শুরু
- ওই বছরই পাহাড়পুরে ৩১ডি জাতীয় সড়কের পাশে শুরু স্থায়ী পরিকাঠামো তৈরির কাজ

### বাসভবন

- বর্তমানে বিচারপতিরা জুবিলি পার্ক এবং রেসকোর্সপাড়া তিস্তা ভবনে অস্থায়ী পরিকাঠামোয় থাকছেন। পাহাড়পুর এলাকায় স্থায়ী পরিকাঠামোয় প্রধান বিচারপতি সহ অন্য বিচারপতিদের জন্য ১০টি বাংলো তৈরি হচ্ছে। যার মধ্যে ইতিমধ্যে তিনটি বাংলো নির্মাণের কাজ প্রায় শেষ পর্যায়ে।
- বর্তমানে সার্কিট বেঞ্চের কর্মীরা রাজবাড়িপাড়ার কম্পোজিট কমপ্লেক্সের সরকারি আবাসনে থাকছেন। এই কর্মীদের জন্য পাহাড়পুরের স্থায়ী পরিকাঠামোতে ৭টি বহুতলে মোট ৮০টি ফ্ল্যাট তৈরি হচ্ছে।


### কী সুবিধা?

- উচ্চ আদালতে বিচার পেতে উত্তরবঙ্গের বাসিন্দাদের হত্যে দিয়ে কলকাতায় পড়ে থাকতে হত। তাতে সময় ও খরচ দুই-ই বেশি লাগত। বিচার ঝুলে থাকত দীর্ঘসময়। এবার সেই বিচার ব্যবস্থা খানিক ত্বরান্বিত হবে।

### নতুন থানাও

- সার্কিট বেঞ্চের জন্য আলাদাভাবে একটি থানাও তৈরি হবে। যেখানে একজন ইনস্পেকটর পদমর্যাদার আধিকারিক থাকবেন

### ওঁরা বলছেন




এই সার্কিট বেঞ্চ শুধু জলপাইগুড়ি নয়, গোটা উত্তরবঙ্গের আইনি পরিষেবার ক্ষেত্রে দৃষ্টান্ত হতে চলেছে। এতে আর্থিক পরিকাঠামো যথেষ্ট চাঙ্গা হবে।
– **অভিজিৎ সরকার**, *সম্পাদক, জলপাইগুড়ি সার্কিট বেঞ্চ বার অ্যাসোসিয়েশন*



সার্কিট বেঞ্চ আমাদের আইনজীবী এবং সাধারণ মানুষের আবেগ। অনেক আন্দোলন করে আমরা এটা পেয়েছি। তবে দাবি থাকবে, স্থায়ী পরিকাঠামোয় যাতে স্থায়ী বেঞ্চ চালু হয়।
– **গৌতম দাস**, *সদস্য, পশ্চিমবঙ্গ রাজ্য বার কাউন্সিল*



আমাদের দাবি, উদ্বোধনের প্রথম দিন থেকেই যাতে এখানে স্থায়ী বেঞ্চ চালু হয়। তাহলেই আমাদের দীর্ঘদিনের আন্দোলন এবং সকলের প্রচেষ্টা একটা ভিন্ন মাত্রা পাবে।
– **কমল বন্দ্যোপাধ্যায়**, *সভাপতি, জলপাইগুড়ি সার্কিট বেঞ্চ বার অ্যাসোসিয়েশন*



নয়ের দশকের শুরুতে আমি এই আন্দোলনে যোগ দিয়েছিলাম। সেই সময় রেল অবরোধ থেকে শুরু করে সার্কিট বেঞ্চের দাবিতে ছয়টি সাধারণ ধর্মঘট হয়েছিল জলপাইগুড়িতে। এখন স্থায়ী পরিকাঠামোর কাজ যখন শেষের মুখে, তখন আমরা জানতে পারছি এখানে সার্কিট বেঞ্চই থাকছে। আমাদের দাবি, মাদুরাই বেঞ্চের মতো এখানে স্থায়ী বেঞ্চ দিয়ে কাজ শুরু হোক।
-**গৌতম পাল**, *সহ সম্পাদক, সার্কিট বেঞ্চ দাবি আদায় সমন্বয় কমিটি*

*ছবি : শান্তশংকর চক্রবর্তী গ্রাফিক্স : তপু দেবনাথ*

# বিজেপির জেলা কমিটি নিয়ে জল্পনা কোচবিহারে

**শিবশংকর সূত্রধর**

**কোচবিহার, ২৫ জুলাই :** যে কোনওদিন বিজেপির জেলা কমিটি ঘোষণা হতে পারে। বর্তমানে কমিটিতে থাকা একাধিক মুখ বাদ যাওয়ার সম্ভাবনা রয়েছে। সেখানে স্থান পেতে পারেন একসময় দাপিয়ে বেড়ানো, বর্তমানে বসে যাওয়া পুরোনো বিজেপি নেতারা। আবার একটানা কয়েকবছর দল থেকে দূরে থাকা নেতাদের দায়িত্ব দিলে দলের একাংশের মধ্যে ক্ষোভ দেখা দিতে পারে। নতুন করে যে কমিটি তৈরি হবে তাঁদের উপরেই থাকবে আগামী বিধানসভা নির্বাচনের গুরুদায়িত্ব। ফলে সবদিকে ভারসাম্য বজায় রেখেই কমিটি গঠনের প্রক্রিয়া শুরু হয়েছে। বিষয়টি নিয়ে এখনই প্রকাশ্যে কিছু বলতে নারাজ দলের জেলা সভাপতি অভিজিৎ বর্মন। তিনি বলেছেন, 'এখনও চূড়ান্ত কিছু হয়নি। রাজ্য নেতৃত্বের নির্দেশমতো কাজ হবে। দলে নতুন-পুরোনো বলে কিছু নেই। সবাইকে গুরুত্ব দিয়েই কমিটি হবে।'

কয়েকদিন আগে কোচবিহার সফরের সময় নেতৃত্বের উদ্দেশে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বার্তা দিয়েছিলেন, দলের পুরোনো কর্মীদের যেমন গুরুত্ব দিতে হবে, তেমনই নতুনদেরও গ্রহণ করতে হবে। ফলে নতুন কমিটিতে পুরোনো নেতৃত্বও যে জায়গা পাচ্ছে তার আভাস আগেই মিলেছিল। বিজেপির ২৫ জন জেলা পদাধিকারী ছিলেন। তার মধ্যে সম্পাদকের দায়িত্বে থাকা দিনহাটার জয়দীপ ঘোষ তৃণমূলে ফিরে যাওয়ায় বর্তমানে সেই সংখ্যা ২৪। চারজন সাধারণ সম্পাদকের মধ্যে অভিজিৎ বর্মন জেলা সভাপতির দায়িত্ব পেয়েছেন। বাকি তিনজন সাধারণ সম্পাদক হলেন বিরাজ বসু, প্রতাপ সরকার ও মিনতি দাস ঈশোর। এছাড়াও আটজন সহ সভাপতি, সাতজন সম্পাদক, দুজন যুগ্ম কোষাধ্যক্ষ ও দুজন অফিস সম্পাদক রয়েছেন।

সাংগঠনিকভাবে বিজেপির অন্দরে সভাপতির পর সাধারণ সম্পাদকের গুরুত্বই বেশি। ফলে সেই পদে কারা থাকবেন তা নিয়ে চর্চা চলছে। সূত্রের খবর, পুরোনো নেতৃত্ব সম্পর্কে দলের রাজ্য সভাপতি নিজে খোঁজখবর নিয়েছেন। একসময় জেলায় দাপিয়ে বেড়ানো,

*এরপর বারোর পাতায়*

## উত্তমের মতোই বিপাকে নিশিকান্ত

# আবার নোটিশ এনআরসি'র




**রাকেশ শা**

**ঘোকসাডাঙ্গা, ২৫ জুলাই :** শুধু উত্তমকুমার ব্রজবাসী নন, অসম থেকে এনআরসি'র নোটিশ পেয়েছেন মাথাভাঙ্গা-২ ব্লকের লতাপাতা এলাকার এক বাসিন্দা নিশিকান্ত দাসও। নোটিশ পাওয়ার পর সত্তরোর্ধ্ব ওই বৃদ্ধ অসমে গিয়ে জমির দলিল সহ অন্যান্য নথিপত্রও দেখিয়েছেন। কিন্তু ফরেনার ট্রাইবিউনাল তাতে সন্তুষ্ট হয়নি। আর এতেই চিন্তায় নিশিকান্ত। তৃণমূল কংগ্রেসের কোচবিহার জেলা কমিটির সাধারণ সম্পাদক সাবলু বর্মনের কথায়, 'আমার বিষয়টি জানা নেই। তবে, আমরা দলের তরফে এখনই খোঁজ নিয়ে দেখছি। আমরা ওই ব্যক্তির পাশে আছি।'

কোচবিহার জেলার দিনহাটার বাসিন্দা উত্তমকুমার ব্রজবাসীর কাছে ফরেনার ট্রাইবিউনাল থেকে এনআরসি'র নোটিশ আসায় রাজ্য রাজনীতি তোলপাড়। এমনকি ২১শে জুলাই ধর্মতলার শহিদ স্মরণ সমাবেশে মুখ্যমন্ত্রীর সঙ্গে এক মঞ্চে হাজির করানো হয় উত্তমকে। আর সেই মঞ্চ থেকেই 'বাঙালিদের হেনস্তার' প্রতিবাদে আন্দোলনের বার্তা দেন দলের সুপ্রিমো তথা রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

এদিন নিশিকান্ত জানিয়েছেন, প্রায় ৩০ বছর আগে কাজের সন্ধানে তিনি অসমে গিয়েছিলেন। সেখানে এয়ারপোর্ট সংলগ্ন ভিআইপি চৌপথি এলাকা থেকে অসম পুলিশ তাঁকে বাংলাদেশি সন্দেহে আটক করে থানায় নিয়ে যায়। তিনি যাঁর অধীনে কাজে গিয়েছিলেন তিনি থানায় গিয়ে জানিয়েছিলেন, নিশিকান্ত বাংলাদেশি নন। তিনি কোচবিহার জেলার বাসিন্দা। তারপর তিনি প্রয়োজনীয় কাগজপত্রও দেখান। সেই সময় অসম পুলিশ তাঁকে ছেড়ে দেয়। প্রায় ছয় মাস কাজ করার পর কাজ ছেড়ে ফিরে আসেন নিশিকান্ত।

নয় বছর আগে তাঁর স্ত্রী রাধারানি দাসের মৃত্যু হয়েছে। তাঁর দুই ছেলে ও তিন মেয়ে। তিন মেয়ের বিয়ে দিয়েছেন। গ্রামে বাড়ি বাড়ি ঘুরে হাঁস-মুরগির ডিম সংগ্রহ করে বিক্রি করে কোনওরকমে সংসার চালান।

গত মে মাসের প্রথম সপ্তাহে তাঁর কাছে ফরেনার ট্রাইবিউনাল থেকে নোটিশ আসে। তারপর তিনি ১৯৬০ সালের জমির কাগজপত্র ও বিভিন্ন প্রমাণপত্র নিয়ে অসমে যান। সেখানে আইনজীবীর মারফত সব কাগজপত্র দেখার পরেও সন্তুষ্ট হয়নি ফরেনার ট্রাইবিউনাল। ১৯৬০ সালের ভোটার লিস্ট ও তাঁর বাবার পরিচয়পত্র চেয়েছে তারা। তিনি নিরাশ হয়ে বাড়ি ফেরেন।

তাঁর প্রশ্ন, বাবা দেবেন্দ্রচন্দ্র দাস প্রায় ৪৫ বছর আগে মারা গিয়েছেন। এখন তাঁর বাবার নথিপত্র জোগাড় করবেন কীভাবে? এবিষয়ে কারও সঙ্গে যোগাযোগ করেছেন কি না, জানতে চাইলে তিনি জানান, ডিম বিক্রি করেই কোনওরকমে সংসার চালাই। সারাদিন ডিম সংগ্রহ করতেই ব্যস্ত থাকতে হয়। কারও সঙ্গে যোগাযোগ করেননি।

তৃণমূলের জেলা কমিটির সভাপতি অভিজিৎ দে ভৌমিক বলেন, 'আমরা ওই ব্যক্তির পাশে আছি। বিজেপি শাসিত অসম সরকারের এভাবে নোটিশ পাঠিয়ে এ রাজ্যের মানুষকে হয়রানি করা কোনওভাবে মেনে নেওয়া হবে না। আমরা এনিয়ে গোটা জেলা তথা রাজ্যজুড়ে আন্দোলনে নামছি। বাংলা বলা বা এরাজ্যে বসবাস করা কি অপরাধ? বিজেপি নোংরা রাজনীতি করছে।'

মাথাভাঙ্গার বিজেপি বিধায়ক সুশীল বর্মন বলেন, 'বিষয়টি আমার জানা নেই। এখন সিএএ চালু হয়ে গিয়েছে। তাই আতঙ্কের কিছু নেই। তাও বিষয়টি খোঁজ নিয়ে দেখছি।'

## এডিশন স্পেশাল

'আপনার লেকচার আদালত শুনবে না'
পাঁচের পাতায়

প্রয়াত কবি রাহুল পুরকায়স্থ
পাঁচের পাতায়

সোমবার সচল হতে পারে সংসদ
সাতের পাতায়

# শ্রমিককে জোর করে 'পুশব্যাক' বাংলাদেশে



*কালিয়াচকে আমির শেখের বাড়ির সামনে জটলা প্রতিবেশীদের।*

**সেনাউল হক**

**কালিয়াচক, ২৫ জুলাই :** বাংলার শ্রমিককে 'বাংলাদেশি' তকমা দিয়ে সে দেশে জোর করে 'পুশব্যাক' করার অভিযোগ উঠেছে। শুধু তাই নয়, ওই শ্রমিককে পে লোডার দিয়ে বাংলাদেশগামী একটি গাড়িতে বিএসএফ ছুড়ে ফেলে বলে অভিযোগ। মালদার কালিয়াচকের বাসিন্দা ওই পরিযায়ী শ্রমিক রাজস্থানে কাজ করতে গিয়েছিলেন। ঘটনার কথা পরিবারের সদস্যরা জানার পরই দুশ্চিন্তায় পড়েছেন। দ্রুত তাঁকে বাড়িতে ফিরিয়ে আনার দাবি তুলেছেন পরিবারের সদস্যরা। ইতিমধ্যে জেলা প্রশাসনের কাছে বিষয়টি জানানো হয়েছে।

বাংলাদেশে বসে অসহায় হয়ে কাঁদছেন পরিযায়ী শ্রমিক আমির শেখ। সোশ্যাল মিডিয়া থেকে আমির শেখের কান্নার ওই ছবি দেখে তাঁর পরিবারেও শুরু হয়েছে কান্নার রোল। তাঁর শোকে রান্নাবান্না বন্ধ হয়েছে পরিবারে। শুক্রবারে এমনই দৃশ্য দেখা গেল কালিয়াচকের জালালপুরের নারায়ণপুর গ্রামের পরিযায়ী শ্রমিক আমির শেখের বাড়িতে।

রাজস্থানে কাজ করতে গিয়ে বিপাকে পড়েছেন কালিয়াচকের ওই পরিযায়ী শ্রমিক। বাংলা ভাষায় কথা বলার জন্য রাজস্থান পুলিশ বাংলাদেশি সন্দেহে তাঁকে গ্রেপ্তার করে বলে অভিযোগ।

আমিরের বাবা জিয়েম শেখও পরিযায়ী শ্রমিক। বর্তমানে বিহারের গয়ায় রয়েছেন। তিন মাস আগে আমিরের সঙ্গে গ্রামের বেশ কয়েকজন শ্রমিক রাজস্থানের ভিলাপাড়া এলাকায় কাজে গিয়েছিলেন। বাংলা ভাষায় কথা বলার অভিযোগে হঠাৎ করেই আমিরকে গ্রেপ্তার করা হয়।

*এরপর বারোর পাতায়*

# পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ে সিসিটিভি ক্যামেরা নষ্ট

**দেবদর্শন চন্দ**

**কোচবিহার, ২৫ জুলাই :** অধিকাংশ সিসিটিভি ক্যামেরা বিকল হয়ে রয়েছে কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ের মূল প্রশাসনিক ভবনে। এতে স্বভাবতই বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠছে। সূত্রের খবর, মূল ভবনের প্রথম এবং দ্বিতীয় তলায় সিসিটিভি ক্যামেরা থাকলেও সেগুলি সবই অকেজো। দীর্ঘদিন ধরে এই পরিস্থিতি থাকলেও বিষয়টি নিয়ে কেন কর্তৃপক্ষ পদক্ষেপ করছে না, তা নিয়ে প্রশ্ন পড়ুয়াদেরও।

সম্প্রতি কসবায় ল' কলেজে এক ছাত্রীকে ধর্ষণের অভিযোগ সামনে এসেছে। কিন্তু তার পরেও কেন বিষয়টি নিয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এতটা উদাসীন, তা নিয়ে প্রশ্ন থাকছেই। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবদুল কাদের সাফেলি বলেন, 'ক্যাম্পাসের নিরাপত্তা ব্যবস্থা নিয়ে আমরাও উদ্বিগ্ন। আমাদের সিস্টেম অ্যাডমিনিস্ট্রেটরকে বলব ক্যামেরাগুলি টেকনিসিয়ানকে দিয়ে দেখানোর জন্য। তাছাড়া নতুন ক্যামেরার কথা আমি বিশ্ববিদ্যালয়ের তরফে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকেও জানিয়েছি।'

সূত্রের খবর, মূল ভবনে মোট ৩২টি ক্যামেরা পুরোনো হয়ে যাওয়ায় সেগুলি বর্তমানে অকেজো পড়ে রয়েছে। নিরাপত্তার স্বার্থে নীচতলার মাত্র নয়টি নতুন ক্যামেরা লাগানো হয়েছে। এছাড়াও লাইব্রেরিতে আটটি ক্যামেরা রয়েছে।

*এরপর বারোর পাতায়*

# পুজোয় এবার ডেস্টিনেশন ডোকালাম

উত্তরবঙ্গ সংবাদ স্পেশাল

**সানি সরকার**

**শিলিগুড়ি, ২৫ জুলাই :** 'যুদ্ধক্ষেত্র'ই নাকি আগামীর গন্তব্য! বছর আটেক আগে যে জায়গার অধিকার নিয়ে ভারত-চিন বিবাদে জড়িয়েছিল, এখন সেই ডোকালাম সেজে উঠছে পর্যটকদের জন্য।

পুজোর মুখে এই 'যুদ্ধক্ষেত্র'-তে পর্যটকদের প্রবেশে ছাড়পত্র দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সিকিম প্রশাসন। বিদেশমন্ত্রক সবুজ সংকেত দেওয়ায় দ্রুত পরিকাঠামো গড়ে তোলার সিদ্ধান্ত নিয়েছে পাহাড়ি রাজ্যটির পর্যটন দপ্তর। ফলে নাথু লা, চো লা'র পর আরও একটি 'সংঘাত ভূমি' হয়ে উঠছে পর্যটনস্থল। সিকিম পর্যটন দপ্তরের প্রধান সচিব সি সুভাকর রাও বলছেন, 'ডোকালামে পর্যটন পরিকাঠামো গড়ে তোলা হচ্ছে। সেপ্টেম্বর মাস থেকেই পর্যটকদের ছাড়পত্র দেওয়া শুরু হবে।'

কিন্তু বরফ গলল কীভাবে? এর পিছনে বিদেশসচিব বিক্রম মিস্রির হাত দেখছে কূটনৈতিক মহল। কৈলাস মান সরোবর যাত্রার পাশাপাশি ডোকালামে পর্যটনে ছাড়পত্র দিতে চিনকে তিনিই রাজি করিয়েছেন, মনে করছেন কূটনীতিবিদরা।

শুধু প্রাকৃতিক সৌন্দর্যের টানে নয়, প্রথম বিশ্বযুদ্ধের সময় ব্রিটিশ শাসনের সামরিক ক্ষমতা কেমন ছিল, তা পরখ করতে অনেকেই ছুটে আসেন দার্জিলিংয়ের তাকদায়। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সঙ্গেও নাম জড়িয়ে রয়েছে তাকদার। ফলে এই অঞ্চল এখন অন্যতম পর্যটনকেন্দ্র। ঠিক সেভাবেই আগামীর সম্ভাবনাময় পর্যটনস্থল হয়ে উঠতে পারে ডোকালাম, এমনটাই আশা পর্যটন মহলের।

১৯৬৭ সালে সীমান্তের অধিকার নিয়ে ভারত-চিন মুখোমুখি হয়েছিল নাথু লা এবং চো লা'য়। সংঘাতে জড়িয়েছিল ভারতীয় সেনা ও চিনের পিপলস লিবারেশন আর্মি। ওই দুটি জায়গাই এখন পর্যটনকেন্দ্র। এবার পর্যটকদের জন্য খুলে দেওয়া হচ্ছে ভারত-ভুটান-চিন, ত্রি-সংযোগস্থলে অবস্থিত ডোকালাম। সীমান্তের এই এলাকাকে পর্যটন মানচিত্রে অন্তর্ভুক্ত করে নাম দেওয়া হয়েছে 'ভারত রণভূমি দর্শন'।

বিশিষ্ট পর্যটন ব্যবসায়ী রাজ বসু মনে করছেন, 'সীমান্তগুলিকে যত বেশি গুরুত্ব দেওয়া হবে, ততই দুই দেশের মধ্যে সুসম্পর্ক গড়ে উঠবে। যে কারণেই বর্ডার ট্যুরিজমে জোর দেওয়ার কথা আমরা দীর্ঘদিন ধরে বলে আসছি।'

বিতর্ক, বিবাদ অবশ্য পিছনে ফিরে দেখতে চাইছে না সিকিম। বিদেশমন্ত্রক থেকে সবুজ সংকেত পেতেই ডোকালাম নিয়ে পরিকল্পনা শুরু করে দিয়েছে প্রেম সিং তামাংয়ের প্রশাসন। 'এবার পুজোয় ডেস্টিনেশন হোক ডোকালাম', সিকিম পর্যটনে নতুন ক্যাচলাইন তৈরি করে ফেলা হয়েছে।

সিকিম প্রশাসন সূত্রে খবর, সমুদ্রপৃষ্ঠ থেকে ১৩,৭৮০ ফুট উচ্চতায় মালভূমি ডোকালামের জন্য নতুন রাস্তা তৈরি, গাড়ি রাখার জায়গা তৈরির কাজে হাত দেওয়া হচ্ছে। আগামী দেড় মাসের মধ্যে সমস্ত কাজ শেষ করার লক্ষ্যমাত্রা রাখা হয়েছে। গ্যাংটক থেকে ৫৮ কিলোমিটার দূরের নাথু লা'তে যখন ছুটছেন পর্যটকরা, তখন ৬৮



*এই জায়গাতেই আগামীতে পা পড়বে পর্যটকদের।*

*এরপর বারোর পাতায়*

## শিলিগুড়িতে স্বাস্থ্যবিধি নিয়ে ছেলেখেলা

# মাংসে ফাঙ্গাস, মেয়াদ উত্তীর্ণ জুস

**রাহুল মজুমদার**

**শিলিগুড়ি, ২৫ জুলাই :** শুক্রবার সেবক রোডের একটি শপিং মলের ফুড কোর্টে বসে প্রেমিকার সঙ্গে গল্প জুড়েছেন সুভাষপল্লির এক তরুণ। কিছুক্ষণ আগেই একটি দোকান থেকে চিকেন চাউমিন, জুস সহ আরও বেশ কয়েকটি খাবার অর্ডার দিয়েছেন। এখন অপেক্ষা করছেন, কখন টোকেন নম্বর ধরে ডাক আসে। ঘড়ির কাঁটায় তখন দুপুর বারোটা। হঠাৎ দলবল নিয়ে ফুড কোর্টে ঢুকলেন খাদ্য সুরক্ষা দলের আধিকারিকরা।

কী ব্যাপার, প্রথমটায় ঠাওর করে উঠতে পারেননি ওই যুগল। কড়াইতে সেসময় তেল গরম হচ্ছে। পাশে রাখা আগে থেকে রান্না করা মুরগির মাংস। কবেকার রান্না, তা অবশ্য রহস্য। চাউমিনে ব্যবহার করা হবে। সামনে গিয়ে মাংসের দিকে ঝুঁকতেই চক্ষু ছানাবড়া আধিকারিকদের। ওপরে ফাঙ্গাস জন্মেছে। বাইরে থেকে কথোপকথন কানে এল চাউমিনের জন্য অপেক্ষারত তরুণ-তরুণীর। দোকানটির ভেতরে উঁকি দিতেই মাথায় হাত। খানিকক্ষণ আগে তো তাঁদের সামনে দিয়ে এক ডেলিভারি বয় খাবার নিয়ে গেলেন। তবে কি এই ফাঙ্গাস জন্মানো মাংস দিয়ে তৈরি খাবার দেওয়া হল তাঁকে? ভাবতেই গা গুলিয়ে উঠছে। দ্রুত পায়ে বেরিয়ে গেলেন তাঁরা।

শুধু এটুকুই নয়, কেঁচো খুঁড়তে গিয়ে বেরিয়ে এসেছে কেউটে। খাবারে যে টমেটো সস ব্যবহার করা হচ্ছিল, সেটা মেয়াদ উত্তীর্ণ। অভিযোগ, জুসের নামে গ্লাসে ঢেলে যে সমস্ত ঠান্ডা পানীয় দেওয়া হচ্ছিল, মেয়াদ পার করেছে সেগুলোও। সবকিছু দেখে চটলেন অভিযানকারী দলের সদস্যরা। নিয়মভঙ্গকারী প্রতিটা দোকানের মালিককে নোটিশ দেওয়া হয়েছে এদিন। কারণ দর্শানোর নির্দেশ দেওয়া হয়েছে সাতদিনের মধ্যে। এপ্রসঙ্গে শিলিগুড়ি পুরনিগমের স্যানিটারি ইনস্পেকটর রাজ ঘোষের বক্তব্য, 'দোকানের মালিকদের নোটিশ করা হয়েছে। অবিলম্বে সমস্ত কাগজপত্র নিয়ে খাদ্য সুরক্ষা দপ্তরে হাজির হতে বলা হয়েছে।'



*ফুড কোর্টের ওই দোকানের সামনে অভিযানকারীরা।*

> দোকানের মালিকদের নোটিশ করা হয়েছে। অবিলম্বে সমস্ত কাগজপত্র নিয়ে খাদ্য সুরক্ষা দপ্তরে হাজির হতে বলা হয়েছে।
>
> **-রাজ ঘোষ**
> *স্যানিটারি ইনস্পেকটর, শিলিগুড়ি পুরনিগম*

শিলিগুড়ির সেবক রোডের একটি শপিং মলের ফুড কোর্টে গিয়েছিল খাদ্য সুরক্ষা দপ্তরের বিশেষ দল। তাতে ছিলেন শিলিগুড়ি পুরনিগম, স্বাস্থ্য দপ্তর, দমকল, পুলিশ এবং ক্রেতা সুরক্ষা দপ্তরের আধিকারিকরা। প্রথমেই গিয়ে তাঁরা দেখেন, মলটিতে রাখা অগ্নিনির্বাপক যন্ত্র পুরোপুরি অকেজো। ওই যন্ত্র দিয়ে যিনি আগুন নেভানোর চেষ্টা করবেন, বিপদে পড়বেন তিনি নিজেই। দমকল আধিকারিকের নজরে বিষয়টি আসে। তারপরই মল কর্তৃপক্ষকে নোটিশ করা হয়। এরপর তাঁরা চলে যান ফুড কোর্টে। সেখানে খাবারের একাধিক নামী সংস্থার আউটলেট রয়েছে। রয়েছে স্থানীয় কিছু ব্যবসায়ীর পরিচালিত কাউন্টারও। এরমধ্যে অধিকাংশ দোকানে স্বচ্ছতা বজায় রেখে খাবার তৈরি ও পরিবেশন করা হয় মানুষকে। কিন্তু একাংশ ফুড স্টলে স্বাস্থ্যবিধি একেবারেই মানা হয় না।

এদিন দেখা গিয়েছে, প্যাকেটজাত চিকেন সসেজের মেয়াদ পেরিয়ে গায়ে ফাঙ্গাস জন্মেছে। আধিকারিকরা পৌঁছানোর ঠিক আগে ওই প্যাকেট থেকে সসেজ বের করে খাবার তৈরি করে ফুড ডেলিভারি সংস্থার কর্মীকে দেওয়া হয়েছে। পাশের একটি ফুড স্টলের ফ্রিজারে রাখা ছিল বাসি খাবার। ন্যাপকিনে মুড়ে ফ্রিজে রাখা অর্ধেক সেদ্ধ ডিম। সেই ফুড স্টলেই মিলেছে মেয়াদ উত্তীর্ণ টমেটো সস। প্রশ্ন উঠছে, এসব খেয়ে বড় বিপদ ঘটে গেলে দায় কে নেবে? শুধু নোটিশ দিয়ে দায় সারা নয়, কড়া পদক্ষেপের দাবি তুলছেন শহরবাসী।



আর মাত্র ক'টা দিন।। *কুমোরটুলিতে রোদে শুকোচ্ছে বিশ্বকর্মা। ছবি : অপর্ণা গুহ রায়।*

## পথবাতি না থাকায় বিপদের আশঙ্কা

পারডুবি, ২৫ জুলাই : মাথাভাঙ্গা-২ ব্লকের পারডুবি গ্রাম পঞ্চায়েতের বেশকিছু এলাকায় পথবাতি নেই। ফলে সন্ধ্যার পর থেকে বরাইবাড়ি বাজার সহ মাথাভাঙ্গা-ফালাকাটা রাজ্য সড়কের কিছু অংশ অন্ধকারে ডুবে যায়। অন্ধকার রাস্তা দিয়ে টিউশন পড়তে যাওয়ার সময় সমস্যায় পড়ে এলাকার পড়ুয়ারা। তাই এলাকায় পথবাতি লাগানোর দাবি জানিয়েছেন স্থানীয়রা। ব্লকের বিডিও অর্ণব মুখোপাধ্যায়ের কথায়, 'ওই এলাকায় পথবাতি না থাকার বিষয়টি জানা নেই। বিষয়টি খতিয়ে দেখে সমস্যার সমাধানের চেষ্টা করব।'

কয়েক বছর আগে বরাইবাড়ি বাজার সহ বেশকিছু এলাকায় সৌরবিদ্যুৎচালিত পথবাতি লাগানো হয়েছিল। কিন্তু অধিকাংশ পথবাতি চুরি হয়ে যাওয়ায় সম্পূর্ণ এলাকা অন্ধকারে ডুবে গিয়েছে। এলাকাবাসীর অভিযোগ, পর্যাপ্ত পথবাতি না থাকায় রাস্তা দিয়ে চলাচল করতে সমস্যা হয়। এছাড়া এলাকায় অসামাজিক কাজকর্মের উপদ্রব বেড়েছে। স্থানীয় এক পড়ুয়া পূজা বর্মনের কথায়, 'পথবাতি না থাকায় রাতে বা সন্ধ্যায় টিউশন থেকে ফেরার পথে আতঙ্কে থাকি। মনের মধ্যে একপ্রকার ভয় নিয়ে বাড়ি ফিরি। পথবাতি থাকলে আমাদের সুবিধা হবে।' একই কথা জানায় আরেক পড়ুয়া অনুপ বর্মন। স্থানীয় বাসিন্দা বিশ্বজিৎ বর্মন বলেন, 'রাতে বাজার চত্বর অন্ধকার হয়ে যায়। ওই রাস্তা দিয়ে হাঁটাচলা করতে অসুবিধা হয়।'

## তৃণমূলের বৈঠক

ঘোকসাডাঙ্গা, ২৫ জুলাই : বাংলা ভাষা বললেই ভিনরাজ্যে অত্যাচার, বাঙালিদের এনআরসি-র নোটিশ পাঠানো ইত্যাদির প্রতিবাদে তৃণমূল সুপ্রিমো তথা রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় একুশের মঞ্চ থেকে আন্দোলনে নামার কথা ঘোষণা করেছিলেন। সেই বিষয়েই শুক্রবার ঘোকসাডাঙ্গায় বৈঠক করল তৃণমূল কংগ্রেস। বৈঠকে উপস্থিত ছিলেন জেলা সভাপতি অভিজিৎ দে ভৌমিক, তৃণমূল নেতা গিরিন বর্মন, প্রাক্তন মন্ত্রী বিনয়কৃষ্ণ বর্মন, ব্লক সভাপতি খোকন দে, যুব জেলা সভাপতি স্বপন বর্মন সহ তৃণমূল নেতৃত্ব।

বৈঠকে ভাষা আন্দোলন কর্মসূচির বিষয়ে আলোচনা হয়েছে। এনিয়ে তৃণমূল কংগ্রেসের কোচবিহার জেলা কমিটির সাধারণ সম্পাদক তথা মাথাভাঙ্গা-২ পঞ্চায়েত সমিতির সভাপতি সাবলু বর্মনের কথায়, 'আগামী ২৭ জুলাই থেকে ব্লকজুড়ে আন্দোলন শুরু হয়ে যাবে। অসম সহ বিভিন্ন রাজ্যে বাঙালিদের উপর অত্যাচার, এনআরসি-র নোটিশ পাঠিয়ে হয়রানি করা হচ্ছে। তারই প্রতিবাদে আমরা আন্দোলনে নামব।' এছাড়া আন্দোলনের প্রস্তুতি নিয়ে বৈঠক করার পাশাপাশি আগামী ৪ অগাস্ট কোচবিহারে বিধানসভার বিরোধী দলনেতা সভা করতে এলে সংশ্লিষ্ট বিধানসভা এলাকা সহ বিভিন্ন জায়গায় পালটা সভা করে তার প্রতিবাদ করা হবে বলেও এদিন তৃণমূলের তরফে জানানো হয়।

## আগ্নেয়াস্ত্র উদ্ধার

**দিনহাটা, ২৫ জুলাই :** গোপন সূত্রে খবর পেয়ে বৃহস্পতিবার গভীর রাতে দিনহাটা-২ ব্লকের খোঁচাবাড়ি বাজারে অভিযান চালিয়ে আগ্নেয়াস্ত্র সহ এক ব্যক্তিকে গ্রেপ্তার করল পুলিশ। ধৃতের নাম কার্তিক বর্মন। তাঁর কাছ থেকে বাজেয়াপ্ত করা হয় একটি দেশি পিস্তল ও ৭.৬৬ এমএম তাজা গুলি।



*লোথামারি উচ্চপ্রাথমিক স্কুলের বারান্দার টিন ঝড়ে উড়ে গিয়েছে। -সংবাদচিত্র*

# উচ্চপ্রাথমিক স্কুল চলে এক শিক্ষককে

**শুভ্রজিৎ বিশ্বাস**

**মেখলিগঞ্জ, ২৫ জুলাই :** খাতায়-কলমে উচ্চপ্রাথমিক স্কুল। সেখানে শিক্ষকের সংখ্যাটা সর্বসাকুল্যে একজন। তিনিই আবার স্কুলের ভারপ্রাপ্ত শিক্ষক। সঙ্গে রয়েছেন একজন গ্রুপ-ডি কর্মী ও একজন কম্পিউটার প্রশিক্ষক। স্কুলের একটি ক্লাসরুমের টিনের চালের বেহাল দশা। বৃষ্টি হলেই জল চুইয়ে চুইয়ে পড়ে ক্লাসরুমে। সম্প্রতি ঝড়ে স্কুল বারান্দার সিংহভাগ চালই গিয়েছে উড়ে। নেই সীমানা প্রাচীরও। ভোটবাড়ি গ্রাম পঞ্চায়েত এলাকার মেখলিগঞ্জ-চ্যাংরাবান্ধা সড়কের পাশে অবস্থিত লোথামারি উচ্চপ্রাথমিক স্কুলের বর্তমান ছবিটা এরকমই।

স্কুলের ভারপ্রাপ্ত শিক্ষক গৌরব বিশ্বাস বলেন, 'সাধ্যমতো স্কুল চালানোর চেষ্টা করছি। সমস্ত অভাব-অভিযোগ সমষ্টি উন্নয়ন আধিকারিক দপ্তরে জানানো হয়েছে।' মেখলিগঞ্জ দক্ষিণ চক্রের অবর স্কুল পরিদর্শক (প্রাথমিক) বরুণ বিশ্বাস বলেন, 'স্কুলে শিক্ষকের অভাব সংক্রান্ত বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানিয়েছি। বারান্দার টিন মেরামত করা থেকে শুরু করে সীমানা প্রাচীর তৈরির বিষয়ে প্ল্যান এস্টিমেট ও ভেটিং করে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে পাঠানো হয়েছে। টাকা বরাদ্দ হলে সব সমস্যা মিটে যাবে।'

এই মুহূর্তে ওই স্কুলে চারটি ক্লাস মিলিয়ে ৫৪ জন পড়ুয়া রয়েছে। এলাকার ছেলেমেয়েদের বহু পথ পাড়ি দিয়ে মেখলিগঞ্জ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, মেখলিগঞ্জ ইন্দিরা উচ্চ বালিকা বিদ্যালয় কিংবা ভোটবাড়ি সীতানাথ উচ্চবিদ্যালয়ে যেতে হত। সেই সমস্যা সমাধানের লক্ষ্যে ২০০৯ সালে লোথামারি উচ্চপ্রাথমিক স্কুলটি স্থাপন করা হয়।

**দুর্দশার ছবি**

- লোথামারি উচ্চপ্রাথমিক স্কুলে ৫৪ জন পড়ুয়া, শিক্ষক মাত্র ১ জন
- ঝড়ে স্কুল বারান্দার সিংহভাগ টিনের চাল উড়ে গিয়েছে
- একটি ঘরে আবার বৃষ্টি হলে জল প্রবেশ করে বলে অভিযোগ
- নেই সীমানা প্রাচীর, স্কুল চত্বরেই চলছে অসামাজিক কাজ

যদিও কয়েক বছর আগে ওই স্কুলের ছবিটা এরকম ছিল না। ২০২৩ সাল পর্যন্ত ৩ জন শিক্ষক ছিলেন। ২০২৪ সালের সেপ্টেম্বর থেকে শিক্ষক সংখ্যা একে এসে ঠেকে। মিড-ডে মিল থেকে শুরু করে বিদ্যালয়ের অন্যান্য দায়িত্ব সামলে একজন শিক্ষকের পক্ষে স্কুলের সব ক্লাস একসঙ্গে চালানো সম্ভব হয় না। শিক্ষকের অভাবের কারণেই আগের মতো পড়ুয়ারাও স্কুলে আসার উৎসাহ পায় না। বাংলাদেশ সীমান্ত থেকে মাত্র ৮০০ মিটার দূরে অবস্থিত ওই স্কুলে এখনও পর্যন্ত সীমানা প্রাচীর তৈরি হয়নি। ফলে অসামাজিক কার্যকলাপের ঘাঁটি হয়ে উঠছে স্কুল চত্বর। মাঝেমধ্যেই স্কুল চত্বরে মদের খালি বোতল পড়ে থাকতে দেখা যায় বলে অভিযোগ। স্কুল কর্তৃপক্ষ জানিয়েছে, শৌচালয়ের পাইপও বহিরাগতরা ভেঙে দিয়েছে।

শিক্ষক সংখ্যা বাড়িয়ে স্কুলের হাল ফেরানোর দাবি তুলেছেন স্থানীয় বাসিন্দারা। স্কুলের এক পড়ুয়ার অভিভাবক প্রদীপ রায় বলেন, 'অন্য স্কুলগুলো আমাদের এলাকা থেকে অনেকটাই দূরে। এলাকার ছেলেমেয়েদের কষ্ট কমানোর জন্যই স্কুলটি তৈরি করা হয়েছিল। কিন্তু এখন শিক্ষকের অভাবে স্কুলটি ধুঁকছে। একজন শিক্ষকের পক্ষে চারটি ক্লাস পরিচালনা করা অসম্ভব। সীমানা প্রাচীর তৈরি করা দরকার ও ঝড়ে উড়ে যাওয়া বিদ্যালয়ের বারান্দার টিনও মেরামত করতে হবে।'

## পিচ ওঠা পথ সংস্কারের অপেক্ষায়

ফেশ্যাবাড়ি ও নিশিগঞ্জ, ২৫ জুলাই : সূর্য তখন মধ্যগগনে। দুপুরে গাছতলায় সাইকেল নিয়ে দাঁড়িয়ে রাস্তার অবস্থা দেখে আক্ষেপ করলেন ষাটোর্ধ্ব দীনেশ দেবসিংহ। বললেন, 'রাস্তা ভেঙেচুরে গিয়েছে। একটু যেতেই হোঁচট খেতে হচ্ছে।'

সাত-আট বছর আগে কোচবিহার-মাথাভাঙ্গা রাজ্য সড়কের নিশিগঞ্জ শিক্ষকপল্লি থেকে শালটিয়া সেতু পর্যন্ত রাস্তাটি পাকা করা হয়। স্টেট রুরাল ডেভেলপমেন্ট এজেন্সি (এসআরডিএ)-র তত্ত্বাবধানে কাজটি করা হয়েছিল। মাঝে একবার রাস্তার সংস্কার করা হয় বটে। কিন্তু বর্তমানে প্রায় তিন কিমি রাস্তাটির বেহাল দশা। একাধিক জায়গায় উঠে গিয়েছে পিচের চাদর। বড় বড় পাথর বেরিয়ে গর্তের সৃষ্টি হয়েছে।

একই অবস্থা কোচবিহার জেলা পরিষদের তরফে তৈরি খট্টিমারি থেকে ফেশ্যাবাড়ি পর্যন্ত প্রায় ৪ কিমি রাস্তাটিরও। বছর তিনেক আগে নতুন করে পিচের প্রলেপ দেওয়া হয় রাস্তাটিতে। ফেশ্যাবাড়ি, খট্টিমারি থেকে প্রচুর যাত্রীবাহী ছোট গাড়ি, টোটো ও অটো নিশিগঞ্জ বাজারে যাতায়াত করে। এলাকার অধিকাংশ মানুষই কৃষিজীবী। কিন্তু বেহাল রাস্তা দিয়ে নিশিগঞ্জ বাজারে কৃষিজ পণ্য নিয়ে যেতে বেগ পেতে হচ্ছে এলাকার চাষিদের। স্থানীয় চাঁপাগুড়ি রেলস্টেশনে যাওয়ার রাস্তাও এটাই। তারপরও রাস্তা মেরামতের বিষয়ে স্থানীয় প্রশাসন কিংবা জনপ্রতিনিধির কোনও ভ্রূক্ষেপ নেই।

**দুই রাস্তায় দুর্ভোগ**

পাশের কোচবিহার-১ ব্লকের মোয়ামারি, বড়ভিটা, কোচবিহার-২ ব্লকের কালপানি সহ বিস্তীর্ণ এলাকার বাসিন্দাদের নিশিগঞ্জ যাওয়ার ক্ষেত্রে ভরসা এই রাস্তা দুটি। ফেশ্যাবাড়ির আবদুল আজিজের কথায়, 'দীর্ঘদিন ধরে সংস্কারের অভাবে রাস্তা দিয়ে চলাচলে নাভিশ্বাস উঠছে। একাধিকবার দুর্ঘটনা ঘটছে। স্থানীয় প্রশাসনকে জানিয়েও লাভ হয়নি।'

এলাকাবাসীর সমস্যার কথা স্বীকার করে নিয়েছেন প্রেমেরডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের প্রধান সেরিনা আখতার বানু। তাঁর কথায়, 'বৃহত্তর এলাকার মানুষের স্বার্থে রাস্তা দুটি সারাই করতে হবে।' রাস্তা দুটির পরিস্থিতি খতিয়ে দেখে পদক্ষেপ করার আশ্বাস দিলেন জেলা পরিষদের সদস্য হিমানী ঈশোর। একই আশ্বাস দিলেন এসআরডিএ'র কোচবিহার-২ ডিভিশনের নির্বাহী বাস্তুকার সুশান্ত বর্মনও।

# এসএফআই ও টিএমসিপির সংঘর্ষ

**জলপাইগুড়ি, ২৫ জুলাই :** কর্তৃপক্ষকে ডেপুটেশন দেওয়া নিয়ে এসএফআই-তৃণমূল ছাত্র পরিষদের মধ্যে সংঘর্ষে শুক্রবার উত্তপ্ত হয়ে উঠল প্রসন্নদেব মহিলা কলেজ চত্বর। গোলমাল কলেজের সীমানা ছাড়িয়ে আশপাশের গলিতেও ছড়িয়ে পড়ে। দু'পক্ষের সংঘর্ষে এসএফআইয়ের তিনজন ও টিএমসিপি-র একজন আহত হন। তাঁরা বর্তমানে জলপাইগুড়ি মেডিকেল কলেজ ও হাসপাতালে চিকিৎসাধীন। খবর পেয়ে ঘটনাস্থলে আসে কোতোয়ালি থানার বিশাল পুলিশবাহিনী। দুপুর থেকে রাত পর্যন্ত থানা মোড় সহ শহরের বিভিন্ন জায়গায় পুলিশের টহলদারি চলে।

ডেপুটেশন দিতে আসা এসএফআই সদস্যদের অভিযোগ, তৃণমূল ছাত্র পরিষদের নেত্রী ও বহিরাগতরা চড়াও হয় তাঁদের উপর। টিএমসিপি'র পালটা অভিযোগ, থানা মোড় দিয়ে যাওয়ার সময় তাঁদের এক সদস্যের উপর হামলা করে এসএফআই। এসএফআই এবং টিএমসিপি দু'পক্ষই একে অপরের বিরুদ্ধে কোতোয়ালি থানায় অভিযোগ জানিয়েছে।

ঘটনার সূত্রপাত শুক্রবার দুপুরে। এদিন পূর্বনির্ধারিত কর্মসূচি অনুযায়ী অধ্যক্ষের কাছে ডেপুটেশন দিতে গিয়েছিলেন এসএফআইয়ের পাঁচ সদস্য। অভিযোগ, কলেজের অধ্যক্ষ বাইরে থাকায় তাঁরা কলেজে অপেক্ষা করছিলেন। সেসময় টিএমসিপি'র বেশ কিছু ছাত্রী সহ বহিরাগতরা তাঁদের কটূক্তি সহ হেনস্তা করে। একসময় তাঁদের মারধরও করা হয়। কেন তাঁরা অধ্যক্ষের সঙ্গে দেখা করতে চান, কী বিষয়ে ডেপুটেশন দেবেন, সেই কৈফিয়ত চাওয়া হয়।

এসএফআইয়ের জেলা সম্পাদক অরিন্দম ঘোষ বলেন, 'একজন অধ্যাপিকাকে জাতি তুলে অপমান করার প্রতিবাদ ও কলেজ কর্তৃপক্ষ এতে কী ভূমিকা নিয়েছে সেটা জানতে এবং কলেজে বহিরাগতদের দিদিগিরি বন্ধ করার দাবি জানাতে এদিন ডেপুটেশন দিতে গিয়েছিলেন আমাদের সদস্যরা। কলেজের ভেতরেই বহিরাগত সহ কলেজের কিছু ছাত্রী মারধর করে তাঁদের। আহতরা জলপাইগুড়ি মেডিকেল কলেজ ও হাসপাতালে চিকিৎসাধীন।' এরপর এসএফআইয়ের দুই সদস্য আহত মহিলা কর্মীদের কলেজে ফেলে যাওয়া মোবাইল নিতে আসেন। সেসময় বাইরে দাঁড়িয়ে থাকা টিএমসিপি কর্মীরা তাঁদের উপর হামলা করে বলে অভিযোগ।

**জলপাইগুড়ি**

## গাঁজা উদ্ধার, ধৃত গাড়িচালক

সিতাই, ২৫ জুলাই : ২১৮ কেজি গাঁজা সহ এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হল। শুক্রবার সকাল ৭টা নাগাদ সিতাই থানার অধীনস্থ নেতাজি বাজার এলাকায় পুলিশ অভিযান চালায়। চামটা এলাকা থেকে আসা একটি গাড়ি আটক করে তল্লাশি চালিয়ে পেছনের সিটের নীচে লুকিয়ে রাখা কয়েকটি প্যাকেট থেকে মোট ২১৮ কেজি গাঁজা উদ্ধার করে। উদ্ধার করা গাঁজার আনুমানিক মূল্য এক লক্ষ টাকারও বেশি। গাড়িচালক আনন্দ দেবনাথকে গ্রেপ্তার করা হয়। পুলিশ ওই ব্যক্তির বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা দায়ের করে তাঁকে আদালতে পাঠায়। পুলিশ সূত্রে খবর, আনন্দ নিজস্ব গাড়ি করেই সিতাইয়ের চামটা এলাকা থেকে ওই গাঁজা নিয়ে কোচবিহারের দিকে যাচ্ছিলেন। ঘটনায় আরও কেউ জড়িত কি না তা খতিয়ে দেখা হচ্ছে বলে সিতাই থানার আইসি দীপাঞ্জন দাস জানান।

## বৈঠক

**আলিপুরদুয়ার, ২৫ জুলাই :** আলিপুরদুয়ারের আদিবাসী কৃষ্টি-সংস্কৃতি তুলে ধরতে বিশ্ব আদিবাসী দিবস পালন করা হবে। ৯ অগাস্ট আলিপুরদুয়ার রবীন্দ্র ভবনে দিনটি পালিত হবে। তার আগে শুক্রবার ডুয়ার্সকন্যায় বৈঠক করল জেলা প্রশাসন। এদিন বৈঠকে জেলার সব আদিবাসী সমাজ যাতে অংশগ্রহণ করতে পারে, তার উদ্যোগ নেওয়া হয়। এছাড়াও আদিবাসীদের বিভিন্ন দিক ছবি, ভিডিও, আর্টের মাধ্যমে তুলে ধরার উদ্যোগও নেওয়া হয়েছে।

## বিদ্যুৎ চুরি

বক্সিরহাট, ২৫ জুলাই : বিদ্যুৎ চুরির অভিযোগে শুক্রবার তিন গ্রাহকের বিরুদ্ধে বক্সিরহাট থানায় লিখিত অভিযোগ দায়ের করল বিদ্যুৎ বণ্টন সংস্থা। বহু বছর ধরে রামপুর-২ গ্রাম পঞ্চায়েতের বাসিন্দা হরিদাসী সরকার, স্বপন সরকার ও আনন্দ বর্মনের বাড়িতে বিদ্যুৎ পরিষেবা চালু আছে। আয়ের উৎস হিসেবে তিনজনেরই বাড়িতে পোলট্রি ফার্ম রয়েছে। বিদ্যুৎ দপ্তর সূত্রের খবর, শুরু থেকে ওই বাড়িগুলিতে প্রায় তিন হাজার টাকার ওপরে বিদ্যুৎ বিল আসত। তবে অদ্ভুতভাবে গত পাঁচ-ছয় মাস ধরে ওই তিনটি বাড়ির মিটারের ইউনিট শূন্য। বিষয়টি সামনে আসতেই মিটার রিডিংয়ের কর্মীকে দপ্তরে ডেকে জিজ্ঞাসাবাদ চলে। সন্দেহ বাড়ায় বৃহস্পতিবার খোদ বিদ্যুৎ বণ্টন সংস্থার বক্সিরহাট গ্রাহক সেবাকেন্দ্রের ম্যানেজার গৌতম বর্মন অভিযানে নামেন। এলাকায় গিয়ে দেখা যায় বাড়ির মিটারের সংযোগের কেবল তারের মাঝখানে হুকিং করে দিব্যি বিদ্যুৎ চুরি চলছিল। এবিষয়ে বিদ্যুৎ বণ্টন সংস্থার জেলা ডিভিশনাল ম্যানেজার মহম্মদ আনসার আলি বলেন, 'বিদ্যুৎ চুরির অভিযোগে তিনজনের বিরুদ্ধে শুক্রবার থানায় অভিযোগ দায়ের করা হয়েছে।'



*কোচবিহার-শিলিগুড়ি ১৭ নম্বর জাতীয় সড়ক অবরোধ সিপিএমের।*

# সিপিএমের জাতীয় সড়ক অবরোধ

**পুণ্ডিবাড়ি, ২৫ জুলাই :** জেডি হাসপাতালকে হেরিটেজের আওতায় এনে কোচবিহার এমজেএন মেডিকেল কলেজের অংশ হিসেবে ব্যবহার করার দাবিতে শুক্রবার মহিষবাথান এলাকায় কোচবিহার-শিলিগুড়ি ১৭ নম্বর জাতীয় সড়ক অবরোধ করল সিপিএমের খাগড়াবাড়ি এরিয়া কমিটি। সঙ্গে দশ দফা দাবিতে জেডি হাসপাতালের সুপারকে একটি স্মারকলিপিও জমা দেয় তারা।

দলের জেলা সম্পাদক অনন্ত রায় বলেন, 'কোচবিহারের মহারাজা জগদীপেন্দ্রনারায়ণ ভূপবাহাদুর সাধারণ মানুষের সুবিধার্থে ৭৮ বিঘা জমির ওপর এই হাসপাতাল নির্মাণ করেছিলেন। এখন হাসপাতালের কোনও পরিকাঠামো নেই। পর্যাপ্ত নার্স নেই। আমাদের দাবি যদি মানা না হয়, তাহলে আমরা বৃহত্তর আন্দোলনে নামতে বাধ্য হব।'

সিপিএমের দশ দফা দাবির মধ্যে জেডি হাসপাতালকে হেরিটেজ ঘোষণা করে এমজেএন মেডিকেল কলেজের অংশ হিসেবে ব্যবহারের পাশাপাশি হাসপাতালে জবরদখল উচ্ছেদ, হাসপাতালের সামনে কোচবিহারের রাজকন্যা গায়ত্রী দেবীর মূর্তি স্থাপন ইত্যাদি রয়েছে।

এদিন প্রায় ১৫ মিনিট জাতীয় সড়ক অবরোধের জেরে ব্যাপক যানজটের সৃষ্টি হয়। অবরোধে আটকে পড়েছিলেন ফালাকাটার প্রদীপ দাস। তিনি বলেন, 'নিউ কোচবিহার স্টেশন থেকে ট্রেন ধরার কথা। এখন অবরোধে আটকে পড়লাম। সময়মতো পৌঁছাতে না পারলে ট্রেন ধরতে পারব না।' পরে পুণ্ডিবাড়ি থানার পুলিশের হস্তক্ষেপে অবরোধ প্রত্যাহার করে নেন সিপিএমের কর্মীরা।

**প্রতিবাদ**

- জেডি হাসপাতালকে হেরিটেজের আওতায় আনার দাবি তোলা হয়
- প্রতিবাদে পথ অবরোধ করে স্মারকলিপিও দিয়েছে সিপিএম
- মহিষবাথান এলাকায় কোচবিহার-শিলিগুড়ি ১৭ নম্বর জাতীয় সড়ক অবরোধ করল সিপিএমের খাগড়াবাড়ি এরিয়া কমিটি
- অবরোধের জেরে ব্যাপক যানজটের সৃষ্টি

# জন্মদিনের আনন্দে মাতল অঙ্গনওয়াড়ি

**অমিতকুমার রায়**

**হলদিবাড়ি, ২৫ জুলাই :** ঠিক যেন কোনও অনুষ্ঠান বাড়ি। 'হ্যাপি বার্থ-ডে টু ইউ' গানের সুর আর কচিকাঁচাদের সমবেত কোলাহলে গমগম করছে গোটা চত্বর। শুক্রবার, এক বছরের ময়ূখ রায় এবং চার বছরের আশা সরকার ও দেবাংশী সরকার নামে তিন শিশুর জন্মদিন পালন উপলক্ষ্যে বেলুন, রঙিন কাগজ, ফুল দিয়ে এভাবেই সাজানো হয়েছিল হলদিবাড়ি ব্লকের উত্তর বড় হলদিবাড়ি গ্রাম পঞ্চায়েতের কানাপাড়া বোলেরোটারি অঙ্গনওয়াড়ি কেন্দ্রের গোটা ভবন।

কেন্দ্রে পৌঁছে দেখা গেল, শুভদিনে নতুন পোশাক পরিয়ে কেক কাটানো হচ্ছে ছোট্ট ময়ূখ, আশা এবং দেবাংশীকে দিয়ে। স্থানীয় মহিলাদের রাঁধা পায়েস খায় শিশুরা। উদ্যোগে শামিল হন স্থানীয় অন্তঃসত্ত্বা মহিলা, সদ্যোজাতের মা এবং কেন্দ্রের অন্য শিশুরা। অতিথি হিসেবে নিমন্ত্রিত ছিলেন হলদিবাড়ির শিশু উন্নয়ন আধিকারিক প্রীতম সাঁতরা, সুপারভাইজার জ্যোৎস্না রায়, গ্রাম পঞ্চায়েত সদস্য কৃষ্ণ রায় সহ অন্যরা। কেন্দ্রের স্বাভাবিক খাবারের পাশাপাশি এদিন সব শিশুর জন্য আয়োজন করা হয় মুরগির মাংস এবং আরও নানান পদের।



*নিজের হাতে খাবার পরিবেশন করছেন সিডিপিও। শুক্রবার।*

অঙ্গনওয়াড়ি কর্মী মাম্পি কাহার বলেন, 'গ্রাম পঞ্চায়েত এলাকার সব কর্মী মিলে ওই তিন শিশুর জন্মদিন পালনের আয়োজন করা হয়েছে।' সুপারভাইজার জ্যোৎস্না বলেন, 'পায়েস সহ পাঁচরকম মিষ্টি, পাঁচরকম ফল এবং বিভিন্ন উপহার শিশুদের হাতে তুলে দেওয়া হয়েছে। সেন্টারে ঘুরে ঘুরে সিডিপিও নিজের হাতে শিশুদের পাতে মাংস পরিবেশন করেন।'

**উদযাপন**

- ময়ূখ, আশা ও দেবাংশী নামে তিন শিশুর জন্মদিন পালন হয়
- সরকারি উদ্যোগে সন্তানের জন্মদিন উদযাপনে খুশি শিশুর অভিভাবকরা
- একই দিনে একই ছবি বক্সিগঞ্জ গ্রাম পঞ্চায়েতের বর্মনপাড়া, দক্ষিণ বড় হলদিবাড়ির গোবর্ধনপাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রেও

ঘটা করে সরকারি উদ্যোগে অঙ্গনওয়াড়ি কেন্দ্রে সন্তানের জন্মদিন উদযাপনে বেশ খুশি শিশুর অভিভাবকরাও। ওই শিশুদের মা ঋতু সরকার, অনীতা রায়-রা জানান, কোনওদিন ভাবতেই পারেননি সন্তানের এত সুন্দর করে জন্মদিন পালন করা হবে। পঞ্চায়েত সদস্য কৃষ্ণের বক্তব্য, 'অঙ্গনওয়াড়ি কেন্দ্রটি সারাবছর কিছু না কিছু আয়োজন করে থাকে। সরকারি সব নিয়ম মেনে আজকের এই অভিনব উদ্যোগ।'

তবে শুধু হলদিবাড়ি গ্রাম পঞ্চায়েতের কানাপাড়া বোলেরোটারি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে নয়। একই দিনে একই ধরনের ছবি ধরা পড়ল বক্সিগঞ্জ গ্রাম পঞ্চায়েতের বর্মনপাড়া ১৩৭ নম্বর অঙ্গনওয়াড়ি কেন্দ্রে। শুক্রবার এখানেও তিন শিশুর জন্মদিন পালন করা হয়েছে। দক্ষিণ বড় হলদিবাড়ির গোবর্ধনপাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রেও সাজোসাজো রব।

■ ৪৬ বর্ষ ■ ৬৯ সংখ্যা, শনিবার, ৯ শ্রাবণ ১৪৩২

# যত কাণ্ড এসআইআর-এ

দেশজুড়ে লঙ্কাকাণ্ড বাধিয়ে দিয়েছে নির্বাচন কমিশনের একটি সিদ্ধান্ত। সিদ্ধান্তটি আপাতত বিহারকেন্দ্রিক। তবে এর জের পশ্চিমবঙ্গ সহ সারাদেশে পড়বে- এমন ইঙ্গিত আছে। কমিশনের সেই পদক্ষেপটি হল, বিশেষ নিবিড় সংশোধন। ইংরেজিতে সংক্ষেপে এসআইআর। ভোটার তালিকা থেকে ভূতুড়ে ভোটারদের ঘাড়ধাক্কা দিয়ে বের করে দেওয়া এই কর্মসূচির উদ্দেশ্য। বিহারে ঘাড়ধাক্কা দেওয়ার সংখ্যাটা ইতিমধ্যে ৫৬ লক্ষ ছাড়িয়ে গিয়েছে।

১ অগাস্ট সংশোধিত ভোটার তালিকা প্রকাশের আগে কমিশনের এই রাজসূয় যজ্ঞে হইচই পড়ে গিয়েছে। এর পিছনে প্রকৃত ভোটারদের বেছে বেছে বাদ দেওয়ার চক্রান্ত আছে বলে বিরোধীদের অভিযোগ। বিরোধীদের মতে, আসল লক্ষ্য, গরিব, প্রান্তিক, খেটে খাওয়া মানুষের ভোটাধিকার কেড়ে নেওয়া। কর্মসূচিটি বিহারে চললেও পশ্চিমবঙ্গে প্রতিবাদে সোচ্চার তৃণমূল।

খোদ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় হুঁশিয়ারি দিয়েছেন, একজন প্রকৃত ভোটারের নামও বাদ গেলে বিক্ষোভে গর্জে উঠবে বাংলা। লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধির অভিযোগ, নির্বাচন কমিশন এভাবে ভোট চুরি করছে। এতে পার পাওয়া যাবে ভাবলে কমিশন ভুল ভাবছে। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের অবশ্য দাবি, ভোটার তালিকাকে নির্ভুল রাখতেই এই প্রয়াস। মৃত, অন্যত্র পাকাপাকিভাবে চলে যাওয়া ভোটারদের তালিকায় রেখে দেওয়ার অনুমতি কমিশন দিতে পারে না।

কমিশনের মতে বিরোধীদের অভিযোগ ভিত্তিহীন। বিহারের বিরোধী দলনেতা তেজস্বী যাদব এতই ক্ষিপ্ত যে ভোটার তালিকার এই বিশেষ নিবিড় সমীক্ষার প্রতিবাদে আসন্ন বিধানসভা ভোট বয়কটের ভাবনাচিন্তা শুরু করেছেন। নির্বাচন কমিশনের সঙ্গে বিরোধীদের এই চাপানউতোর নজিরবিহীন। অতীতে বহুবার কমিশনের একাধিক সিদ্ধান্তে বিরোধী শিবির অসন্তোষ প্রকাশ করেছে। কিন্তু এভাবে সরাসরি সংঘাতে জড়িয়ে পড়া অতীতে ঘটেনি।

এই পরিস্থিতির দায় নির্বাচন কমিশনের পাশাপাশি কেন্দ্রীয় সরকারের। অতীতে এমন বিশেষ নিবিড় সমীক্ষা হলেও ঢালাও ভোটারদের নাম বাদ পড়েনি। বিহারে তেমন হওয়ায় কমিশনের ওপর আস্থা রাখতে পারছে না বিরোধীরা। এই অভিযানে তালিকায় নাম রাখতে আধার, প্যান, র‍্যাশন এমনকি সচিত্র পরিচয়পত্রকেও ধর্তব্যে রাখছে না। সচিত্র ভোটার পরিচয়পত্র নির্বাচন কমিশন দিলেও সেই কার্ডকে মান্যতা দিচ্ছে না।

বিহারে তড়িঘড়ি এই কর্মসূচিটিও সন্দেহের উদ্রেক করছে। যে প্রক্রিয়াটি সময়সাপেক্ষ, বিহারে সেটাই ঝড়-জল, বৃষ্টি উপেক্ষা করে তড়িঘড়ি ফর্ম পূরণ করতে বাধ্য করছে কমিশন। তালিকা থেকে নাম বাদ দেওয়ার পরিসংখ্যানও বিস্ময়কর। তৃণমূলের অভিযোগ, বিহারে খুঁজে পাওয়া যায়নি, এমন ভোটারের সংখ্যা ২২ জুলাই ছিল ১১,৪৮৪। ২৪ ঘণ্টা পর সেই সংখ্যা বেড়ে হয়েছে ১ লক্ষ।

বিরোধীদের অভিযোগ, ভোটাধিকার কেড়ে নেওয়ার লক্ষ্যে এই বিশেষ নিবিড় সংশোধনী। কমিশনকে বিবৃতি দিয়ে সেই অভিযোগকে খণ্ডন করতে হচ্ছে ঠিকই, তাতে বাস্তব পরিস্থিতি পালটাচ্ছে না। উলটে মানুষের মনে অনিশ্চয়তা তৈরি হচ্ছে। এর আগে অসমে এনআরসি'র সময় একইরকম ছবিটা দেখা গিয়েছিল। নাগরিকত্ব সংশোধনী আইন নিয়ে দেশজুড়ে তুমুল বিতর্কের সময়ও একইরকম উৎকণ্ঠা তৈরি হয়েছিল।

নোটবন্দির সময় মানুষ বিভ্রান্তের মতো ব্যাংক, ডাকঘরের বাইরে লাইনে দাঁড়িয়ে ছিলেন। সেদিন সরকার কিছু শুকনো আশ্বাস দিয়ে ক্ষান্ত ছিল। এখনও তাই। চলতি বিতর্কের মধ্যে পশ্চিমবঙ্গের সীমান্তবর্তী অন্তত সাতটি জেলায় গত এক সপ্তাহে ভোটার তালিকায় নাম তুলতে ৭৫ হাজার আবেদন জমা পড়েছে। মানুষকে এভাবে ব্যতিব্যস্ত এবং চরম মানসিক উৎকণ্ঠার মুখে ফেলে দেওয়ার দায় কমিশনের পাশাপাশি কেন্দ্রেরও।

কেননা, বাংলাদেশি, রোহিঙ্গা, অনুপ্রবেশকারীদের খুঁজে বের করার দায়িত্ব কেন্দ্রের। অথচ সেই জুজু দেখিয়ে সাধারণ মানুষকে ভোগান্তির মুখে ফেলে দেওয়া হচ্ছে। ভোটার তালিকার বিশেষ সংশোধনের কর্মসূচি কমিশনের ঠিকই। কিন্তু অনুপ্রবেশ প্রশ্নে কেন্দ্রের শাসকদলের আস্ফালনের প্রতিফলন কমিশনের ওই কর্মসূচিতে পড়ায় সন্দেহ বাড়াচ্ছে।

## অমৃতধারা

মনকে একাগ্র করতে হলে মনের ভেতরকার কোথায় কি দুর্বলতা ও হীনভাব আছে তাকে খুঁজে বার করতে হয়। আত্মবিশ্লেষণ না করলে মনের অসচ্ছলতা ধরতে পারা যায় না। সুচিন্তাই মনস্থির করার ও শান্তিলাভের প্রধান উপায়। সত্য ও অসত্য- এই দুইকে জানবার জন্য প্রকৃত বিচারবুদ্ধি থাকা চাই। মনকে সর্বদা বিচারশীল করতে হবে- যাতে আমরা সত্য ও অসত্যের পার্থক্য বুঝতে পারি। তাই বিচার ও ধ্যান দুইই একসঙ্গে দরকার। অবিদ্যার অর্থ হল অনিত্যে নিত্য বুদ্ধি, অশুচিতে শুচি-বুদ্ধি, অধর্মে ধর্ম-বুদ্ধি করা। অসত্যকে সত্য বলে ধরে থাকাই অবিদ্যার লক্ষণ। 'অবিদ্যা' মানে অজ্ঞান অর্থাৎ যে অবস্থায় মানুষ আপনার দিব্যস্বরূপকে জানে না তাকেই 'অবিদ্যা' বলে।

**-স্বামী অভেদানন্দ**

# আফগানিস্তানই কি ভবিতব্য বাংলাদেশের

বাংলাদেশ আমাদের কাছে এক শিক্ষা। ধর্মান্ধরা সব গ্রাস করলে শস্যশ্যামলা, আন্তরিকতার শান্ত দেশে আঁধার নামে।



**রূপায়ণ ভট্টাচার্য**

রুক্ষ আফগানিস্তান থেকে আজ তেমন কোমলগান্ধারের খবর আসে না আর। আর কোনও রহমত বাংলার মিনির জন্য মন কেমনের ধারাপাত নিয়ে ঘরে বসে থাকে না কান্দাহার-কাবুলে।

সংবাদ সংস্থা এপি'র খবরে পড়লাম, নাহিদা নামে আফগান কিশোরীর অসহায় কৈশোরের ক্ষতচিহ্ন। স্কুলে ছয় ঘণ্টা কাটিয়ে এক কবরখানায় ঘুরে বেড়ায় সে। সেখানে মৃতদের কবরে ফুল দিতে আসেন অনেকে। তাঁরা তৃষ্ণার্ত হলে নাহিদা জল দেয়। জল বিক্রি করেই চলে জীবন।

নাহিদার স্বপ্ন ছিল ডাক্তার হওয়া। সেটা আর সম্ভব নয়। কেননা পরের বছর তাকে মাদ্রাসায় ভর্তি হতে হবে। তেরো বছরের নাহিদা জানে, ওখানে প্রাইমারি স্কুল শেষ হলেই মেয়েদের শিক্ষাজীবন শেষ। তালিবান সরকারের তিন বছর আগে ঘোষণা ছিল, মেয়েদের সেকেন্ডারি স্কুলে প্রবেশ নিষেধ। বিশ্ববিদ্যালয়েও না। পৃথিবীর একমাত্র রাষ্ট্র, যেখানে এমন ফতোয়া।

কাবুলের তসনিম নসরত ইসলামিক সায়েন্স এডুকেশনাল সেন্টারে সারি সারি বোরখা পরা মুখ দেখা যায় প্রতিদিন। ছয় থেকে ষাট, সব বয়সেরই। অন্তত চারশো মেয়ে সেই মাদ্রাসায় যায়। কোরান পড়ে সেখানে, ধর্মশিক্ষা হয়।

এ সব পড়তে পড়তে ভয় গ্রাস করে, মুহাম্মদ ইউনূস বাংলাদেশকেও ওইভাবে আফগানিস্তান হওয়ার পথে নিয়ে যাচ্ছেন না তো? যেখানে নারী স্বাধীনতা থাকবে না, নারী শিক্ষা বলেও কিছু থাকবে না। গান-সাহিত্য-সিনেমা সবই চলে যাবে ধর্ম নামক চোরাবালির আড়ালে।

সম্প্রতি যে সব ভিডিও পদ্মা-মেঘনা-ধলেশ্বরীর পার থেকে ভেসে আসে, সে সবে লেগে থাকে আতঙ্ক। শুধু আতঙ্ক। জেগে থাকে অরাজকতা ও চরম নৈরাজ্য। শুধু অরাজকতা ও চরম নৈরাজ্য। যেখানে নোবেলজয়ী ইউনূসকে দেখায় মৌলবাদীদের হাতের পুতুল মাত্র।

বাংলাদেশ আমাদের বাঙালিদের কাছে একটা শিক্ষা। ধর্মান্ধরা সব গ্রাস করলে একটা শস্যশ্যামলা শান্ত দেশে, বহু আন্তরিক মানুষের দেশে কীভাবে আঁধার নামে।

এমনই হাড়হিম করা ভিডিওতে দেখলাম, বাংলাদেশের মহেশখালীতে অনূর্ধ্ব-১৯ জাতীয় মেয়ে ফুটবলার পারভিন সুলতানার বাম পায়ের রগ কেটে নেওয়া হয়েছে। কেন? হামলাকারীরা বলেছে, ফুটবল খেলা ইসলামে হারাম। পারভিনকে তারা আর মাঠে নামতে দেবে না। অথচ দিন কয়েক আগে বাংলাদেশের মেয়ে ফুটবলাররা ইতিহাস গড়েছেন এশিয়ান কাপে খেলার যোগ্যতা অর্জন করে।

পদ্মাপারের মেয়েদের যা পারফরমেন্স, তা ছেলেরা কল্পনাও করতে পারবেন না। বর্তমান মেয়ে জাতীয় টিমের ৭ ফুটবলার ভুটানের লিগে খেলেন। তার বাইরেও আছেন অনেকে। ভারতীয় লিগেও খেলেছেন। তাদের ঋতুপর্ণা চাকমা, স্বপ্না রানি, কৃষ্ণারানি সরকার, সানজিদা আক্তার, সাবিনা খাতুনরা খুব পরিচিত নাম। ইউনূসের দেশে কি ওঁরা খেলা ছেড়ে দেবেন? ওদের টিমটাকে এখনও ভারতও ভয় পায়। অনেকবার হারিয়েছে।

পুরুষ সে তো মানবে না। যে দেশে হাসিনা-খালেদার মতো নেত্রীরা এত বছর শাসন চালালেন, সেখানে নারীত্বের অপমানেই সুখ বহু পুরুষের। দিনকয়েক আগে জয়পুরহাটের তিলকপুরের স্কুল মাঠে মেয়েরা ফুটবল খেলছিল। সেখানে ভাঙচুর চালায় মুসল্লি ও মাদ্রাসার ছাত্ররা। এই শিক্ষা, এই সাহস এরা পায় কোথা থেকে? উৎসটা কী?



দুর্দিন।। মেয়েদের ফুটবল ম্যাচ বানচাল করতে ভাঙচুর মৌলবাদীদের। বাংলাদেশে।

আফগান তালিবান চায় না, সে দেশে গানবাজনা হোক। প্রচুর বাদ্যযন্ত্র ভেঙেই তালিবানি আনন্দ। সুর, তুমি তফাত যাও। কোনও ঘরে সুরের যন্ত্র রাখতে দেয় না তালিবান। সম্প্রতি নব্য বাংলাদেশে এমন তালিবানও পাওয়া যাচ্ছে প্রচুর। নদীর ধারে নৌকোয় রাখা ছিল গানের অনেক যন্ত্র। মাদ্রাসা থেকে লোক এসে সব ভেঙে চুরমার করে দিয়েছে। এমন ভিডিও দেখলাম। দেখলাম, পাকিস্তানের জার্সি পরে ঢাকার রাজপথে কিছু লোক ঘুরছে। মাঠের গ্যালারিতেও কিছু লোক পাকিস্তানি জার্সি পরে বসে।

এখানে প্রশ্ন আছে একটা। এই বাংলাদেশিদের রোলমডেল তা হলে কোন দেশ? পাকিস্তান, না আফগানিস্তান? দুটো দেশ তো একসঙ্গে রোলমডেল হতে পারে না। ওই দুটো দেশে আকচাআকচি কিন্তু আজ চরমে।

খেলা গেল, গানবাজনা গেল। এবার বাকি রইল সিনেমা। বৃহস্পতিবার যা শুনলাম, তাতে তাজ্জব হয়ে যাওয়ার কথা। ঢাকার উত্তরা অনেকটা কলকাতার সিনেমাপাড়া টালিগঞ্জের মতো। সেখানে সেক্টর চার এলাকায় তিনটি শুটিং হাউস। উত্তরার হাউস মালিকদের চিঠি দিয়ে বলা হয়েছে, এখানে আর শুটিং করা যাবে না। কারণ? রাস্তায় লোক বাড়ছে, যাতায়াত-গাড়ি চলাচলে সমস্যা, বাসিন্দাদের স্বাভাবিক জীবনযাত্রায় সমস্যা। ২৫ বছর ধরে এই সব সমস্যা হয়নি। এখন হচ্ছে। ইউনূস সরকারই সাহস জোগাচ্ছে। অথচ সরকারের অন্তত দুই পরামর্শদাতার স্ত্রী বিশিষ্ট অভিনেত্রী। তাঁদের মুখে কুলুপ।

মোস্তফা সরওয়ার ফারুকীর মতো লোক এখন বাংলা সংস্কৃতি জগতের হর্তাকর্তা। তিনি করছেনটা কী? তিনিও কি ক্রীড়নক, হাতের পুতুল হয়ে ব্যস্ত? বিখ্যাত সংস্কৃতিকর্মী আসাদুজাম্মান নূরকে এত দিন ধরে, বিনা বিচারে জেলে আটকে রাখা হয়েছে। ফারুকীর দায় নেই কোনও? কতদিন বিচার চলবে রাজনৈতিক বন্দিদের?

তসলিমা নাসরিন যে প্রশ্নটা তুলেছেন, সেটা অনেকেরই। হলি আর্টিজান বেকারিতে হামলা নিয়ে ফারুকী তৈরি করেছিলেন 'শনিবারের বিকেল' নামে একটা সিনেমা। হাসিনার আমলে ওই সিনেমা মুক্তি পায়নি বলে ফারুকীরা হইচই করেছিলেন। এখন ফারুকীই ওই সিনেমা প্রকাশ্যে মুক্তি দিচ্ছেন না কেন? চেয়ার হারাবেন বলে? নাকি হামলাকারীদের সঙ্গে সহমত? তিনি তো অন্যের ছবিই মুক্তি দিচ্ছেন না।

আজকের বাংলাদেশ যেমন অশিক্ষিতদের আসল অন্তর দেখিয়ে চলেছে, তেমনই দেখিয়ে চলেছে অনেক তথাকথিত শিক্ষিতর অশিক্ষা, ধান্দাবাজি। যেমন ইউনূস, যেমন ফারুকী, যেমন আসিফ নজরুল, যেমন সফিকুল আলম, যেমন কিছু সংবাদপত্র মালিক-সম্পাদক, যেমন ব্যাংক কর্তা। বোঝা যাচ্ছে, এঁদের কারও মধ্যে তুমুল বোঝাপড়া, কারও মধ্যে বোঝাপড়ার চূড়ান্ত অভাব।

পোশাক নিয়ে বাংলাদেশ ব্যাংকের সাম্প্রতিক ফতোয়া এবং ডিগবাজির কথাই ধরুন। মহিলা কর্মীদের স্বল্প দৈর্ঘ্যের পোশাক, ছোট হাতার ব্লাউজ, লেগিংস পরায় নিষেধাজ্ঞা জারি করেছিল ব্যাংক। বলা হয়েছিল, পরতে হবে শালীন পোশাক হিজাব, হেডস্কার্ফ। এমনকি জিনসও পরা বন্ধ। বাংলাদেশ ব্যাংকও কি আজ চালাচ্ছেন মাদ্রাসার মৌলবাদীরা? প্রতিবাদ হওয়ায় সেই ফতোয়া তুলে নেওয়া হয়েছে। তবে অনেকেই বলছেন, এটা এক ধরনের সতর্কবার্তা। পরীক্ষা করা হল, আসলে প্রতিক্রিয়া কী দাঁড়ায়।

ঢাকায় জনবহুল এলাকায় যে বিমান দুর্ঘটনাটি হল, তা নিয়ে নানা প্রশ্ন রয়েছে কিছু মানুষের। সে পথে যাচ্ছি না। দেখলাম, পুড়ে যাওয়া বাচ্চাদের চিকিৎসার জন্য ইউনূস জনগণের কাছে ভিক্ষে চেয়েছেন।

সোশ্যাল মিডিয়ায় তসলিমার প্রশ্নটা এখানেও অত্যন্ত গুরুত্বপূর্ণ, 'দেশকে তিনি সম্ভবত আস্ত একটা গ্রামীণ ব্যাংক মনে করছেন! কিংস পার্টি এনসিপিকে তো গোপালগঞ্জে সন্ত্রাস করার জন্য সেদিন ৮ কোটি টাকা মূল্যের নিরাপত্তা বেষ্টনী দিয়েছেন। ব্যক্তিগত হাবিজাবি পুরস্কার বগলদাবা করার জন্য সঙ্গীসাথি নিয়ে লন্ডনে প্রমোদ বিহারে গিয়ে হোটেল বিলই তো মিটিয়েছেন ৩ কোটি টাকার। তিনি বাদশাহ হতে চেয়েছিলেন, বাদশাহ হয়েছেন। আমোদপ্রমোদের তাঁর কমতি নেই। যদিও খাদির পোশাক পরে সরলসোজা নিরীহ সাজেন, আসলে তো তিনি তা নন। রীতিমতো ধুরন্ধর ধনকুবের তিনি। দুর্ঘটনায় শত শত শিশুর মৃত্যু হওয়ার পরও তিনি পারিষদবর্গের সঙ্গে ফোটোশুটে সময় দেন, তাঁর মুখের হাসিটি মোটেও মিলিয়ে যায় না।'

মুখের হাসি মিলিয়ে না যাওয়াটা সত্যিই ধুরন্ধর রাজনীতিকের লক্ষণ। তবে যেভাবে ওদেশে বিএনপি বনাম জামায়াতে ইসলামি-এনসিপি-ইসলামি আন্দোলন বাংলাদেশ পার্টির কথার লড়াই শুরু হয়েছে, তাতে মনে হচ্ছে ইউনূস খুশিই হবেন। নির্বাচনের সম্ভাবনা আরও অথই জলে। এবং ইউনূস তো এটাই চাইছেন। একদিকে বিএনপি, যারা অনেকটাই অসাম্প্রদায়িক। অন্যদিকে তিনটে দল, সাম্প্রদায়িক। সবচেয়ে লজ্জার হল, ছাত্রদের নতুন দলের ওই জোটে নাম লেখানো। আবার লজ্জারই বলবেন কী করে? এরাই হচ্ছে অশান্তির বাংলাদেশে নতুন ধান্দাবাজ। মুজিবুর রহমান ও সুকান্ত ভট্টাচার্যের জন্মভিটে, আওয়ামির আঁতুড় গোপালগঞ্জে যে রক্তারক্তি কাণ্ড হল, অজস্র মানুষ উধাও আজও, তার দায় তো পুরোপুরি ছাত্রদের পার্টির। এই পার্টিও আমাদের বাংলার ছাত্র পার্টিগুলোর মতো। নেতারা বহুদিনই আর ছাত্র নয়।

অবশ্য আমরা ভারতীয়রা বিদেশি পার্টিকে ধান্দাবাজই বা বলব কী করে? আমরাই বা কী কম ধান্দাবাজ?

বছর খানেক আগে আমাদের কেন্দ্রীয় সরকার বলল, চিনের সঙ্গে কোনও বাণিজ্য নয়। বয়কট, বয়কট। অথচ এখন নয়াদিল্লির কনট প্লেসের পালিকা বাজার থেকে শিলিগুড়ির হংকং মার্কেট-- সব জায়গাতেই প্রচুর চিনা জিনিস উপচে পড়ে। কিছুদিন আগে কেন্দ্রীয় সরকার বলল, মালদ্বীপ যাবেন না। বয়কট, বয়কট। মালদ্বীপের বদলে লাক্ষাদ্বীপ যান। প্রচুর ভারতীয় মালদ্বীপ যাওয়ার টিকিট বাতিল করে দিলেন।

আর এখন দেখছি, সব নির্দেশ ভোঁভা। প্রচুর ভারতীয় আবার মালদ্বীপে। আমাদের প্রধানমন্ত্রী নিজেও ওখানে হাজির।

আপনি বলবেন, এটা ধান্দাবাজি, পালটিবাজি। নেতারা বলবেন, এটাই কূটনীতি।

ইউনূসও আজ বাংলাদেশে ওরকমই যুক্তি দিচ্ছেন। শুধু কলকাতা থেকে ইউরোপ, হাজার হাজার বাংলাদেশি নির্বাসিতের জীবন কাটাচ্ছেন অসহায়। দেশে ফিরলেই তাঁদের জীবন বিপন্ন। নারীদের স্বাধীনতা যেমন সংকটে।

এসবও কি কূটনীতির মধ্যে পড়বে, শ্রীযুক্ত মুহাম্মদ ইউনূস?

## আজ

**১৮৬৫**



কান্তকবি রজনীকান্ত সেনের জন্ম আজকের দিনে।

**১৯৫২**



আজকের দিনে প্রয়াত হন কবি মোহিতলাল মজুমদার।

## আলোচিত



বিহারে সরকারটা বিজেপির। ফলে ওখানে যেভাবে ভোটার তালিকা সংশোধন করছে, বাংলায় সেভাবে পারবে না। মৃতদের ভোট হয়, আমরাও জানি। কিন্তু যে সংখ্যায় ভুয়ো ভোটার বের হচ্ছে, সেটা অস্বাভাবিক। সমাজমাধ্যমে ভয়ের বাতাবরণ তৈরি হচ্ছে।

**- অধীর চৌধুরী**

## ভাইরাল/১



মায়ের দুধ ছাড়া যে কোনও কাঁচা দুধ কোলের শিশুর পক্ষে ক্ষতিকারক। এক বাচ্চার গোরুর বাঁটে মুখ দিয়ে দুধ খাওয়ার ভিডিও ভাইরাল। বাবা শিশুটির মুখ গোরুর বাঁটে ধরেন। বাচ্চাটি মনের সুখে খেতে থাকে দুধ। বাবার আচরণে সমালোচনার ঝড়।

## ভাইরাল/২



চিনের এক মহিলা ৯০টি ডিম কিনেছিলেন। সেগুলি বাড়িতে রেখে ঘুরতে গিয়েছিলেন। দু'দিন পরে ফিরে রান্নাঘরে কিচিরমিচির আওয়াজ শুনে দরজা খুলতেই চক্ষু চড়কগাছ। ডিমগুলি থেকে বাচ্চা বেরিয়ে ঘরময় ঘুরে বেড়াচ্ছে।

## উত্তরের পাঁচালি

### অভিনয়ের টানে



অনিমেষ দাস।

অনিমেষ দাস রায়গঞ্জ দেবীনগর এলাকার বাসিন্দা। এই অঞ্চলের অন্যতম জনপ্রিয় অভিনেতা। বেসরকারি সংস্থার কর্মী। কাজের সময়টুকু বাদ দিয়ে বাদবাকি যা সময় পান তা অভিনয়েই ঢেলে দেন। ছাত্রজীবন থেকেই অভিনয়ের প্রতি তাঁর তীব্র ঝোঁক। তারপর থেকেই এতেই তাঁর মনপ্রাণ ঢেলে দেওয়া। বর্তমানে রায়গঞ্জের একটি নামী নাট্যদলের সক্রিয় কর্মী। নাটকের পাশাপাশি তিনি যাত্রাতেও অভিনয় করেন। লখনউয়ে আয়োজিত একটি নাট্য প্রতিযোগিতায় সেরা অভিনেতার পুরস্কার পেয়েছেন। তার আগে জেলা ও রাজ্য স্তরে বহু পুরস্কার জেতা সারা। অভিনয়ের পাশাপাশি নাটক লেখা ও পরিচালনাও করেন। মঞ্চে আলোর ব্যবহারে বিশেষভাবে দক্ষ।

অনিমেষ একজন সমাজসেবীও বটে। রক্তদান, বৃক্ষরোপণ, দুঃস্থদের সাহায্যের মতো কাজ নিয়মিত করে যান। তবে অভিনয়ই প্রথম প্রেম। মানুষটির কথায়, 'অভিনয়কে খুব ভালোবাসি। অভিনয়ের জন্য জীবনে অনেককিছু ত্যাগ করেছি। আজীবন অভিনয় নিয়ে বাঁচতে চাই।'

**- অচিন্ত্য সরকার**

### কাছের মানুষ



সন্ধ্যা ধর।

অশীতিপর সন্ধ্যা ধর সবার প্রিয় 'পিসিমণি'। জন্মসূত্রে দক্ষিণবঙ্গের। ১৯৯৭ সালে গভর্নমেন্ট টেলারিং স্কুলের শিক্ষিকা হিসেবে তাঁর ধূপগুড়িতে আসা। এর আগে কলকাতার কলেজ স্ট্রিটে একটি সেলাই স্কুলের ব্যালে ড্যান্স গ্রুপে ড্রেস ডিজাইনার হিসেবে কাজ করেছেন। পরে দুর্গাপুর ও বহরমপুর ঘুরে তিনি ধূপগুড়ি আসেন। এখানেই অবসর। এখানে নিজের বাড়ি নেই। কিন্তু ছাত্রীদের মধ্যে তিনি এতটাই জনপ্রিয় যে সেই অভাব কোনওদিন বড় হয়ে দেখা দেয়নি।

ছাত্রীদের অনেকের বাড়িতে পালা করে দিন কাটিয়েছেন। এখনও কাটান। শুধু পোশাক তৈরির পাঠই নয়, কীভাবে জীবনকে ভালোবেসে মানুষের মতো মানুষ হয়ে উঠতে হয় সেই পাঠ সবাইকে দেন। তা শেখার জন্য সবাই যেন রীতিমতো উন্মুখ হয়ে থাকে। বিপদে-আপদে সর্বস্ব দিয়ে মানুষের পাশে দাঁড়ান। নিজের কোনও সমস্যার বিষয়ে চিন্তা না করেই। সন্ধ্যাদেবী অনেকের কাছেই খুবই অনুপ্রেরণার।

**-অপর্ণা গুহ রায়**

### আবৃত্তিতে প্রাণ



নন্দিতা গোস্বামী।

নন্দিতা গোস্বামী দিনহাটা শহরের বাসিন্দা। বাচিক শিল্পী হিসেবে বেশ জনপ্রিয়। দ্বিতীয় শ্রেণিতে পড়ার সময় থেকেই এই শিল্পের প্রতি বেশ টান। কবি শৈবাল মজুমদারের কাছে আবৃত্তির প্রশিক্ষণে হাতেখড়ি। তারপর তাঁর স্ত্রী বীণা মজুমদারের কাছে এই পাঠ। দিনহাটা উচ্চবিদ্যালয়ের প্রাক্তনী নন্দিতা আবৃত্তির অঙ্গনে রাজ্য স্তরে প্রশংসা কুড়িয়েছেন। ছোটদের আবৃত্তি শেখান।

কণ্ঠস্বরকে সঙ্গী করে বেশ কয়েকটি ক্ষেত্রে ভয়েস ওভার আর্টিস্ট হিসেবে কাজ করেছেন। সংগীতচর্চাও করেন। তবে মনপ্রাণ জুড়ে আবৃত্তিই। মুঠোফোনে জীবনকে আবদ্ধ না রেখে সংস্কৃতিচর্চার মাধ্যমেই প্রকৃত উত্তরণ সম্ভব বলে বিশ্বাসী।

**-ভাস্কর সেহানবিশ**

# ট্রোলিং এড়িয়ে নিজের লক্ষ্যে অটল

ফুটপাথে সাধারণ চায়ের দোকান চালিয়ে এখন একজন শিল্পপতি হওয়ার স্বপ্ন। কে কী বলল, তাতে কান না দেওয়ার মন্ত্র।



**শাশ্বত চট্টোপাধ্যায়**

সুনীল পাটিলকে চেনেন? নিশ্চিতভাবে চেনেন। তবে হয়তো তাঁর নিজের নামে নয়। কিন্তু 'ডলি চায়ওয়ালা' বললে আপনি নিশ্চিতভাবে তাঁকে চিনে ফেলবেন। নিম্নবিত্ত পরিবারকে একটু স্বাচ্ছন্দ্য দিতে নাগপুরের রাস্তায় চা বিক্রিকে তাঁর পেশা হিসেবে বেছে নেওয়া। একটা সময় 'পাইরেটস অফ দ্য ক্যারিবিয়ান' দেখা। জনি ডেপের জ্যাক স্প্যারো চরিত্রটি দেখে ভীষণভাবে অনুপ্রাণিত হয়ে পড়া। আর তখনই উপলব্ধি, চায়ের পাশাপাশি দারুণভাবে স্টাইল বিক্রিও সম্ভব। আর তাই সুনীলের দারুণ মজাদার স্টুলের স্টাইল, ঝলমলে পোশাকে চা পরিবেশন শুরু। সোশ্যাল মিডিয়ায় নিজেকে 'ডলি' নামে পরিচয় দিতে শুরু করেন। জনিকে দেখে অনুপ্রাণিত ডলি'র জনপ্রিয়তা একটু একটু করে ধরা দিতে শুরু করে।

এপর্যন্ত সব 'ঠিকঠাক'। গত বছর মুকেশ আম্বানির ছোট ছেলের প্রাক-বিবাহের অনুষ্ঠানে বিল গেটস ভারতে এসেছিলেন। ঘটনাচক্রে নাগপুরে রবীন্দ্রনাথ ঠাকুর মার্গে ডলির ছোট্ট চায়ের দোকানে 'ডলি কি টাপরি'-তে তিনি পৌঁছে যান। ডলির চা তৈরির অভিনব কৌশল থেকে শুরু করে তা পরিবেশন দেখে মুগ্ধ হয়ে সোশ্যাল মিডিয়ায় তাঁর ভূয়সী প্রশংসা করেন। ব্যাস, জনপ্রিয়তার পারদ চড়চড়িয়ে ওঠা শুরু। সোশ্যাল মিডিয়ায় তিনি অহরহ ভাইরাল। দেশের নানা জায়গা থেকে ডাক। এমনকি বিদেশ থেকেও। এক একটি অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য তাঁর 'অ্যাপিয়ারেন্স ফি' নিয়েও কম বিতর্ক হয়নি।



সেই দিন।। বিল গেটসের সঙ্গে ডলি চায়ওয়ালা।

সুনীল তাকে পাত্তা দেননি। বরং কীভাবে 'ডলি কি টাপরি'কে স্রেফ নাগপুরের এক ছোট্ট বৃত্তে আটকে না রেখে গোটা দেশে ছড়িয়ে দেওয়া যায় সে দিকে মন দিয়েছেন। এই ব্র্যান্ডের ফ্র্যাঞ্চাইজি দিতে চান বলে ঘোষণা করেছেন। আর তারপর থেকেই তাঁকে লক্ষ করে ট্রোলিং শুরু। 'ভারতে শিক্ষা একটি কেলেঙ্কারি, এবং তার উৎকৃষ্ট প্রমাণ হল ডলি চায়ওয়ালা।' এজাতীয় মন্তব্যে সোশ্যাল মিডিয়ার নানা জায়গা ভরে ওঠা শুরু। কিছু কিছু মন্তব্য এমন যে তা যাঁকে লক্ষ্য করে বলা হচ্ছে তিনি শুনলে নিশ্চিতভাবে ভেঙে পড়বেন। সুনীল সেই বিষয়টিকে গুরুত্ব দেননি। বরং ফ্র্যাঞ্চাইজি নিয়ে কার্ট স্টলের ক্ষেত্রে ৪.৫ লক্ষ থেকে ৬ লক্ষ টাকা, স্টোর মডেলের ক্ষেত্রে ২০ থেকে ২২ লক্ষ টাকা এবং ফ্ল্যাগশিপ ক্যাফের ক্ষেত্রে ৩৯ থেকে ৪৩ লক্ষ টাকা পর্যন্ত খরচ হবে বলে জানিয়ে দিয়েছেন। সুখবর আসতেও সময় নেয়নি। সেই ঘোষণার ৪৮ ঘণ্টার মধ্যেই 'ডলি কি টাপরি'র ফ্র্যাঞ্চাইজি প্রস্তাবের জন্য মোট ১,৬০৯টি আবেদন জমা পড়ে (এই হিসেব জুলাই মাসের মাঝামাঝি পর্যন্ত)।

জনি ডেপের অন্ধ ভক্তটি হাসছেন, 'অনেকের মতো স্কুলে যাওয়ার সুযোগ আমি পাইনি। কিন্তু আমার চায়ের গাড়িতে- রোদে, বৃষ্টিতে, ভালো-খারাপ দিনে ২০টা বছর কাটিয়েছি। আমি আশা করেছি, একদিন কিছু একটা বদলাবে। আমি কখনও হার মানিনি। আজকের দিনটা আমার কাছে সৌভাগ্যের, তবে তার থেকেও বেশি-গর্বের।' সুনীল বলে চলেন, 'লোকে আমাকে নিয়ে হাসতে পারে, কটাক্ষ করতে পারে। কিন্তু আমাকে দেখে কেউ যদি আমার মতো শূন্য থেকে শুরুর স্বপ্ন দেখতে পারে, তবে আমাকে করা প্রতিটি অপমান সার্থক বলে মনে করব।'

লোকে কী বলল, তা নিয়ে পড়ে থাকলে জীবন অচল। ইতিহাস সাক্ষী।

**(লেখক সাহিত্যিক। হাওড়ার বাসিন্দা।**

**সম্পাদকীয় বিভাগে লেখা পাঠান। ৪০০ শব্দের মধ্যে।
ইউনিকোডে ডক ফাইলে লেখা পাঠান।
মেল—ubsedit@gmail.com**

## শব্দরঙ্গ ■ ৪২০২



**পাশাপাশি** : ১। নাম পরিচয় ও বাসস্থান, নাম ও ঠিকানা ৩। কৃষ্ণসখা শ্রীদাম-এর নামের বিকৃত রূপ ৫। উপাদান, উপকরণ ৭। বিদ্যুৎ ৯। শাস্ত্রবিহিত ব্যবস্থা বা নিয়ম, কর্তব্য নির্দেশ, আইন বা আইনপ্রণয়ন ১১। বন্দুকধারী সিপাই বা দেহরক্ষী ১৪। উড়িধান, তৃণধান ১৫। সাত প্যাঁচওয়ালা।

**উপর-নীচ** : ১। বিখ্যাত ২। যোগলব্ধ অষ্ট ঐশ্বর্যের অন্যতম, শিবের বিভূতিবিশেষ ৩। তামাকের কলকে, এক কলকে তামাক ৪। অভিনয়াদির অভ্যাস, মহড়া ৬। শত রকমে, শতবার ৮। সূর্য ১০। নর্তক শ্রেষ্ঠ, নৃত্যরত শিব, শিব ১১। মহাবন, বিশাল সুসজ্জিত অরণ্য ১২। উগ্র, চরমপন্থী, আপসবিরোধী ১৩। নাচ গান ইত্যাদির আসর বা বৈঠক।

**সমাধান ■ ৪২০১**

**পাশাপাশি** : ১। নতুবা ৩। দফা ৫। নন্দা ৬। দানব ৮। তামিল ১০। আস্তিক ১২। চটক ১৪। রাকা ১৫। কস্তা ১৬। নবীন।

**উপর-নীচ**: ১। নচিকেতা ২। বানতেল ৪। ফাল্গুন ৭। বগ ৯। বচ ১০। আচকান ১১। কলতান ১৩। টনক।

## বিন্দুবিসর্গ





সম্পাদক ও স্বত্বাধিকারী : সব্যসাচী তালুকদার। স্বত্বাধিকারীর পক্ষে প্রলয়কান্তি চক্রবর্তী কর্তৃক সুহাসচন্দ্র তালুকদার সরণি, সুভাষপল্লি, শিলিগুড়ি-৭৩৪০০১ থেকে প্রকাশিত ও বাড়িভাসা, জলেশ্বরী-৭৩৫১৩৫ থেকে মুদ্রিত। কলকাতা অফিস : ২৪ হেমন্ত বসু সরণি, কলকাতা-৭০০০০১, মোবাইল : ৯০৭৩২০৪০৪০। জলপাইগুড়ি অফিস : থানা মোড়-৭৩৫১০১, ফোন : ৯৬৪১২৮৯৬৩৬। কোচবিহার অফিস : সিলভার জুবিলি রোড-৭৩৬১০১, ফোন : ৯৮৮৩৫৫০৮০৫। আলিপুরদুয়ার অফিস : এনবিএসটিসি ডিপোর পাশে, আলিপুরদুয়ার কোর্ট-৭৩৬১২২, ফোন : ৯৮৮৩৫৩৯৮৭৮। মালদা অফিস : বিহানি আবাসন, গ্রাউন্ড ফ্লোর (নেতাজি মোড়ের কাছে), গোলাপট্টি, বাঁধ রোড, মালদা-৭৩২১০১, ফোন : ৯৮০০৫৮৫১৫০। শিলিগুড়ি ফোন : সম্পাদক ও প্রকাশক : ৯৫৬৪০৪৬৮৬৮, জেনারেল ম্যানেজার : ২৪৩৩৯০৩, বিজ্ঞাপন : ২৫২৪৭২২/৯০৬৪৮৪৯০৯৬, সার্কুলেশন : ৯৭৭৫৭৮৫৮৭৭, অফিস : ৯৫৬৪৫৪৬৮৬৮, নিউজ : ৭৮৭২৯৩৩৮৮৮, হোয়াটসঅ্যাপ : ৯৭৩৫৭৩৯৬৭৭।

Editor & Proprietor : Sabyasachi Talukdar
Uttar Banga Sambad: Published & Printed by Pralay Kanti Chakraborty on behalf of Proprietor from Siliguri, West Bengal, Pin 734001, Printed at Jaleswari, West Bengal, Pin 735135, Regn. No. 35012 and Postal Regn. No. WB/NBSR/D-03/2003-08. E.Mail : uttarbanga@hotmail.com.
Website : http://www.uttarbangasambad.in

### বন্দেমাতরম ধ্বনিতে স্বাগত মোদিকে

# ভারত-মালদ্বীপ অটুট বন্ধুত্বের বার্তা

**মালে, ২৫ জুলাই :** দু'দিনের সফরে শুক্রবার মালদ্বীপ পৌঁছোলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ব্রিটেনের সঙ্গে মুক্ত বাণিজ্যচুক্তি স্বাক্ষরের ঠিক পরে তাঁর মালদ্বীপ সফর ভারতের বিদেশনীতির নিরিখে বাড়তি গুরুত্ব পাচ্ছে। এদিন মালে বিমানবন্দরে ভারতের প্রধানমন্ত্রীকে স্বাগত জানাতে নিজেই হাজির হয়েছিলেন মালদ্বীপের প্রেসিডেন্ট মহম্মদ মুইজু। বিমান থেকে নামতেই মোদির দিকে এগিয়ে যান তিনি। হাত মেলানোর পর মুইজুকে জড়িয়ে ধরেন মোদি। পরের পর খণ্ডদৃশ্য বলে দিচ্ছিল দু'বছর আগের তিক্ততা এখন অতীত। বাস্তবের শক্ত মাটিতে দাঁড়িয়ে ভারতের গুরুত্ব আঁচ করতে পেরেছেন মুইজু। অন্ধ ভারত-বিরোধিতার রাস্তায় না হেঁটে ভারতের সঙ্গে পুরোনো সুসম্পর্ক ঝালিয়ে নেওয়ার চেষ্টা পুরোমাত্রায় লক্ষ করা গিয়েছে মালদ্বীপের সরকারের তরফে।

বিমানবন্দর থেকে মালের রাস্তায় প্রধানমন্ত্রীর কনভয় বার হতেই রাস্তার দু'পাশে জড়ো হওয়া মালদ্বীপের বাসিন্দারা বন্দেমাতরম, ভারত মাতা কি জয় বলে স্লোগান দিতে থাকেন। অনেকের হাতে ছিল ভারতের পতাকা। দৃশ্যত অভিভূত মোদি এক্স হ্যান্ডেলে লিখেছেন, 'বিমানবন্দরে আমাকে স্বাগত জানাতে এসেছেন প্রেসিডেন্ট মুইজু। ভারত-মালদ্বীপ সম্পর্ক এবার নতুন উচ্চতায় পৌঁছোবে।' তিনি বলেন, 'এই বছর ভারত ও মালদ্বীপ দ্বিপাক্ষিক সম্পর্কের ৬০ বছর পূর্তি উদযাপন করছে। আমাদের সম্পর্কের শিকড় সমুদ্রের চেয়ে গভীর।... আমরা শুধু প্রতিবেশী নয়, সহযাত্রীও।'




এই বছর ভারত ও মালদ্বীপ দ্বিপাক্ষিক সম্পর্কের ৬০ বছর পূর্তি উদযাপন করছে। আমাদের সম্পর্কের শিকড় সমুদ্রের চেয়ে গভীর।... আমরা শুধু প্রতিবেশী নয়, সহযাত্রীও।

**নরেন্দ্র মোদি**

চলতি সফরে মালদ্বীপকে ৫৬৫ কোটি ডলার মূল্যের আর্থিক সহায়তা ঘোষণা করার কথা মোদির। মালদ্বীপে ভারতের সহায়তায় চলা একাধিক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন তিনি। শুক্রবার মালদ্বীপের স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে গেস্ট অফ অনার হিসাবে অংশ নেবেন প্রধানমন্ত্রী। প্রেসিডেন্ট মুইজু সহ মালদ্বীপের একাধিক শীর্ষকর্তার সঙ্গে বৈঠকের কথা রয়েছে তাঁর। ২০২৩-এ মালদ্বীপের প্রেসিডেন্ট হয়েই ভারত-বিরোধিতার পথে হেঁটেছিলেন মুইজু। চিনের সঙ্গে অর্থনৈতিক এবং সামরিক সমঝোতা করেন তিনি। মোদির লাক্ষাদ্বীপ সফরের সময় তাঁকে ব্যক্তিগত আক্রমণ করতেও পিছপা হননি মালদ্বীপের একাধিক মন্ত্রী। মুইজু সরকারের ভারত-বিরোধিতা এদেশে তীব্র প্রতিক্রিয়া সৃষ্টি করেছিল। শুরু হয়েছিল বয়কট মালদ্বীপ প্রচার। ভারতের আর্থিক সহযোগিতা বন্ধ হওয়ার উপক্রম হতেই নাভিশ্বাস উঠতে শুরু করে মালদ্বীপের অর্থনীতির।

এদিকে চিনের সাহায্যের আশ্বাস বাস্তবে তেমন কাজে আসেনি। চাপের মুখে অবস্থান পরিবর্তন করেন মুইজু। তবে দুর্দিনে প্রতিবেশীকে দুরে না ঠেলে পুরোনো বন্ধুত্ব ফের ঝালিয়ে নিতে চাইছেন মোদি।



বৈঠকে হাসিমুখে নরেন্দ্র মোদি ও মহম্মদ মুইজু। শুক্রবার মালেতে।

# ইন্দিরার রেকর্ডকে টেক্কা

**নয়াদিল্লি, ২৫ জুলাই :** ১৯৬৬ সালের ২৪ জানুয়ারি থেকে ১৯৭৭ সালের ২৪ মার্চ পর্যন্ত একটানা ৪,০৭৭ দিন ভারতের প্রধানমন্ত্রী ছিলেন ইন্দিরা গান্ধি। শুক্রবার সেই রেকর্ড ভেঙে দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ২০১৪-য় প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণের পর থেকে ৪,০৭৮ দিন এই পদে রয়েছেন তিনি। প্রধানমন্ত্রিত্বের মেয়াদের নিরিখে এখন দু'নম্বরে থাকা মোদির সামনে শুধু জওহরলাল নেহরু।

স্বাধীন ভারতের প্রথম প্রধানমন্ত্রী নেহরু ১৯৬৪ সালের ২৭ মে পর্যন্ত ৬,১৩১ দিন প্রধানমন্ত্রী ছিলেন। অর্থাৎ, নেহরুকে টপকাতে হলে মোদিকে আরও ২,০৫৩ দিন প্রধানমন্ত্রী থাকতে হবে। সেক্ষেত্রে ২০২৯ সালে পরবর্তী লোকসভা ভোটে জিতে আরও কিছুদিন প্রধানমন্ত্রী পদ ধরে রাখতে হবে তাঁকে। নেহরুকে টপকে দেশের সবচেয়ে বেশি দিনের প্রধানমন্ত্রীর তকমা মোদি পাবেন কি না তা ভবিষ্যৎ বলবে। তবে গত ৩টি লোকসভা নির্বাচনে বিজেপি-এনডিএ-র জয়ের সুবাদে ইতিমধ্যে সবচেয়ে বেশি দিনের অকংগ্রেসি প্রধানমন্ত্রী হিসাবে নজির গড়ে ফেলেছেন মোদি।

# বিদেশ ভ্রমণে ৩৬২ কোটি

**নয়াদিল্লি, ২৫ জুলাই :** প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ২০২১ সাল থেকে জুলাই ২০২৫ পর্যন্ত বিদেশ সফরগুলিতে প্রায় ৩৬২ কোটি টাকা খরচ হয়েছে কেন্দ্রীয় সরকারের। বিদেশ সফরের মাধ্যমে বিভিন্ন দেশের সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্ক শক্তিশালী হলেও এর খরচের ভার বহন করতে হয়েছে সরকারি কোষাগারকে।

তৃণমূল কংগ্রেসের রাজ্যসভা সাংসদ ডেরেক ও'ব্রায়েনের প্রশ্নের জবাবে বিদেশ প্রতিমন্ত্রী কীর্তিবর্ধন সিং এই তথ্য জানিয়েছেন। মন্ত্রকের দেওয়া হিসাব অনুযায়ী, চলতি বছরের ফেব্রুয়ারি, মার্চ ও এপ্রিল মাসে মার্কিন যুক্তরাষ্ট্র, ফ্রান্স, মরিশাস, থাইল্যান্ড, শ্রীলঙ্কা ও সৌদি আরবে মোদির পাঁচটি বিদেশ সফরে ৬৭ কোটি টাকা খরচ হয়েছে। গত কয়েক বছরের হিসাবে দেখা যাচ্ছে, ২০২৪ সালে রাশিয়া ও ইউক্রেন সহ ১৬টি দেশে মোট ১০৯ কোটি টাকা খরচ হয়। ২০২৩ সালে প্রায় ৯৩ কোটি টাকা খরচ হয়েছিল। আর ২০২২ ও ২০২১ সালের খরচ ছিল যথাক্রমে ৫৫.৮২ কোটি টাকা ও ৩৬ কোটি টাকা।

### ১০০ দিনের কাজ প্রকল্প


# মন্ত্রীর বয়ানে বঙ্গের নাম নেই

**নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি, ২৫ জুলাই :** 'বাংলা কি তবে ভারতের মানচিত্রের বাইরে?' ১০০ দিনের কাজের তহবিল নিয়ে কেন্দ্রের দেওয়া জবাবে রাজ্যের নাম না থাকা নিয়ে তীব্র ক্ষোভ তৈরি হয়েছে তৃণমূল কংগ্রেসের অন্দরে। দীর্ঘদিন ধরে কেন্দ্রীয় বঞ্চনার অভিযোগে সরব পশ্চিমবঙ্গের শাসকদল। ১০০ দিনের কাজে অর্থ বরাদ্দ বন্ধ, জিএসটি বকেয়া, আবাস যোজনা সহ একাধিক প্রকল্পে আর্থিক প্রতিশ্রুতি রক্ষা না করা, এই সমস্ত ইস্যুতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে একাধিকবার চিঠি দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এই পরিস্থিতিতে শুক্রবার রাজ্যসভায় কেন্দ্র যে লিখিত জবাব দিয়েছে, তাতে গোটা দেশের হিসাব থাকলেও কোথাও নেই বাংলার নাম।

কেন্দ্রের মনরেগা প্রকল্প অথবা ১০০ দিনের কাজের কর্মদিবস ও মজুরি নিয়ে শুক্রবার রাজ্যসভায় পরিসংখ্যান পেশ করে বেশ কয়েকটি প্রশ্ন তোলেন তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার নেতা ডেরেক ও'ব্রায়েন। তাঁর প্রশ্নের জবাবে কেন্দ্রীয় গ্রামোন্নয়নমন্ত্রক যে পরিসংখ্যান দিয়েছে তাতে বলা হয়েছে, ২০২৩-২৪ সালে ১৪ কোটি ৮০ লক্ষ পরিবার এই প্রকল্পে নথিভুক্ত হয়, যেখানে গড়ে পরিবার পিছু ৫২.০৮ কর্মদিবস তৈরি হয়েছে। ২০২৪-২৫ অর্থবর্ষে তা বেড়ে দাঁড়িয়েছে ১৫ কোটি ৯৯ লক্ষ পরিবার এবং গড় কর্মদিবস ৫০.২৩। কাজ পেয়েছেন প্রায় ৮ কোটি মানুষ। তহবিল প্রকাশ, মজুরি হারের বৃদ্ধি, সরাসরি ব্যাংক অ্যাকাউন্টে অর্থ প্রেরণ ইত্যাদি বিষয়েও ব্যাখ্যা দিয়েছে কেন্দ্র।

কিন্তু বিতর্ক শুরু হয় যখন কেন্দ্র ৩৩টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের তালিকা দেয় এবং তাতে পশ্চিমবঙ্গের নাম থাকে না। রাজ্যের বরাদ্দ, কর্মদিবস, প্রাপকদের তথ্য, কোনও কিছুই নেই। ঘটনায় বিস্ময় প্রকাশ করেছেন তৃণমূল সাংসদ ঋতব্রত বন্দ্যোপাধ্যায়। তাঁর প্রশ্ন, 'বাংলা কি তবে ভারতের মানচিত্রের বাইরে? ৩৩টি রাজ্যের তালিকায় বাংলার নাম নেই কেন?' তাঁর আরও সংযোজন, 'মমতা বন্দ্যোপাধ্যায় ও অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে রাজনৈতিকভাবে টক্কর দিতে না পেরে বাংলার বিরুদ্ধেই যেন যুদ্ধ ঘোষণা করেছে মোদি সরকার। শুধু টাকা আটকে দেওয়া নয়, এখন তো সংসদীয় প্রশ্নের উত্তরেও বাংলার নাম নেই!'

# ওটিটি, ওয়েব ও অ্যাপে কেন্দ্রের খাঁড়া



**নয়াদিল্লি, ২৫ জুলাই :** অশ্লীল ও বেআইনি বিষয়বস্তুর বিরুদ্ধে কঠোর পদক্ষেপ হিসাবে কেন্দ্রীয় সরকার ২৫টি ওটিটি প্ল্যাটফর্ম বন্ধ করার নির্দেশ দিয়েছে। যেসব ওটিটি-র ওপর নিষেধাজ্ঞার খাঁড়া নেমেছে তাদের মধ্যে আছে উল্লু, অল্ট, ডেসিফ্লিক্সের মতো জনপ্রিয় অ্যাপও।

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রক এক নির্দেশে জানিয়েছে, ইন্টারনেট পরিষেবা প্রদানকারীদের (আইএসপি) অবিলম্বে এসব অ্যাপ ও ওয়েবসাইট দেশের মধ্যে বন্ধ করতে হবে। 'তথ্যপ্রযুক্তি আইন, ২০০০' এবং 'ডিজিটাল মিডিয়া এথিক্স কোড, ২০২১' অনুযায়ী বেআইনি ও অশ্লীল কনটেন্ট বন্ধ করা মধ্যস্থতাকারী (ইন্টারমিডিয়ারিজ) সংস্থার দায়িত্বের মধ্যেই পড়ে। সরকার জানিয়েছে, এই পদক্ষেপের মূল লক্ষ্য দেশের আইনি ও সাংস্কৃতিক মানদণ্ডের বিরোধী যৌন উদ্দীপক বিষয়বস্তু প্রচার আটকানো।

এইসব প্ল্যাটফর্ম তথ্যপ্রযুক্তি আইনের ৬৭ ও ৬৭এ ধারা, ২০২৩ সালের ভারতীয় দণ্ডবিধির ২৯৪ ধারা এবং ১৯৮৬ সালের 'অশালীন নারী উপস্থাপনা (নিষেধ) আইন'-এর ৪ নম্বর ধারার লঙ্ঘন করেছে

**অশ্লীলতার দায়ে**

বলে সরকারের দাবি।

এর আগে এপ্রিল মাসে সুপ্রিম কোর্টে ওটিটি এবং বিভিন্ন সমাজমাধ্যমে যৌন উদ্দীপক বিষয়বস্তু বন্ধের দাবি জানিয়ে একটি মামলার শুনানি হয়েছিল। তখন শীর্ষ আদালত বলেছিল, 'এটা আমাদের কাজ নয়, সরকারকে পদক্ষেপ করতে হবে।' তারপরেই সরকার এই পদক্ষেপ করল।

# তেজস্বীকে ৪ বার খুনের চেষ্টা : রাবড়ি

**পাটনা, ২৫ জুলাই :** বছর শেষে বিহারে বিধানসভা ভোট। ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনকে কেন্দ্র করে রাজ্য রাজনীতি উত্তাল। খুনের ঘটনাও ঘটছে। এই পরিস্থিতিতে শুক্রবার বিধান পরিষদ চত্বরে তাঁর ছেলে তেজস্বী যাদবকে চারবার খুনের চেষ্টা করা হয়েছে বলে সরব হলেন বিহারের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা তেজস্বীর মা রাবড়ি দেবী। বিজেপি-জেডিইউ সদস্যরা তেজস্বীকে শেষ করে দেওয়ার ষড়যন্ত্র করেছে। রাবড়ি দেবীর অভিযোগ সামনে আসতেই হইচই পড়ে গিয়েছে বিহারে। রাজ্যে ভোটার তালিকায় নাম বাদ পড়া নিয়ে উপমুখ্যমন্ত্রী সম্রাট চৌধুরীর সঙ্গে কথা কাটাকাটি হয় তেজস্বীর। এর জেরে আরজেডি ও বিজেপি-জেডিইউ বিধায়কদের মধ্যে হাতাহাতির পরিস্থিতি তৈরি হয়। তারপরেই রাবড়ি দেবী বিস্ফোরক অভিযোগ করেন।

# থাইল্যান্ডে ভ্রমণ সতর্কতা

**ব্যাংকক, ২৫ জুলাই :** একটি হিন্দু মন্দিরের দখলকে কেন্দ্র করে কম্বোডিয়ার সঙ্গে সংঘর্ষে জড়িয়ে পড়েছে থাইল্যান্ড। এখনও এই সংঘাত জারি রয়েছে। এদিকে থাইল্যান্ডে বেড়াতে যাওয়া ভারতীয় নাগরিকদের জন্য শুক্রবার ভ্রমণ সতর্কতা জারি করেছে ব্যাংককের ভারতীয় দূতাবাস। এক্স হ্যান্ডেলে পোস্ট করা ওই বিবৃতিতে বলা হয়েছে, 'থাইল্যান্ড-কম্বোডিয়া সীমান্ত পরিস্থিতির পরিপ্রেক্ষিতে থাইল্যান্ডে বেড়াতে যাওয়া সব ভারতীয় পর্যটককে থাই সরকারি সূত্র থেকে ঘটনাবলি সম্পর্কে অবগত থাকার পরামর্শ দেওয়া হচ্ছে।' থাইল্যান্ডের ৭টি অঞ্চলে পর্যটকদের না যাওয়ার কথা জানিয়েছে দূতাবাস। এগুলি হল- উবোন রাতচাথানি, সুরিন, সিসাকেট, বুড়িরাম, সা কাও, চানথাবুরি এবং ত্রাত।

# মায়ের 'ডাকে' আত্মঘাতী কিশোর

**মুম্বই, ২৫ জুলাই :** জন্ডিসে মায়ের মৃত্যু মেনে নিতে পারেনি মহারাষ্ট্রের শোলাপুরের দশম শ্রেণি উত্তীর্ণ কিশোর শিবশরণ ভূতালি তালকোটি। পরীক্ষায় ৯২ শতাংশ নম্বর পেয়েও সে মনমরা হয়ে যায়। সবসময় বিষণ্ণ। শুক্রবার ঘর থেকে তার ঝুলন্ত দেহ উদ্ধার হয়েছে। সেখান থেকে মিলেছে চিরকুট। শিবশরণ লিখেছে, 'কাল রাতে মা স্বপ্নে এসেছিল। আমি কষ্টে আছি শুনে তাঁর কাছে যেতে বলেন। মায়ের কাছে চলে যাওয়ার সিদ্ধান্ত নিলাম। কাকু ও ঠাকুমার কাছে আমি কৃতজ্ঞ। আমার মৃত্যুর জন্য আমি দায়ী। বোনকে খুশিতে রেখ। ঠাকুমাকে বাবার কাছে পাঠিও না।' চিরকুটের শেষে লেখা আছে, তোমাদের প্রিন্টা। মেধাবী শিবশরণ ডাক্তার হতে চেয়েছিল। নিচ্ছিল নিটের প্রস্তুতি। পুলিশ মামলা রুজু করেছে।

# স্কুলের ছাদ ভেঙে মৃত্যু ৭ পড়ুয়ার



সরকারি স্কুল ভেঙে পড়ার পর উদ্ধারের কাজে সাধারণ মানুষ। শুক্রবার।

**জয়পুর, ২৫ জুলাই :** ক্লাস চলছিল। আচমকা হুড়মুড় করে ভেঙে পড়ল ছাদ। প্রাণ হারাল সাত শিক্ষার্থী। শুক্রবার সকালে মর্মান্তিক এই ঘটনাটি ঘটেছে রাজস্থানের ঝালওয়ার জেলার পিপলোরি সরকারি স্কুলে। আহতের সংখ্যা ৩০-এরও বেশি। কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক। যারা দুর্ঘটনার শিকার হয়েছে, তাদের বেশিরভাগই সপ্তম শ্রেণির পড়ুয়া।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি মৃতদের প্রতি শোক ও শোকাহত পরিবারের প্রতি সমবেদনা জানিয়ে ঘটনাকে 'দুঃখজনক' বলে অভিহিত করে এক্স হ্যান্ডেলে লিখেছেন, 'এই কঠিন সময়ে শিক্ষার্থী ও তাদের পরিবারের প্রতি আমার সমবেদনা রইল।' শোকপ্রকাশ করেছেন রাজস্থানের প্রাক্তন মুখ্যমন্ত্রী অশোক গেহলট।

অন্যান্য দিনের মতো ঠিক সময়ে স্কুল শুরু হয়। শিক্ষক-শিক্ষিকা, শিক্ষার্থী, স্কুল কর্মচারীরা যথা সময়ে স্কুলে পৌঁছে যান। ক্লাসও শুরু হয়ে যায়। সপ্তম শ্রেণির পড়ুয়াদের ক্লাস চলাকালীন একতলা বিদ্যালয়ের একটি অংশের জরাজীর্ণ ছাদ আচমকা ভেঙে পড়ে। ছুটে আসেন স্কুলের অন্যান্য কর্মী ও স্থানীয় মানুষজন। ধ্বংসস্তূপে আটকে পড়া শিক্ষক, পড়ুয়াদের উদ্ধারে নেমে পড়েন তাঁরা। পুলিশে খবর যায়। আসে জেসিবি মেশিন। স্কুলটিতে প্রাথমিক থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত পড়ানো হয়।

মনোহরথানা হাসপাতালের চিকিৎসক ড. কৌশল লোধা জানিয়েছেন, তাঁদের কাছে ৩৫ জন আহত পড়ুয়াকে নিয়ে আসা হয়। ১১ জনের অবস্থা আশঙ্কাজনক। তাদের ঝালওয়ার জেলা হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে। শিক্ষাসচিব কৃষ্ণ কুণাল জানিয়েছেন, দু'জন ইনটেনসিভ কেয়ার ইউনিটে। আহতদের যথাযথ চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী।

ঘটনাকে কেন্দ্র করে স্থানীয় মানুষজন ও অভিভাবকেরা প্রশাসনের বিরুদ্ধে ক্ষোভ উগরে দিয়েছেন।

# ধর্ষণে সন্তানসম্ভবাকে পুঁতে দেওয়ার চেষ্টা

**ভুবনেশ্বর, ২৫ জুলাই :** আবার নারী নির্যাতনের ঘটনা ঘটল ওড়িশায়। রাজ্যের জগৎসিংহপুর জেলায় দুই ভাইয়ের বিরুদ্ধে ১৫ বছর বয়সি এক কিশোরীকে গণধর্ষণ এবং তার জেরে গর্ভবতী হওয়ার পর তাকে জীবন্ত পুঁতে দেওয়ার চেষ্টার অভিযোগ উঠেছে। চলতি সপ্তাহে দ্বিতীয়বার নারী ধর্ষণের খবর মিলল জগৎসিংহপুর থেকে।

নাবালিকা নির্যাতনের অভিযোগে ইতিমধ্যে বাঁসওয়াড়া গ্রাম থেকে ভাগ্যধর দাস এবং পঞ্চানন দাস নামে দুই ভাইকে পুলিশ গ্রেপ্তার করেছে। তৃতীয় সন্দেহভাজন জনৈক টুলু এখনও নিখোঁজ রয়েছে। তাকে খুঁজে বের করার জন্য তল্লাশি শুরু করেছে পুলিশ।

দীর্ঘদিন ধরেই ওই কিশোরীকে অভিযুক্তরা ধর্ষণ করছে বলে অভিযোগ। পুলিশ জানিয়েছে, ওই কিশোরী গর্ভবতী হয়ে পড়লে নিজেদের কুকীর্তি ঢাকতে গর্ভপাত করানোর সিদ্ধান্ত নেয় ওই দুই তরুণ। তার জন্য প্রয়োজনীয় খরচও দেওয়ার আশ্বাস দেওয়া হয় কিশোরীকে। এরপর একদিন নির্যাতিতাকে তারা নির্দিষ্ট স্থানে ডেকে পাঠায়। দুই তরুণের কথায় ওই কিশোরী নির্দিষ্ট জায়গায় পৌঁছোয়। সেখানে তাকে হুমকি দিয়ে বলা হয়, এখনই গর্ভপাতে রাজি না হলে তাকে জ্যান্ত মাটিতে পুঁতে দেওয়া হবে। কথাবার্তার সময় কিশোরী খেয়াল করে যে, মাঠের মধ্যে গর্ত খোঁড়া হয়েছে। বিপদ আঁচ করে কোনওরকমে সেখান থেকে পালিয়ে বাড়িতে গিয়ে সব ঘটনা খুলে বলে ওই নাবালিকা। এরপর তার পরিবার থানায় অভিযোগ দায়ের করে।

ইতিমধ্যে ওই নাবালিকার শারীরিক পরীক্ষা করানো হয়েছে। তার বাবার অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করেছে পুলিশ।


রবিবার মালকানগিরি জেলায় একই রকম একটি ঘটনা ঘটে। এক নাবালিকাকে অপহরণ করে গণধর্ষণ করে তিনজন। সে তাদের হাত থেকে বাঁচতে সক্ষম হলেও বাড়ি ফেরার পথে ফের তাকে ধর্ষণ করে এক ট্রাকচালক।

### ক্ষুব্ধ আমেরিকা ও ইজরায়েল

# প্যালেস্তাইনকে স্বীকৃতি দেবে ফ্রান্স

**প্যারিস, ২৫ জুলাই :** আগামী সেপ্টেম্বরে আনুষ্ঠানিকভাবে প্যালেস্তাইন রাষ্ট্রকে স্বীকৃতি দেবে বলে জানিয়েছেন ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ। শিল্পোন্নত সাতটি দেশের জোট জি-৭ তথা রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য দেশ হিসাবে ফ্রান্সই প্রথম এই স্বীকৃতি দিতে যাচ্ছে প্যালেস্তাইনকে। ম্যাক্রোঁর সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন প্যালেস্তাইনের কর্তাব্যক্তিরা। অন্যদিকে ম্যাক্রোঁর এহেন ঘোষণার তীব্র সমালোচনা করেছে মার্কিন যুক্তরাষ্ট্র ও ইজরায়েল।

বৃহস্পতিবার ফরাসি প্রেসিডেন্ট বলেন, 'আজকের জরুরি প্রয়োজন হল গাজায় যুদ্ধের অবসান এবং সাধারণ মানুষের জীবনহানি ও ক্ষতি আটকানো। অবিলম্বে যুদ্ধবিরতি, সব পণবন্দির মুক্তি এবং গাজার জনগণের জন্য ব্যাপক মানবিক সহায়তার ব্যবস্থা করা দরকার।'



অবিলম্বে যুদ্ধবিরতি, সব পণবন্দির মুক্তি এবং গাজার জনগণের জন্য ব্যাপক মানবিক সহায়তার ব্যবস্থা করা দরকার।

**ইমানুয়েল ম্যাক্রোঁ**

ম্যাক্রোঁর সিদ্ধান্তে স্বভাবতই ক্ষুব্ধ ইজরায়েলি প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু বলেন, ২০২৩ সালের ৭ অক্টোবর ইজরায়েলে হামাসের হামলার পর এই পদক্ষেপ স্পষ্টতই 'সন্ত্রাসকে পুরস্কৃত' করার সমান।

রাষ্ট্রসংঘের ১৯৩টি সদস্য রাষ্ট্রের মধ্যে ১৪০টিরও বেশি দেশ প্যালেস্তাইনকে রাষ্ট্রের মর্যাদা দিলেও ইজরায়েলের বড় বন্ধু মার্কিন যুক্তরাষ্ট্র ও ব্রিটেন সহ তার মিত্ররা প্যালেস্তাইনকে আজও স্বীকৃতি দেয়নি।

বৃহস্পতিবার ম্যাক্রোঁর ঘোষণার পরই মুখ খুলেছে হোয়াইট হাউস। মার্কিন বিদেশসচিব মার্কো রুবিও ফরাসি প্রেসিডেন্টের সিদ্ধান্তের সমালোচনা করে লেখেন, 'আমেরিকা মাক্রোঁর প্যালেস্তাইন সংক্রান্ত পরিকল্পনাকে মানছে না। এই বেপরোয়া সিদ্ধান্ত হামাসকে উৎসাহিত এবং শান্তিপ্রক্রিয়াকে বিঘ্নিত করবে।'

ব্রিটেনের প্রধানমন্ত্রী কিয়ের স্টারমার জার্মানি ও ফ্রান্সের নেতাদের সঙ্গে যুদ্ধবিরতির প্রয়োজনীয়তা নিয়ে কথা বলবেন বলে জানিয়েছেন। তিনি বলেন, রাষ্ট্রের স্বীকৃতি প্যালেস্তিনীয় জনগণের একটি 'অবিচ্ছেদ্য অধিকার'। কিন্তু একইসঙ্গে যুদ্ধবিরতি 'আমাদের একটি প্যালেস্তিনীয় রাষ্ট্র এবং দ্বি-রাষ্ট্রীয় সমাধানের স্বীকৃতির সুযোগ তৈরি করে দেবে'।

# 'ভুল' শুধরে নেওয়ার আশ্বাস রাহুলের

**নয়াদিল্লি, ২৫ জুলাই :** 'আমি ভুল করেছিলাম। আমিই শুধরে নেব', শুক্রবার দিল্লিতে কংগ্রেসের 'ভাগীদারি ন্যায় সম্মেলন'-এ একথা জানিয়েছেন রাহুল গান্ধি। ওবিসিদের জন্য আয়োজিত এই সম্মেলনে জাতগণনা নিয়ে ফের সুর চড়িয়েছেন তিনি। ওবিসিদের সমস্যা নিয়ে অনেক আগে তাঁর সক্রিয় হওয়া উচিত ছিল বলে জানান লোকসভার বিরোধী দলনেতা। রাহুলের কথায়, 'আমরা আরও আগে জাতগণনা করতে পারিনি। এটা কংগ্রেসের নয়, আমার ভুল। এবার সেই ভুল সংশোধন করেছি।'

তালকাটরা স্টেডিয়ামে কয়েক হাজার দলীয় সদস্যের সামনে দাঁড়িয়ে রাহুল বলেন, '২০০৪ থেকে আমি রাজনীতিতে রয়েছি। এখন যখন ২১ বছরের রাজনৈতিক জীবনের কথা ভাবি, বুঝতে পারি সবচেয়ে বড় ভুল কী করেছি। সেটা হল ওবিসিদের অধিকারের জন্য যা যা করা দরকার ছিল সেগুলি করতে পারিনি। ১০-১৫ বছর আগেও ওবিসিদের অধিকার সম্পর্কে এত চিন্তা-ভাবনা করতাম না।' দলিত, তপশিলি জাতি এবং মহিলাদের স্বার্থরক্ষার জন্য তাঁর সক্রিয়তায় কখনোই খামতি ছিল না বলে দাবি করেছেন রাহুল।

মোদিকে নিশানা করে রাহুল বলেন, 'নরেন্দ্র মোদি বিরাট কোনও ব্যক্তিত্ব নন। সংবাদমাধ্যম তাঁকে বেলুনের মতো ফুলিয়েছে। আমি তাঁর সঙ্গে দেখা করেছি। শুধুই দেখনদারি। আর কিছু নেই।' ওবিসি শ্রেণির উন্নতির জন্য নির্দিষ্ট পরিকল্পনা ঘোষণার কথা জানিয়েছেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে।

# রাজ্যসভায় কমল হাসান

**নয়াদিল্লি, ২৫ জুলাই :** রাজ্যসভার সাংসদ হিসাবে শুক্রবার শপথ নিলেন কমল হাসান। ডিএমকের সমর্থনে রাজ্যসভার সাংসদ হলেন তিনি। দক্ষিণী ছবির বিশিষ্ট অভিনেতা এদিন তামিল ভাষায় শপথ গ্রহণ করলে উপস্থিত সাংসদরা হাততালি ও ডেস্ক চাপড়ে তাঁকে অভিনন্দন জানান।

৬৯ বছর বয়সি হাসান ১২ জুন ডিএমকে-নেতৃত্বাধীন জোটের সমর্থনে রাজ্যসভায় অপ্রতিদ্বন্দ্বীভাবে নির্বাচিত হন। শপথগ্রহণের আগে তিনি বলেন, 'আজ দিল্লিতে শপথ নিয়ে আমার নাম নথিভুক্ত করাতে যাচ্ছি। একজন ভারতীয় হিসাবে যে সম্মান আমাকে দেওয়া হয়েছে, তা রক্ষা করেই আমি দায়িত্ব পালন করব।' এর একদিন আগে এক সাক্ষাৎকারে তিনি বলেন, 'এটা আমার জন্য গর্বের বিষয়। জানি, আমার থেকে অনেক কিছু আশা করা হচ্ছে। আমি সেই প্রত্যাশা পূরণের সর্বোচ্চ চেষ্টা করব। তামিলনাড়ু ও ভারতের কথা বলার জন্য সৎ ও আন্তরিকভাবে কাজ করব।' ২০১৭ সালে কমল তাঁর দল গঠন করেছিলেন।

# সোমবার থেকে সচল হতে পারে সংসদ

**নবনীতা মণ্ডল**

**নয়াদিল্লি, ২৫ জুলাই :** ২১ জুলাই বাদল অধিবেশন শুরু হওয়ার পর ৫ দিন কেটে গেলেও সংসদে অচলাবস্থা কাটার কোনও লক্ষণ দেখা যাচ্ছে না। শুক্রবারও শাসক-বিরোধী টানাপোড়েনের জেরে বারবার স্থগিত হল লোকসভা এবং রাজ্যসভার অধিবেশন। ভোটার তালিকায় নিবিড় সংশোধন (এসআইআর) প্রক্রিয়া পুনর্মূল্যায়ন, পহলগাম হামলা এবং অপারেশন সিঁদুর নিয়ে আলোচনার দাবিতে এদিন সংসদের ভিতরে ও বাইরে বিক্ষোভ দেখান কংগ্রেস, তৃণমূল সহ বিভিন্ন বিরোধী দলের সাংসদরা। লোকসভা অধ্যক্ষ ওম বিড়লা এদিন বিভিন্ন দলের নেতাদের নিয়ে বৈঠক করেন। সেখানে সিদ্ধান্ত হয় যে সোমবার 'অপারেশন সিঁদুর' নিয়ে আলোচনা হবে। তবে এসআইআর ইস্যুতে আলোচনা নিয়ে নীরব ছিল শাসক শিবির। এসআইআর নিয়ে সংসদে আলোচনা না হলে দিল্লিতে নির্বাচন কমিশনের দপ্তরের সামনে ধর্নায় বসবেন বলে হুঁশিয়ারি দিয়েছেন তৃণমূল কংগ্রেসের লোকসভা সাংসদ কাকলি ঘোষদস্তিদার।



এসআইআর-এর পুনর্মূল্যায়নের দাবিতে বিক্ষোভ। শুক্রবার নয়াদিল্লিতে।

স্পিকারের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন,'পহলগাম হামলায় জড়িত ৪ জনকে এখনও গ্রেপ্তার করা হয়নি। প্রধানমন্ত্রীকে সংসদে জানাতে হবে, এই মুহূর্তে তদন্ত কোন পর্যায়ে রয়েছে।' তৃণমূল সাংসদ আরও বলেন, 'এই মুহূর্তে আমাদের প্রধান দাবি, ভোটার তালিকায় বিশেষ সংশোধন বন্ধ করতে হবে। এই নিয়ে সভায় আলোচনা হওয়া জরুরি। সরকারের তরফে বিষয়টি ভেবে দেখার আশ্বাস দেওয়া হয়েছে।' এদিনের বৈঠকের পর আশা করা হচ্ছে আগামী সপ্তাহ থেকে লোকসভায় স্বাভাবিক কাজকর্ম শুরু হতে পারে।

শুক্রবার রাজ্যসভায় তৃণমূল সাংসদরা ওয়েলে নেমে বিক্ষোভ দেখান। স্লোগান দেন, ভোট চুরি বন্ধ করো। তাঁদের সঙ্গে যোগ দিয়েছিলেন একাধিক কংগ্রেস সাংসদও। তৃণমূলের রাজ্যসভার দলনেতা ডেরেক ও'ব্রায়েন বলেন, 'সংসদে আলোচনার জন্য এসআইআর আমাদের অগ্রাধিকারের তালিকায় রয়েছে।' তিনি বলেন, 'নির্বাচন কমিশনের সাংবিধানিক কর্তৃত্ব আছে নির্বাচন পরিচালনার। কিন্তু আমরা এটা মেনে নিতে পারি না যে প্রকৃত ভোটারদের নাম তালিকা থেকে বাদ দেওয়া হবে। সব বিরোধী দল একজোট হয়ে এর বিরোধিতা করছে।' তাঁর প্রশ্ন, 'পশ্চিমবঙ্গ থেকে একহাজার বিএলও-কে প্রশিক্ষণের নামে কেন ডেকে পাঠানো হয়েছে? কোনও পরিকল্পনা রয়েছে?'

লোকসভায় এদিন কার্গিল যুদ্ধের শহিদদের শ্রদ্ধা জানানো হয়। রাজ্যসভায় তামিলনাড়ুর চার নতুন সদস্যের শপথগ্রহণ অনুষ্ঠিত হয়। তাঁদের মধ্যে ছিলেন অভিনেতা ও চলচ্চিত্র নির্মাতা কমল হাসান।

কংগ্রেস সাংসদ মানিকম টেগোর লোকসভায় 'বিহারে ৫২ লক্ষ ভোটারকে ভোটার তালিকা থেকে বাদ দেওয়ার চক্রান্ত' নিয়ে আলোচনার দাবি জানিয়ে একটি স্থগিত প্রস্তাব জমা দিয়েছেন। তিনি এই ঘটনাকে 'সংবিধান ও গণতন্ত্রের ওপর মোদি সরকারের সরাসরি আঘাত' বলে উল্লেখ করেন। নির্বাচন কমিশনকে ব্যবহার করে সাধারণ মানুষের ভোটাধিকার কেড়ে নেওয়া হচ্ছে বলে অভিযোগ করেছেন তিনি।



# বৃষ্টির দিনে সাবধান থাকুন

বৃষ্টির সময় টানা বর্ষণে জলের উচ্চতা বেড়ে যেতে পারে, যার ফলে ঘরবাড়িতে পানি জমে যাওয়ার আশঙ্কা থাকে। এর ফলে নানান বিপদও সামনে আসে। তাই নিরাপদ থাকতে কিছু বিশেষ সতর্কতা অবলম্বন করা প্রয়োজন। জেনে নেওয়া যাক বৃষ্টির দিনে যেসব বিষয়কে নজরে রাখতে হবে:

## বিদ্যুৎ সরঞ্জাম

বজ্রপাতের সম্ভাবনা বাড়ে। ফলে বিদ্যুতের যন্ত্রপাতি ক্ষতিগ্রস্ত হওয়ার ঝুঁকি থাকে। তাই বৈদ্যুতিন যন্ত্রপাতি, যেমন টিভি, কম্পিউটার এবং ওয়াশিং মেশিনের প্লাগ খুলে রাখুন। ঝড়ের সময় বিদ্যুৎ বিচ্ছিন্ন রাখাই শ্রেয়। এই সব ব্যবস্থা আপনার ঘর ও জীবনের নিরাপত্তা নিশ্চিত করবে।

## জানলা ও দরজা

বৃষ্টি শুরু হওয়ার আগে নিশ্চিত করুন সব জানালা ও দরজা বন্ধ আছে কিনা। এতে ঘরে জল ঢোকার সম্ভাবনা কমে যাবে এবং ঘরের ভেতর জল জমার সম্ভাবনা থাকবে না। বিশেষ করে শোওয়ার ঘরের জানলাগুলোকে পর্যবেক্ষণ করুন, কারণ সেখান থেকে বৃষ্টির জল ঢুকে বিছানা নষ্ট করে দিতে পারে। দরজাগুলো সঠিকভাবে বন্ধ হচ্ছে কিনা, তাও দেখুন।

## ছাদের অবস্থা

বৃষ্টির কারণে ছাদে জল জমলে তা বাড়ির জন্য বিপদের কারণ হতে পারে। ছাদের গর্ত ও ফাটলগুলো বর্ষার আগে ঠিক করে নিন এবং নিয়মিতভাবে রক্ষণাবেক্ষণ করুন। বৃষ্টির পরে ছাদে জল জমলে দ্রুত নিষ্কাশন করার ব্যবস্থা করুন, যাতে ছাদের কাঠামো ক্ষতিগ্রস্ত না হয়।

## জল নিষ্কাশন

নিষ্কাশন ব্যবস্থা বন্ধ থাকলে বৃষ্টির জল দ্রুত জমতে পারে। তাই খেয়াল রাখুন, জল নিষ্কাশনের নল বা পাইপগুলো পরিষ্কার এবং ব্লকিং মুক্ত আছে কিনা। নিয়মিতভাবে এই পাইপগুলো পরীক্ষা করুন, যাতে বৃষ্টির সময়ে জল জমে না যায়।

## ফ্লোরের পরিচ্ছন্নতা

বৃষ্টির কারণে মেঝে পিচ্ছিল হয়ে যায়। তাই নিশ্চিত করুন যাতে ফ্লোরে কোনো আবর্জনা, মাটি বা জল জমে নেই। না হলে পিছলে পড়ে আঘাত লাগতে পারে। বিশেষ করে বাড়িতে ছোট বাচ্চা বা প্রবীণ কেউ থাকলে তাদের নিরাপত্তার দিকে বেশি নজর দিন। পিচ্ছিল জায়গা দ্রুত মুছে ফেলুন।

## ফায়ার অ্যালার্ম

বৃষ্টির কারণে বিদ্যুৎ বিভ্রাটে ফায়ার অ্যালার্ম সঠিকভাবে কাজ করছে কিনা, পরীক্ষা করে নিন। নিয়মিতভাবে এটি পরীক্ষা করা উচিত। ফায়ার অ্যালার্ম বা সিকিউরিটি সিস্টেমে সমস্যা থাকলে দ্রুত মেরামত করুন।

## জরুরি কিট

বিপজ্জনক পরিস্থিতির জন্য জরুরি কিট প্রস্তুত রাখুন। এতে ব্যান্ডেজ, অ্যান্টিসেপটিক, গ্লুকোজ এবং প্রয়োজনীয় ওষুধ রাখতে হবে। জরুরি পরিস্থিতিতে এই কিট সাহায্য করবে এবং আপনাকে দ্রুত সাহায্য পাওয়ার সুযোগ দেবে।

## খাবারের সংরক্ষণ

জল জমলে খাদ্যপণ্য নিয়ে ঝুঁকি বাড়ে। তাই খাদ্যদ্রব্য সঠিকভাবে সংরক্ষণ করুন এবং দরজায় বা জানালার পাশে খাবারের প্যাকেট না রাখার চেষ্টা করুন। খাদ্যদ্রব্যের সংরক্ষণ নিয়ে সতর্ক থাকুন, বিশেষ করে কাঁচা পণ্যগুলোর ক্ষেত্রে।

## গাছপালা

গাছের ডাল ভেঙে পড়ার সম্ভাবনা থাকে। তাই গাছপালা নিয়মিত তদারকি করুন এবং বিপজ্জনক অবস্থায় থাকা গাছগুলো কেটে ফেলুন। বাড়ির আশেপাশের গাছপালা থেকে জল পড়ে যাতে বাড়ির পরিবেশ নষ্ট না হয়, সেদিকে লক্ষ্য রাখুন।

## নিরাপত্তা

নিজের নিরাপত্তার ব্যাপারে সতর্ক থাকুন। একা বের হওয়ার প্রয়োজন হলে নিরাপদ পন্থা অবলম্বন করুন এবং সময়মতো প্রয়োজনীয় ব্যবস্থা নিন। বিশেষ করে বৃষ্টির দিনে বাইরে বের হওয়ার আগে আবহাওয়ার পূর্বাভাস দেখে পরিকল্পনা করুন।

# জেন জি রূপচর্চার ফাঁদ?



'স্কিন কেয়ার' বা ত্বকের যত্নে প্রতিনিয়তই যুক্ত হচ্ছে নতুন সব কায়দা-কানুন। কিশোর ও তরুণ; অর্থাৎ জেন-জি, ১৩ থেকে ২৮-এর কোঠায় যাঁদের বয়স, তাঁরা ত্বক সুন্দর রাখতে প্রতিনিয়তই আয়ত্ত করছেন নতুন নতুন ট্রিকস অ্যান্ড টিপস। জেনারেশন এক্সদের কথা বাদই দিলাম, জেনারেশন ওয়াই বা মিলেনিয়ালরাও কয়েক বছর ত্বকের যত্নের ওপর মনোযোগ বাড়িয়েছেন। সেদিক থেকে চিন্তা করলে জেন-জিরা কিন্তু এখন থেকেই সচেতন। ত্বকের যত্নের রুটিনে একের পর এক জুড়ে নিচ্ছেন নতুন নতুন পণ্য। আর এতেই বাধছে বিপত্তি!

## ত্বকের যত্নে বয়সের গুরুত্ব

শিশুর মসৃণ ত্বক কৈশোরে অন্য রকম দেখাবে। বয়স বাড়ার সঙ্গে উঁকি দিতে শুরু করে ত্বকের নানা সমস্যা। এ নিয়ে আতঙ্কিত হওয়ার কিছু নেই। ত্বক কেমন হবে, কতটা সুস্থ থাকবে, এটা ব্যক্তির জিনগত বৈশিষ্ট্যের ওপর নির্ভর করলেও ঠিকঠাক যত্নে ত্বক এমনিতেই ভালো থাকে। ত্বকের যত্নের পুরো বিষয়টাই বয়সনির্ভর। কিশোর বয়সের ত্বকের সমস্যা প্রাপ্তবয়স্কদের উপযুক্ত কোনো পণ্য ব্যবহার করে সমাধান করা যাবে না। প্রাপ্তবয়স্করা যেভাবে ত্বকের যত্ন নেবেন এবং যা ব্যবহার করবেন, কিশোর বয়সীদের সেগুলো থেকে অবশ্যই দূরে থাকতে হবে। ত্বকের সমস্যা বোঝার পাশাপাশি বয়স অনুযায়ী ত্বকের যত্ন নিতে হবে। কোন বয়সের ত্বকের চর্চা কেমন হবে, বুঝতে হবে। বিশেষ করে সামাজিক যোগাযোগমাধ্যমে বিভিন্ন স্কিনকেয়ার ট্রেন্ড বা রূপচর্চার চলতি ধারা দেখে ত্বকচর্চা থেকে বিরত থাকতে হবে। না হলে পরে ত্বক আরও বেশি ক্ষতিগ্রস্ত হয়ে যেতে পারে।

## 'সিএমএস' রুটিন

কিশোর বয়সে ত্বকের পরিবর্তন আটকে রাখা যাবে না। হঠাৎ ব্রণ দেখা দিলে ঘাবড়ে যাওয়া যাবে না। এ সময় না জেনে-বুঝে কিংবা লোকের কথায় অনেক বেশি কিছু ত্বকে ব্যবহার করা অনুচিত। প্রথমেই মাথায় রাখতে হবে, শরীরে হরমোনের পরিবর্তনের কারণে এমনটি হতেই পারে। তবে এ বয়স থেকেই ত্বক সুস্থ রাখার চেষ্টা করতে বললেন আফরোজা পারভীন। তিনি বলেন, প্রথমেই নিজেকে পরিষ্কার রাখা শিখতে হবে। দিনে কয়েকবার পানি দিয়ে ত্বক পরিষ্কার করলেই হলো। তবে ব্রণের সমস্যা থাকলে ত্বক অনুযায়ী ফেসওয়াশ ব্যবহার করা যেতে পারে। কৈশোরে ত্বকের যত্নে যত কম জিনিস ব্যবহার করা যায়, ততই ভালো, এমনটাই মনে করেন এই রূপবিশেষজ্ঞ। শুধু মেয়েদের নয়, একই পরামর্শ ছেলেদের দিয়েও আফরোজা বলেন, ত্বকের যত্ন করা তো মেকআপ করা নয়। এটা আত্মযত্নের অংশ। ছেলেদেরও এ বয়স থেকেই ত্বকের যত্ন নেওয়া শিখতে হবে।

আজকাল শিশুদের কেন্দ্র করে ত্বকে ব্যবহৃত পণ্যের একটা বিশাল বাজার গড়ে উঠেছে। দেশি-বিদেশি পণ্যের রঙিন মোড়ক আর মজার সব নামে আকৃষ্ট হচ্ছে শিশুরা। তার ওপর সামাজিক যোগাযোগমাধ্যমের প্রভাব তো আছেই। এই তো কিছুদিন আগেই টিকটক-ইনস্টাগ্রামে কিশোর বয়সী একদল অনলাইন ইনফ্লুয়েন্সারের 'সেফোরা কিডস' নামে ডাকা হচ্ছিল। ত্বকচর্চার বিভিন্ন পণ্য নিজের ত্বকে ব্যবহার করে এরা মূলত ভিডিও তৈরি করে। ব্যাপারটি নিয়ে আশঙ্কা প্রকাশ করেছেন দেশ-বিদেশের ত্বকবিশেষজ্ঞরা। এ বয়সে ত্বকে অনেক জিনিস ব্যবহার না করে 'সিএমএস' রুটিন মেনে চলার পরামর্শ দেন তাঁরা। সিএমএস, অর্থাৎ ক্লিনজার, ময়েশ্চারাইজার ও সানস্ক্রিন—এ তিনটি জিনিস হলেই যথেষ্ট।



### সিরাম কী এবং কেন

ত্বকের নির্দিষ্ট সমস্যার সমাধানে কাজ করে সিরাম। সমস্যাগুলোর বেশির ভাগই শুরু হয় সাধারণত কিশোর বয়সের পর। তাই কৈশোরে সিরাম ব্যবহারে নিরুৎসাহিত করেন চিকিৎসকেরা। প্রাপ্তবয়সে সিরাম ব্যবহার করতে চাইলে ত্বকের সমস্যা অনুযায়ী বেছে নিতে হবে। যেমন ব্রণ হলে স্যালিসাইলিক অ্যাসিড, নায়াসিনামাইড সিরাম ব্যবহার করা যেতে পারে। ত্বকে কালচে দাগ বা মলিন দেখালে আলফা আরবুটিন, ল্যাকটিক অ্যাসিড, ভিটামিন সি, নায়াসিনামাইড সিরাম বেশ ভালো কাজ করে। শুষ্ক ত্বকের জন্য উপকারী সিরাম হলো হায়ালুরোনিক অ্যাসিড। ত্বকের দ্রুত বুড়িয়ে যাওয়া রোধ করতে পারে রেটিনল। কোনো কোনো সিরাম ত্বকের মৃত কোষ দূর করে ত্বককে পুনরুজ্জীবিত করতে পারে। সিরাম ব্যবহারের আগে অবশ্যই এর সঠিক মাত্রা নিশ্চিত করতে হবে। সিরামের বোতলে লেখা ব্যবহারবিধি ভালো করে পড়ে নিতে হবে। না হলে হিতে বিপরীত হতে পারে।

## তরুণ ত্বকে যেমন যত্ন যা করতে হবে

- ত্বকের ধরন অনুযায়ী একটি ক্লিনজার বা ফেসওয়াশ ব্যবহার করতে হবে। শুষ্ক ত্বক হলে তেলভিত্তিক ক্লিনজার ব্যবহার করতে পারেন। তৈলাক্ত ত্বক হলে পানি বেশি আছে, এমন ক্লিনজার বা পরিষ্কারক ব্যবহার করতে হবে। ব্রণ হলে স্যালিসাইলিক অ্যাসিড, গ্রিন টি, বেনজোয়েল পার-অক্সাইড, টি ট্রি অয়েল যুক্ত ক্লিনজার ব্যবহার করতে পারেন।
- ত্বক অনুযায়ী টোনার ব্যবহার করা ভালো। টোনারের ত্বকের পিএইচ ব্যালান্স ঠিক করে ত্বকের স্বাভাবিক আর্দ্রতা ফিরিয়ে দেয়। টোনারের কার্যক্ষমতা এর উপাদানের ওপর নির্ভর করে। এটি পানির মতো হওয়ায় সরাসরি হাতে বা তুলায় নিয়ে মুখে ব্যবহার করতে হবে।
- রোদ হোক বা বৃষ্টি, সানস্ক্রিন ব্যবহার করতে ভুলবেন না। এটা ছেলে বা মেয়ে, সবার জন্য প্রযোজ্য।
- নতুন কোনো পণ্য ত্বকে ব্যবহারের পর যদি ত্বক জ্বালাপোড়া করে বা লালচে হয়, তাহলে সেটি আর ব্যবহার না করাই ভালো।
- ত্বকে যেকোনো নতুন কিছু ব্যবহার করতে চাইলে প্রথমে সপ্তাহে এক বা দুই দিন ব্যবহার করে ত্বককে অভ্যস্ত করে নিতে হবে।
- ত্বককে সিরামের সঙ্গে পরিচিত করাতে পারেন এ বয়সে। ত্বকের সমস্যা অনুযায়ী যেকোনো একটি বা দুটি সিরাম যুক্ত করে নিতে পারেন প্রতিদিনকার স্কিন কেয়ার রুটিনে।



## ট্রেন্ডের ফাঁদে

ত্বকের নানা সমস্যা নিয়ে সবচেয়ে বেশি চিন্তিত থাকেন তরুণ বয়সীরা। অনলাইনে ছড়িয়ে-ছিটিয়ে থাকা ত্বকচর্চার বিভিন্ন ট্রেন্ডের ফাঁদে তাঁরাই বেশি পড়েন। ১৮ বছর বয়সী রুহিনা তারান্নুমের সঙ্গে যেমনটা ঘটেছে। বেশ কয়েক দিন আগে ইনস্টাগ্রামে 'স্লাগিং' পদ্ধতিতে ত্বকের আর্দ্রতা ফিরিয়ে আনার ব্যাপারটি জানতে পারেন তিনি। এ পদ্ধতিতে মুখের ত্বকে অনেক বেশি করে পেট্রোলিয়াম জেলি লাগিয়ে ঘুমাতে যেতে হয়। ত্বকে শুষ্কতা দূর করতে টানা দুই দিন ত্বকে স্লাগিং করেন রুহিনা। তৃতীয় দিন দেখতে পান মুখে ছোট ছোট ব্রণ উঠছে। এরপর রুহিনার সিদ্ধান্ত, অনলাইনে যা দেখব, তা-ই করা যাবে না।

রূপচর্চা নিয়ে ইন্টারনেটে এত তথ্যের মধ্যে খারাপ-ভালো সবই আছে, বলেন আফরোজা পারভীন। কিন্তু প্রত্যেকের ত্বক আলাদা। আরেকজনের ত্বকে যা কাজ করবে, আপনার ত্বকে তা কাজ না করে উল্টো ক্ষতি করতে পারে। তাই অনলাইন ট্রেন্ড অনুযায়ী ত্বকের যত্ন না করাই বুদ্ধিমানের কাজ।

## সমস্যা অনুযায়ী সমাধান

জেন-জিদের অনেকে ইন্টারনেট ঘেঁটে ত্বকের সমস্যার লক্ষণ অনুযায়ী নিজেরাই বিভিন্ন ওষুধ ব্যবহার করছেন। পণ্যের বিজ্ঞাপন দেখেও প্রভাবিত হচ্ছেন তাঁরা। আবার একটি পণ্য আরেকজনের ত্বকে কাজ করেছে দেখে নিজেও ব্যবহার করছেন। এভাবে চিকিৎসকের পরামর্শ ছাড়া নিজে নিজে ওষুধ ব্যবহারের প্রবণতা অত্যন্ত বিপজ্জনক। বলছিলেন আফজালুল করিম। তিনি বলেন, ত্বকের যেকোনো সমস্যায় আগে রোগ নির্ণয় করতে হবে, তারপর ত্বকের ধরন অনুযায়ী চিকিৎসা নিতে হবে।



### ছেলেদের ত্বকও ভালো থাকুক

ত্বকের যত্নে জোরালো কোনো রুটিন মেনে চলেন না মেহরাব হাসান (২২)। মেহরাব বলেন, 'ফেসওয়াশ দিয়ে মুখ ধুয়ে পরিষ্কার করে একটি ময়েশ্চারাইজার ব্যবহার করি।' আর দিনের বেলায় সানস্ক্রিন ব্যবহার করা জরুরি। ছেলেদের ত্বক ভালো রাখতে এই সাধারণ রুটিনই যথেষ্ট, জানান আফজালুল করিম। তবে যা-ই ব্যবহার করি, সেটা যেন হয় ত্বকের ধরন অনুযায়ী। যেমন তৈলাক্ত ত্বকে তেলযুক্ত কোনো পণ্য ব্যবহার করা উচিত নয়। এতে ব্রণের সমস্যা হতে পারে।

## 'ক্রিম মেখে ফর্সা হতে হবে না'

রং ফরসাকারী ক্রিমের অপব্যবহার নিয়ে মানুষকে সচেতন করে সামাজিক যোগাযোগমাধ্যমে নানা ভিডিও বার্তা দিয়ে আসছিলেন সলিমুল্লাহ মেডিকেল কলেজের শিক্ষার্থী মেহেজাবীন হোসেন। এই ইনফ্লুয়েন্সার বলেন, ত্বক ফর্সা করতে গিয়ে অনেকেই ত্বকের বিভিন্ন রোগে আক্রান্ত হচ্ছেন। তাই এটা-সেটা মেখে ফরসা হওয়ার চেষ্টা না করে ত্বক সুন্দর রাখার চেষ্টা করা প্রয়োজন। আফজালুল করিম বলেন, তীব্রমাত্রার স্টেরয়েড থাকায় এগুলো ত্বকের জন্য ভয়াবহ। এগুলো ব্যবহারে অল্প সময়ের মধ্যে হঠাৎ ত্বক ফরসা হয়ে গেলেও কিছুদিনের মধ্যেই ত্বক একবারে নষ্ট হয়ে যায়। তাই ভুলেও এগুলো ব্যবহার করা যাবে না।

## প্রতিদিনই 'মি টাইম'

ত্বকের জন্য দিনের একটা নির্দিষ্ট সময় বরাদ্দ রাখেন জেন-জিরা। রাতে ঘুমাতে যাওয়ার আগের সময়টাই সেরা, বলছিলেন তাঁদেরই একজন। একান্তই নিজের এই সময়ের নাম দিয়েছেন 'মি টাইম'। এ সময় নিজের কাজগুলো করে নেওয়ার ফাঁকে ত্বকচর্চাটাও সেরে নিচ্ছেন এই প্রজন্মের তরুণেরা। এই মি টাইমে ত্বকচর্চার জন্য একটি নির্দিষ্ট রুটিন থাকা জরুরি, বলছিলেন সুপ্রভা মোরশেদ (২০)। না হলে নাকি ত্বকের যত্ন নেওয়া হয়ে ওঠে না। সুপ্রভা বলেন, ত্বকের উপযোগী কয়েকটি জিনিস ঠিক করে নিন। প্রতিদিন নিয়ম করে সেগুলো ব্যবহার করুন। মি টাইমে নিজের ত্বকের সঙ্গে নিজেই বোঝাপড়া করুন।

## কম খরচেই স্কিন কেয়ার

ত্বকের জন্য এত কিছু কেনা বেশ খরচের ব্যাপার। ত্বকে কোনো একটা ক্রিম বা সিরাম খাপ খেয়ে গেলেই হলো। সেটি শেষ হলেই নতুন করে কিনতে হচ্ছে। ত্বকের একাধিক সমস্যা থাকলে ব্যবহার করতে হচ্ছে ভিন্ন ভিন্ন উপকরণের সিরাম। এভাবে একাধিক পণ্য কিনতে গিয়ে নাগালের বাইরে চলে যাচ্ছে খরচ। তাই ত্বকচর্চার খরচ কমাতে 'মাল্টি-ইউজ' পণ্য ব্যবহার করার পরামর্শ দিলেন আফরোজা পারভীন। বিষয়টিকে বুঝিয়ে তিনি বলেন, এমন একটি পণ্য কিনতে পারেন, যা দিয়ে একটির বদলে একাধিক সুবিধা পাওয়া যাবে। যেমন সিরামযুক্ত মুখের ক্রিম, স্ক্রাবযুক্ত ফেসওয়াশ, ময়েশ্চারাইজারযুক্ত সানস্ক্রিন ইত্যাদি। সিরাম ব্যবহার করতে চাইলে শুধু একটি উপকরণ, যেমন নায়াসিনামাইড সিরাম না কিনে নায়াসিনামাইডের সঙ্গে ভালো কাজ করে, এমন অন্তত একটি বা দুটি অন্য উপাদান মিশ্রিত আছে, এ ধরনের সিরাম নিন। এভাবে খরচও বাঁচবে, সঙ্গে একাধিক জিনিস ব্যবহারের অতিরিক্ত সময়ও বেঁচে যাবে।

# বর্ষায় মন খারাপ?



শহুরে জীবনে বেশিরভাগ মানুষই বৃষ্টির দিনটা উপভোগ করেন খিচুড়ি বিলাস করে। কেউ কেউ পছন্দ করেন বৃষ্টিতে ভিজতে। তবে সবাই যে বৃষ্টি দেখলে খুশি হন, মন চঞ্চল হয়ে ওঠে, তা কিন্তু না। বৃষ্টি অনেকের কাছেই বিষন্নতার আরেক রূপ।

বৃষ্টিতে কেন অনেক মানুষ বিষন্নতায় ভোগেন, তার খুব জোরালো কোন উত্তর নেই। তবে চিকিৎসাবিজ্ঞান বলছে, মেঘলা দিনে রোদের দেখা মেলে না। চারপাশ বেশ অন্ধকার থাকে। এমন দিনে শরীরে সেরোটোনিন হরমোনের ক্ষরণ কমে যায়। এই হরমোন মনকে ভালো রাখা কাজ করে। শরীরে যখন এই 'হ্যাপি'হরমোন কমে যায় তখন স্বাভাবিক ভাবেই মন-মেজাজ খারাপ থাকবে।

বৃষ্টির দিনে মন ভালো রাখতে কয়েকটি কাজ করা যেতে পারে। তবে সবচেয়ে কার্যকর যেটা। সেটা হলো বৃষ্টির সময় ঘর অন্ধকার করে শুয়ে থাকা যাবে না। এমন করলে মন আরও মন খারাপ থাকবে। তাই মেঘলা দিনে ঘরবন্দি হয়ে থাকলেও আলো জ্বালিয়ে রাখুন।

অন্ধকারে থাকার সঙ্গে সঙ্গে একা থাকলেও বৃষ্টির দিনে মন খারাপ হতে পারে। একাকিত্ব মানসিক অবসাদ বাড়িয়ে তোলে। মন খারাপ হলে একা না থাকাই ভালো। পরিবার, বন্ধু-বান্ধবের সঙ্গে সময় কাটান। এতে মন খারাপ কেটে যাবে। চাইলে পোষা প্রাণীর সঙ্গেও সময় কাটাতে পারেন।

আষাঢ়-শ্রাবণের দিনগুলোতে যদি একাই থাকতে চান, তবে চেষ্টা করুন পছন্দের কাজের মাঝে নিজেকে ব্যস্ত রাখার। গান শোনা বা গাওয়া, নাচ করা, ছবি আঁকা, বই পড়ার মতো কাজ করতে পারেন। সিনেমা বা সিরিজ় দেখতে পারেন। আবার বৃষ্টির দিনে মুখরোচক রান্নাও করতে পারেন। পারলে একটু এক্সারসাইজ় করুন। এতে মন খারাপ কেটে যাবে।

# ইলিশ মাছের উপকারিতা

ইলিশে পুষ্টি :

প্রতি ১০০ গ্রাম ইলিশ মাছে আছে—ক্যালরি ১৬৫ গ্রাম; প্রোটিন ২০-২৪ গ্রাম; ফ্যাট ৯-১০ গ্রাম

খাদ্য আঁশ ৩-৪ গ্রাম; ভিটামিন এ ৭৬ মাইক্রোগ্রাম

ভিটামিন সি ১৪ মাইক্রোগ্রাম; ক্যালসিয়াম ৩৭০ মিলিগ্রাম; আয়রন ১৫ মিলিগ্রাম

ম্যাগনেশিয়াম ৪৫ মিলিগ্রাম থাকে। এ ছাড়া থাকে ম্যাঙ্গানিজ, কপার ও জিংক। এই পরিমাণ মাছের বয়স এবং ওজনভেদে কিছুটা ভিন্ন হতে পারে।

ইলিশের স্বাদ আর সুগন্ধের কারণ

ইলিশ মাছের স্বাদ এবং সুগন্ধের জন্য এর উচ্চ পরিমাণে পলিআন-স্যাচুরেটেড ফ্যাটি অ্যাসিড (পিইউএফএ) দায়ী। ইলিশ প্রাকৃতিকভাবে

বিভিন্ন পিইউএফএতে সমৃদ্ধ, যার মধ্যে রয়েছে স্টিয়ারিক অ্যাসিড, অলিক অ্যাসিড, লিনোলিক অ্যাসিড, লিনোলেনিক অ্যাসিড, অ্যারাকিডোনিক অ্যাসিড, ইকোসাপেন্টানোয়িক অ্যাসিড, ডেকাহেক্সানোয়িক অ্যাসিড। এগুলো উপকারী চর্বি।

ইলিশে থাকা গ্লুটামিক অ্যাসিড, অ্যালানিন এবং অ্যাসপার্টিক অ্যাসিডের মতো অ্যামিনো অ্যাসিড ইলিশের স্বাদ বাড়িয়ে দেয়।

উপকারিতা :

ইলিশ মাছের প্রোটিন ফার্স্টক্লাস প্রোটিন। শরীর গঠনের সব এসেনশিয়াল অ্যামিনো অ্যাসিড এখানে পাওয়া যায়। এল-আরজিনিন অ্যামিনো অ্যাসিড শিশুর মস্তিষ্কের বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এল-লাইসিন অ্যামিনো অ্যাসিড শিশুর পরিপাকতন্ত্রের স্বাস্থ্য ভালো রাখে এবং ক্ষুধামান্দ্য দূর করে।

ইলিশের প্রোটিন কোলাজেনসমৃদ্ধ। ত্বকের তারুণ্য ধরে রাখতে সাহায্য করে কোলাজেন।

ইলিশ মাছে পর্যাপ্ত পরিমাণ ওমেগা-৩ এবং ওমেগা-৬ ফ্যাটি অ্যাসিড পাওয়া যায়; যা শিশুদের মস্তিষ্কের বিকাশে অত্যন্ত গুরুত্বপূর্ণ।

ওমেগা-৩ ফ্যাটি অ্যাসিড হৃদ্‌রোগের ঝুঁকি কমায়। এটি উপকারী চর্বি হিসেবে বিবেচিত। ওমেগা-৩ ফ্যাটি অ্যাসিড রক্তে ট্রাইগ্লিসারাইডের পরিমাণ কমাতে সাহায্য করে এবং ধমনির অভ্যন্তরে ব্লক তৈরি করতে বাধা দেয়।

ইলিশ মাছে থাকা ভিটামিন এ দৃষ্টিশক্তি ভালো রাখতে সাহায্য করে। ভিটামিন ডি, ক্যালসিয়াম এবং ফসফরাস হাড় এবং দাঁতের গঠন মজবুত করে।


ইলিশ মাছের আয়রন রক্তস্বল্পতা রোধ করে এবং ভিটামিন সি আয়রনের শোষণকে ত্বরান্বিত করে।

ইলিশের পুষ্টিগুণ অক্ষুণ্ন রাখবেন যেভাবে :

অতিরিক্ত ভেজে রান্না করলে ওমেগা-৩ ফ্যাটি অ্যাসিডের অপচয় হতে পারে। তাই মাছ না ভেজে বা হালকা ভেজে রান্না করতে হবে। এ ছাড়া দীর্ঘ সময় ধরে রান্না করলে ভিটামিন সি, পটাশিয়ামসহ অন্যান্য পুষ্টি উপাদানের ৫০ শতাংশ পর্যন্ত নষ্ট হতে পারে।

ইলিশে স্বাস্থ্যঝুঁকি :

অনেকের ইলিশসহ অন্যান্য সামুদ্রিক মাছে অ্যালার্জি থাকে। কারণ, সামুদ্রিক মাছে হিস্টিডিন নামক এসেনশিয়াল অ্যামিনো অ্যাসিড থাকে। এল-হিস্টিডিন ডিকার্বোক্সিলেজ নামক এনজাইমের প্রভাবে হিস্টিডিন থেকে হিস্টামিন তৈরি হয়ে থাকে, যা অ্যালার্জি তৈরি করে। তাই সঠিক নিয়মে ইলিশ মাছ সংরক্ষণ করতে পারলে হিস্টামিন তৈরি হতে পারে না।



# জুলাই মাসের বিষয় : বৃষ্টিমুখর দিনে

## আজও অম্লান



প্রথম : মণীশ দত্ত
(ইসলামপুর, উত্তর দিনাজপুর) রিয়েলমি ৭ প্রো

## বয়ে চলে



দ্বিতীয় : সাহানুর হক
(দিনহাটা, কোচবিহার) মোটোরোলা এজ ৬০ ফিউশন

## দার্জিলিংয়ের ম্যালে



তৃতীয় : সৌম্যকমল গুহ
(কালিয়াগঞ্জ, উত্তর দিনাজপুর) নিকন ডি৫৩০০

## চামুর্চির পথে



চতুর্থ : দুর্জয় রায়
(ধূপগুড়ি, জলপাইগুড়ি) ডিজেআই ম্যাভিক মিনি ৪ প্রো ড্রোন

## দুটিতে জুটিতে



পঞ্চম : শেখর বন্দ্যোপাধ্যায়
(মাটিগাড়া, শিলিগুড়ি) ক্যানন ইওএস মার্ক ২ ৭ডি

## সেদিন দুজনে



ষষ্ঠ : সৌরভ রক্ষিত
(ধূপগুড়ি, জলপাইগুড়ি) মোটোরোলা এজ ৫০ ফিউশন

## একদিন পাহাড়ে



সপ্তম : সুহান চক্রবর্তী
(স্যাটেলাইট টাউনশিপ, জলপাইগুড়ি) ক্যানন ৭০০ডি

## ক্লাসের পথে



অষ্টম : কৌশিক দাম
(গোমস্তপাড়া, জলপাইগুড়ি) অপো এফ২৩ ৫জি

## নিখুঁত প্রতিবিম্ব



নবম : আরিফ আলম
(ইসলামপুর, উত্তর দিনাজপুর) রেডমি নোট ১০ প্রো

চিত্র চিরায়ত
আলোকচিত্র প্রতিযোগিতা

### আরও যাঁরা ছবি পাঠিয়েছেন

খোকনকুমার বর্মন, জয়ন্ত কর্মকার, উদয়ন মজুমদার, রোহিত দে, দুর্জয় বর্মন, সত্যজিৎ চক্রবর্তী, মোনালিসা বিশ্বাস, সুদীপ বর্মন, ধনঞ্জয় পাল, আনসাদ চৌধুরী, শুভ্রজ্যোতি রায়, অভিরূপ ভট্টাচার্য, মেঘনা চক্রবর্তী, অভিজিৎ পাল, সৌরভ দে, মণিদীপা বসাক, বর্ষা রায়, নিবেদিতা রায়, তাপস ভৌমিক, তনুশ্রী বাড়ই, তানিয়া গুহ মজুমদার, অনুপম চৌধুরী, গীরবান ঘোষ, অঙ্কুশ মজুমদার, ইন্দ্রজিৎ সরকার, প্রতীক গড়াই, চন্দন দাস ও সৌমিক সাহা।

## ভরসার সঙ্গে



দশম : জয়াশিস বণিক
(নাকতলা, কলকাতা-৪৭) স্যামসাং গ্যালাক্সি এমত৪

## আমি কান পেতে রই

# গাছের কথা শুনে পোকা হাসে





রিয়া সেলৎজার, গাই জার এশেল প্রমুখ গবেষক দেখিয়েছেন, গাছ বিভিন্ন অবস্থায় নানা ধরনের শব্দ ছুড়ে দেয়, যা আমরা শুনতে পাই না। কিন্তু পোকা, বাদুড়ের মতো প্রাণী ঠিকই শুনে ফেলে।

সুদীপ মৈত্র

গাছ কথা বলছে আর পোকামাকড় কান পেতে শুনছে! শুনতে গল্পের মতো শোনালেও ইজরায়েলের বিজ্ঞানীরা বলছেন, বিষয়টি একেবারেই সত্যি!

তেল আভিভ বিশ্ববিদ্যালয়ের একদল গবেষক সম্প্রতি জানিয়েছেন, গাছ আর পোকামাকড়ের মধ্যে শব্দের মাধ্যমে যোগাযোগ হয়! তাঁরা জানিয়েছেন, টমেটো গাছ যদি জলের অভাবে শুকিয়ে যেতে থাকে, তখন সেটা মানুষের শোনার ক্ষমতার বাইরে থাকা একধরনের 'আল্ট্রাসনিক' শব্দ করতে থাকে। আর সেই শব্দ শুনে পোকামাকড়দের মাম্মামেরা বুঝে ফেলে, এই গাছটিতে ডিম পাড়া ঠিক হবে কি না।

### কেন গাছের খবর রাখে পোকামাকড়?

মথ নামের এক ধরনের পোকা সাধারণত টমেটো গাছের পাতায় ডিম পাড়ে। কারণ, বাচ্চা পোকারা বেরিয়ে সেই পাতা খেয়ে বড় হয়। কিন্তু যদি গাছটা আগেই বিপদে থাকে (যেমন শুকিয়ে যাচ্ছে), তাহলে ডিম দিলে তো বিপদ! তাই মা পোকা আগে থেকেই কান খাড়া করে রাখে।

গবেষণায় কীভাবে প্রমাণ হল এসব গোপন কথা? গোপন কথা তো আর গোপনে থাকে না। ওপেন হয়ে যায়। জানতে পারেন গবেষকরা।

রিয়া সেলৎজার, গাই জার এশেল প্রমুখ গবেষকরা একদিকে একদল টমেটো গাছকে শুকিয়ে ফেললেন আর তাদের থেকে রেকর্ড করলেন সেই অদৃশ্য শব্দ। তারপর দু'টো গাছের সামনে পোকাদের ছেড়ে দেওয়া হল। একটিতে সেই রেকর্ড করা শব্দ বাজছে, আরেকটিতে একদম নীরবতা। দেখা গেল, পোকারা শব্দ করা গাছ এড়িয়ে গেল! তারা বেছে নিল চুপচাপ শান্ত গাছটিকে।

কেন এমন গবেষণা গুরুত্বপূর্ণ? গবেষকরা বলছেন, এই আবিষ্কার কৃষিকাজের জন্য নতুন দিগন্ত খুলে দিতে পারে। যদি গাছের 'কথা' শোনা যায়, তাহলে আগে থেকেই বোঝা যাবে কোন গাছ বিপদের মধ্যে আছে। আর পোকামাকড়ের আচরণও নিয়ন্ত্রণ করা সম্ভব হবে। শব্দের মাধ্যমে পোকা তাড়ানোর নতুন পদ্ধতিও হয়তো বেরিয়ে যাবে!



এই আবিষ্কার কৃষিকাজের জন্য নতুন দিগন্ত খুলে দিতে পারে। যদি গাছের 'কথা' শোনা যায়, তাহলে আগে থেকেই বোঝা যাবে কোন গাছ বিপদের মধ্যে আছে। আর পোকামাকড়ের আচরণও নিয়ন্ত্রণ করা সম্ভব হবে। শব্দের মাধ্যমে পোকা তাড়ানোর নতুন পদ্ধতিও হয়তো বেরিয়ে যাবে!

রিয়া ও গাই-এর নেতৃত্বাধীন এই দল আগেও দেখিয়েছে, গাছ বিভিন্ন অবস্থায় নানা ধরনের শব্দ ছুড়ে দেয়, যা আমরা শুনতে পাই না। কিন্তু পোকা, বাদুড়ের মতো প্রাণী ঠিকই শুনে ফেলে।

গবেষক লিলাক হাদানির কথায়, 'এটা তো শুরু মাত্র। হয়তো আরও অনেক প্রাণী গাছের কথা শুনে প্রতিক্রিয়া জানায়!'

তাই গাছের গোপন কান্না, হাসি বা বিপদের বার্তা হয়তো পোকাদের ভাষায় অনেক আগেই লেখা হয়ে গিয়েছে। আমাদের এখন কান খাড়া করে সে কথা শুনতে হবে!



### বিজ্ঞানের অসাধ্যসাধন 'থ্রি-পেরেন্ট আইভিএফ'

# তিনজনের ডিএনএ থেকে জন্ম আট শিশুর



জনসংখ্যার চাপে নুইয়ে পড়েছে পৃথিবী। কোথায় লোক কমানোর কথা ভাববেন, তা নয়। বিজ্ঞানীরা মেতে আছেন নবজন্মের নিত্যনতুন ফন্দিফিকির বের করার অন্বেষায়!

ব্যাপারটা হাসিমশকরার মতো নয়। এটা তো ঠিক, পরিবারে নতুন অতিথি এলে কার না আনন্দ হয়! যৌথ পরিবারের মতো শিশুর আবির্ভাবের নেপথ্যেও যদি যৌথ সমন্বয় থাকে, তাহলে মন্দ কী!

বাবা, মা—ঠিক আছে। কিন্তু এবার এই শিশুর শরীরে মা-বাবার সঙ্গে সঙ্গে আরেকজনের ডিএনএও থাকবে! শুনে চমকে ওঠার মতোই ব্যাপার। কিন্তু এটিই এখন বিজ্ঞান করছে—একেবারে আটটি শিশু ইতিমধ্যেই এমনভাবে জন্মেছে ব্রিটেনে।

### কেন 'তিন-ডিএনএ'র ঝামেলা

আসলে এই সব শিশুদের মায়ের শরীরে ছিল এক ধরনের 'মাইটোকন্ড্রিয়াল' সমস্যা। মাইটোকন্ড্রিয়া হল আমাদের শরীরের ক্ষুদ্র শক্তিঘর, অনেকটা ব্যাটারির মতো। এর মধ্যে গণ্ডগোল মানেই শিশুর দেহে ভয়ংকর জেনেটিক রোগ হতে পারে—চোখে কম দেখা, পেশি দুর্বল হওয়া, এমনকি মৃত্যু পর্যন্ত। প্রতি ৫,০০০ শিশুর মধ্যে একজন এমন জটিলতায় জন্মায়। তাই ডাক্তাররা ভাবলেন, কিছু একটা করতে হবে—নইলে এই রোগ থামানো যাবে না।

### তাহলে সমাধান কী

বিজ্ঞানীরা 'থ্রি-পেরেন্ট আইভিএফ' নামের এক আশ্চর্য উপায় বের করলেন। এতে মায়ের ডিম্বাণু আর বাবার শুক্রাণু মিলিয়ে তৈরি হল নিষিক্ত ডিম। তবে সমস্যা হচ্ছে, মায়ের ডিম্বাণুর মধ্যে তো ওই রোগের বীজ আছে! তাই বিজ্ঞানীরা সেই নিষিক্ত ডিমের নিউক্লিয়াস (মূল জেনেটিক তথ্য) সরিয়ে নিলেন। তারপর সেই নিউক্লিয়াসকে অন্য এক সুস্থ ডোনার মায়ের ডিম্বাণুতে বসিয়ে দিলেন, যার মাইটোকন্ড্রিয়া একদম ফিট অ্যান্ড ফাইন।

এভাবে শিশুর মূল গঠন হল মা-বাবার থেকে, আর শরীরের ব্যাটারি (মাইটোকন্ড্রিয়া) হল তৃতীয় ব্যক্তির থেকে। রোগটোগ গন। ব্যাপারটা ভেবে দেখলে, খারাপ কিছু নয় মোটেই। ধরুন, আপনার বাড়িতে বিয়ের আসর বসেছে। বিদ্যুৎ পর্যদই বিদ্যুৎ সরবরাহ করছে। কিন্তু লোডশেডিংয়ের কথা মাথায় রেখে আপনি 'অধিকন্তু ন দোষায়' করে পাড়ার কার্তিক ইলেক্ট্রিকের কাছ থেকে জেনারেটর ভাড়া নিলেন। মূল অনুষ্ঠান 'বিয়ে এবং খানাপিনা'র সময় পর্যদকে ছুটি দিয়ে চালিয়ে দিলেন জেনারেটর। এর মধ্যে খারাপ কী আছে! ব্যস! আর কোনও সমস্যা নেই।

এবার ফলাফল? ইতিমধ্যে আটটি শিশু জন্মেছে — চারটি মেয়ে, চারটি ছেলে — একজোড়া যমজও আছে। সবাই একেবারে সুস্থ, ফুরফুরে মেজাজে 'দৌড়ঝাঁপ' করছে। ডাক্তাররা দেখেছেন, নতুন জন্মানো শিশুদের মধ্যে রোগের কোনও বালাই নেই।

একজন মা তো আবেগে কেঁদেই ফেললেন। বললেন, 'বিজ্ঞান আমাদের একটিমাত্র স্বপ্ন পূরণ করেছে—সুস্থ সন্তান!' আরেকজন বাবা হেসে বললেন, 'এই আবিষ্কার আমাদের দুঃস্বপ্ন দূর করে দিয়েছে—এখন শুধু আনন্দ আর নতুন স্বপ্ন! নবজাতকদের সংস্কারমুক্ত ভাবে মানুষের মতো মানুষ করার।'

> বিজ্ঞানীরা 'থ্রি-পেরেন্ট আইভিএফ' নামের এক আশ্চর্য উপায় বের করলেন। এতে মায়ের ডিম্বাণু আর বাবার শুক্রাণু মিলিয়ে তৈরি হল নিষিক্ত ডিম। তবে সমস্যা হচ্ছে, মায়ের ডিম্বাণুর মধ্যে তো ওই রোগের বীজ আছে! তাই বিজ্ঞানীরা সেই নিষিক্ত ডিমের নিউক্লিয়াস (মূল জেনেটিক তথ্য) সরিয়ে নিলেন। তারপর সেই নিউক্লিয়াসকে অন্য এক সুস্থ ডোনার মায়ের ডিম্বাণুতে বসিয়ে দিলেন, যার মাইটোকন্ড্রিয়া একদম ফিট অ্যান্ড ফাইন।

এখন কী হবে? এই 'তিন-ডিএনএ' বেবি পদ্ধতি কিন্তু এখনও গবেষণার পর্যায়ে। ব্রিটেনে 'এনএইচএস' (সেখানে হাসপাতাল ব্যবস্থা) নিয়ম মেনেই সব পরীক্ষা চলছে। এখন যে মায়েদের মাইটোকন্ড্রিয়াল সমস্যাজনিত ঝুঁকি রয়েছে, তাঁরা এই সুযোগ পাবেন, যেন পরবর্তী প্রজন্ম এই রোগ থেকে মুক্ত হয়।

# 'বিষ' গিলে খায় যে সবুজ শৈবাল

আশ্চর্য সেই বস্তুটি সম্প্রতি ঠাঁই পেয়েছিল ইতালির ভেনিস শহরের একটি শিল্প প্রদর্শনীতে। সেখানে এই বস্তু দিয়ে বানানো হয়েছিল গাছের গুঁড়ির মতো দুটি কাঠামো। সেগুলি প্রতি বছর প্রায় ১৮ কেজি কার্বন ডাইঅক্সাইড শোষণ করতে পারে বলে জানান বিজ্ঞানীরা। তাঁরা এও বলেন, ওই পরিমাণ কার্বন ডাইঅক্সাইড শোষণ ক্ষমতা একটি ২০ বছরের পুরোনো পাইন গাছকেও হার মানায়!




বাতাসে কার্বন ডাইঅক্সাইডের বাড়বাড়ন্তই এখন মাথাব্যথার অন্যতম বড় কারণ তাবড় বিজ্ঞানীদের। পৃথিবীকে বিষমুক্ত করতে তাঁরা নানা গবেষণা চালাচ্ছেন। সাম্প্রতিক একটি গবেষণা অনেকেরই নজর কেড়েছে।

পরিবেশ বাঁচাতে এবং ভবিষ্যতের টেকসই নির্মাণে এক যুগান্তকারী পদক্ষেপ করেছেন সুইৎজারল্যান্ডের বিজ্ঞানীরা। তাঁরা এমন একটি নতুন 'জীবন্ত' বস্তু তৈরি করেছেন, যা বাতাস থেকে কার্বন ডাইঅক্সাইড (সিওটু) শোষণ করতে পারে এবং একই সঙ্গে পারে দীর্ঘদিন তা ধরে রাখতেও। অনায়াসে কার্বন ডাইঅক্সাইড গ্যাস গিলে খাওয়া এই অদ্ভুত বস্তুই এখন বিশ্বের অষ্টম আশ্চর্য হিসাবে কদর পাচ্ছে বিজ্ঞানের দুনিয়ায়।

এই বস্তুটি তৈরি হয়েছে একধরনের নীল-সবুজ শৈবাল (সায়ানোব্যাকটিরিয়া) দিয়ে, যা সূর্যের আলো, জল ও কার্বন ডাইঅক্সাইড ব্যবহার করে ফোটোসিন্থেসিস বা সালোকসংশ্লেষ প্রক্রিয়ায় অক্সিজেন ও শর্করা তৈরি করে। শুধু তা-ই নয়, নির্দিষ্ট পুষ্টি উপাদান দিলে এই শৈবাল কার্বন ডাইঅক্সাইডকে শক্ত পাথুরে উপাদান, যেমন চুনাপাথরে পরিণত করতে পারে—যা স্থায়ী নির্মাণে ব্যবহারযোগ্য এবং পরিবেশের জন্য বেশ নিরাপদ।

গবেষক ইফান চুই জানান, 'সায়ানোব্যাকটিরিয়া পৃথিবীর প্রাচীনতম জীবদের মধ্যে একটা। খুব অল্প আলোতেও এরা কার্যকরভাবে ফোটোসিন্থেসিস করতে পারে।'




ফোটোসিন্থেসিস বা সালোকসংশ্লেষ হল গাছপালা, শৈবাল ও কিছু ব্যাকটিরিয়ার খাবার তৈরির প্রক্রিয়া, যেখানে তারা সূর্যের আলো ব্যবহার করে বাতাসের কার্বন ডাইঅক্সাইড এবং জল থেকে গ্লুকোজ (শর্করা) তৈরি করে এবং সাথে সাথে অক্সিজেন ছাড়ে।

এখন ওই জীবন্ত পদার্থের ভিতরকার কোষগুলিকে বাঁচিয়ে রাখতে বিজ্ঞানীরা একটি জলবাহী জেল (হাইড্রো জেল) ব্যবহার করেছেন, যার মধ্যে জলধারণ ক্ষমতা অনেক বেশি। আর এই পদার্থের কাঠামো তৈরি করতে তাঁরা ব্যবহার করেছেন থ্রিডি প্রিন্টিং প্রযুক্তি—যাতে আলো ভালোভাবে ঢোকে, পুষ্টি সহজে প্রবাহিত হয় এবং শৈবালগুলি দীর্ঘদিন বেঁচেবর্তে থাকে।

গবেষণায় বলা হয়েছে, 'আমরা এমন একটি ছাপযোগ্য জীবন্ত বস্তু তৈরি করেছি, যা জীবদেহ গঠনের মাধ্যমে ও খনিজ পদার্থ তৈরি করে কার্বন ডাইঅক্সাইড সংরক্ষণ করতে পারে।'

ফলাফল যা হয়েছে, তা দেখার মতো। ৪০০ দিন ধরে চালানো পরীক্ষায় দেখা গিয়েছে, এই পদার্থ নিয়মিতভাবে কার্বন ডাইঅক্সাইড শোষণ করেছে এবং এর একটি বড় অংশকে চিরস্থায়ী খনিজ পদার্থে রূপান্তরিত করতেও সক্ষম হয়েছে। প্রতি গ্রাম পদার্থে ২৬ মিলিগ্রাম কার্বন ডাইঅক্সাইড খনিজ রূপে জমা হয়েছে—যা অন্যান্য জীববৈজ্ঞানিক পদ্ধতির চেয়ে অনেক বেশি এবং পুরোনো কংক্রিটের রিসাইক্লিংয়ের মাধ্যমে হওয়া রাসায়নিক শোষণের (প্রতি গ্রামে ৭ মিলিগ্রাম) সঙ্গে তুলনীয়।

গবেষকরা বলেন, 'কম আলো এবং কেবল বাতাসে থাকা কার্বন ডাইঅক্সাইড গ্যাস দিয়েই এই জীবন্ত বস্তু ধারাবাহিকভাবে কার্বন ধরে রাখতে পেরেছে।'

জীবন্ত কার্বন-শোষক বস্তুর এহেন আবিষ্কার সম্প্রতি ঠাঁই পেয়েছিল ইতালির ভেনিস শহরের একটি শিল্প প্রদর্শনীতে। সেখানে এই বস্তু দিয়ে বানানো হয়েছিল গাছের গুঁড়ির মতো দুটি কাঠামো। সেগুলি প্রতি বছর প্রায় ১৮ কেজি কার্বন ডাইঅক্সাইড শোষণ করতে পারে বলে জানান বিজ্ঞানীরা। তাঁরা এও বলেন, ওই পরিমাণ কার্বন ডাইঅক্সাইড শোষণ ক্ষমতা একটি ২০ বছরের পুরোনো পাইন গাছকেও হার মানায়!

## দায় নিতে নারাজ কোচবিহার পুরসভা

# আগাছায় ভরা রাসমেলা মাঠ

**গৌরহরি দাস**



রাসমেলার মাঠ জঙ্গলে ভরে গিয়েছে। ছবি : জয়দেব দাস

**কোচবিহার, ২৫ জুলাই :** আগাছায় ভরেছে কোচবিহারের ঐতিহ্যবাহী রাসমেলা মাঠ। বিশেষ করে মাঠের পূর্বদিকের বড় অংশ ও উত্তর-পশ্চিম দিকের একটা অংশ সাত-আট ফুট লম্বা বিভিন্ন গাছের জঙ্গলে একেবারে ছেয়ে গিয়েছে। এছাড়াও গোটা মাঠে বড় বড় ঘাসও উঠেছে। মাঠের একটা বড় অংশ জঙ্গলে ছেয়ে যাওয়ার প্রচুর মানুষ মাঠের সে সব অংশে শৌচকর্মও করছেন। ফলে মাঠের সেসব জায়গা দিয়ে দুর্গন্ধ বের হচ্ছে। এছাড়াও জঙ্গলে ভরে যাওয়ায় মাঠটিতে পোকামাকড়েরও উপদ্রব দেখা দিয়েছে। মাঝেমধ্যে বিষধর সাপও মাঠে দেখা যাচ্ছে। ঐতিহ্যবাহী মাঠটির এমন বেহাল দশায় ক্ষোভ বাড়ছে কোচবিহারের মানুষের মধ্যে। যদিও গোটা বিষয়টি নিয়ে কোচবিহার পুরসভা ও প্রশাসন পুরোপুরি উদাসীন হয়ে রয়েছে।

পুরসভার চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ বলেন, 'রাসমেলা মাঠটি আমাদের নয়। মাঠটি জেলা প্রশাসনের। কিন্তু তবুও আমরা পুজো, রাসমেলা সহ বিভিন্ন অনুষ্ঠানে মাঠটি পরিষ্কার করি। কিন্তু এখন বর্ষাকাল চলছে। ফলে মাঠটি পরিষ্কার করলে আবার কয়েকদিনের মধ্যেই জঙ্গল হয়ে যাবে। তাই বর্ষার শেষে আমরা আবার মাঠটি পরিষ্কার করব।'

দ্য কোচবিহার রয়্যাল ফ্যামিলি সাকসেসর্স ওয়েলফেয়ার ট্রাস্টের মুখপাত্র কুমার মৃদুলনারায়ণ বলেন, 'ঐতিহ্যবাহী মাঠটির এমন অবস্থা কোনওভাবেই মেনে নেওয়া যায় না। খুব শীঘ্রই বিষয়টি নিয়ে আমরা প্রশাসনের সঙ্গে কথা বলব।'

কোচবিহার শহরের মধ্যে এতবড় খোলামেলা মাঠ থাকায় প্রচুর মানুষ মাঠটিতে চলাফেরা করেন, পথচলতি ক্লান্ত মানুষের কেউ কেউ আবার মাঠটিতে বসে একটু জিরিয়ে নেন। এছাড়া ছোট ছেলেমেয়েরাও মাঠটিতে খেলাধুলো করে। সবমিলিয়ে রাসমেলা মাঠটি কোচবিহারবাসীর কাছে যেন অক্সিজেনের ভাণ্ডার। সর্বোপরি এই মাঠটিতে কোচবিহারবাসীর প্রাণের ঠাকুর মদনমোহনের বিভিন্ন পুজো হয়। এছাড়া মদনমোহনের রাস উৎসবকে কেন্দ্র করে উত্তর-পূর্ব ভারতের বৃহত্তম রাসমেলাও এই মাঠেই অনুষ্ঠিত হয়। ফলে সবমিলিয়ে মাঠটির সঙ্গে কোচবিহারবাসীর আবেগ ওতপ্রোতভাবে জড়িয়ে রয়েছে। এই অবস্থায় মাঠটির এমন বেহাল দশায় ক্ষোভে ফুঁসছেন সাধারণ মানুষ।

রাসমেলা মাঠ লাগোয়া ম্যাগাজিন রোড (এক্সটেনশন) -এর বাসিন্দা বাপি দে বলেন, 'দোল উৎসব সহ বিভিন্ন সময়ে বাবা মদনমোহনের নানা পুজো এই মাঠে হয়। পাশাপাশি মদনমোহনের রাসমেলাও এই মাঠে হয়। ফলে মাঠটির সঙ্গে আমাদের আবেগ জড়িয়ে রয়েছে। এই অবস্থায় জঙ্গলে ছেয়ে যাওয়ার পাশাপাশি মাঠের বিভিন্ন অংশ যেভাবে শৌচালয়ে পরিণত হয়ে উঠেছে তা কোনওভাবেই মেনে নেওয়া যায় না। প্রশাসনের উচিত অবিলম্বে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া।'

**দায় কার**

- মাঠের পূর্ব দিক ও উত্তর-পশ্চিম দিকের একটা অংশ জঙ্গলে ছেয়ে গিয়েছে
- মাঠ জঙ্গলে ছেয়ে যাওয়ায় প্রচুর মানুষ সেখানে শৌচকর্মও করছেন
- মাঠে পোকামাকড়ের উপদ্রব বেড়েছে, মাঝেমধ্যে বিষধর সাপও দেখা যাচ্ছে
- পুরসভা জানিয়েছে রাসমেলা মাঠটি তাদের নয়, পরিষ্কার রাখার দায় নেই

"রাসমেলা মাঠটি আমাদের নয়। মাঠটি জেলা প্রশাসনের। কিন্তু তবুও আমরা পুজো, রাসমেলা সহ বিভিন্ন অনুষ্ঠানে মাঠটি পরিষ্কার করি।"

**রবীন্দ্রনাথ ঘোষ**



ভবানীগঞ্জ বাজারে রাখি বাছাই। শুক্রবার কোচবিহারে। ছবি : জয়দেব দাস

### জরুরি তথ্য

**ব্লাড ব্যাংক**

(শুক্রবার সন্ধ্যা ৭টা পর্যন্ত)

**এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতাল**

| | |
|---|---|
| এ পজিটিভ | ১ |
| এ নেগেটিভ | ০ |
| বি পজিটিভ | ১ |
| বি নেগেটিভ | ০ |
| এবি পজিটিভ | ০ |
| এবি নেগেটিভ | ২ |
| ও পজিটিভ | ০ |
| ও নেগেটিভ | ০ |

**মাথাভাঙ্গা মহকুমা হাসপাতাল**

| | |
|---|---|
| এ পজিটিভ | ৩ |
| এ নেগেটিভ | ০ |
| বি পজিটিভ | ১৩ |
| বি নেগেটিভ | ২ |
| এবি পজিটিভ | ০ |
| এবি নেগেটিভ | ০ |
| ও পজিটিভ | ৩৩ |
| ও নেগেটিভ | ০ |

**দিনহাটা মহকুমা হাসপাতাল**

| | |
|---|---|
| এ পজিটিভ | ০ |
| এ নেগেটিভ | ০ |
| বি পজিটিভ | ০ |
| বি নেগেটিভ | ০ |
| এবি পজিটিভ | ২০ |
| এবি নেগেটিভ | ০ |
| ও পজিটিভ | ০ |
| ও নেগেটিভ | ১ |

### বৈঠক

**কোচবিহার, ২৫ জুলাই :** শত্রু সম্পত্তি নিয়ে শুক্রবার ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের তরফ থেকে জেলা শাসকের দপ্তরের কনফারেন্স হলে একটি বৈঠক হয়। কোচবিহার জেলাজুড়ে ইতিমধ্যেই ৭১১টি শত্রু সম্পত্তি চিহ্নিত হয়ে গিয়েছে। তার মধ্যে থেকে সার্ভে হয়েছে ২৬৭টি সম্পত্তির। এদিন ডিস্ট্রিক্ট ভ্যালুয়েশন কমিটিকে ১৩টি সম্পত্তির ভ্যালুয়েশন করতে বলা হয়েছে বলে ভূমি ও ভূমি সংস্কার দপ্তর সূত্রে জানা গিয়েছে।

### বৃক্ষরোপণ

**দিনহাটা, ২৫ জুলাই :** শুক্রবার দিনহাটার একটি এডুকেয়ার অ্যান্ড ফাউন্ডেশনের ছাত্রছাত্রীরা থানা চত্বরে বেশ কয়েকটি গাছ লাগায়। সংগঠনের দেবা দেবনাথ, রিতিকা সাহা, অরিত্র সাহারা জানিয়েছে, বন সপ্তাহ পালন করতে ১৫ দিন ধরেই দিনহাটার বিভিন্ন সরকারি অফিস চত্বর, মন্দির, মসজিদে বৃক্ষরোপণ কর্মসূচি হয়েছে। এদিন ছিল সেই অনুষ্ঠানের শেষ দিন।



গরমে ছোলা ভাঙিয়ে ছাতু বিক্রি। কোচবিহারে অর্পণা গুহ রায়ের তোলা ছবি।

# টোটোয় রাশ টানতে উদ্যোগ

**কোচবিহার, ২৫ জুলাই :** জেলা প্রশাসন ও জেলা পুলিশের উদ্যোগে টোটো ও ই-রিকশা নথিভুক্ত করার জন্য একটা অনলাইন পোর্টাল চালু হয়েছে কোচবিহারে। এই পোর্টালে ইতিমধ্যেই যাঁদের রেজিস্ট্রেশন এবং নম্বর প্লেট ও টিআইএন রয়েছে সেইসব ই-রিকশা ও টোটো সহ যাঁদের নম্বর বা রেজিস্ট্রেশন নেই তাঁদের সকলকেই নাম নথিভুক্ত করাতে হবে। এর ফলে শহরে কত টোটো রাস্তায় চলছে তার সংখ্যাটা জানা যাবে। এই নথিভুক্তকরণের পরবর্তীতে সরকারি নিয়ম মেনে টোটোর কাগজপত্র খতিয়ে দেখে সেগুলো রাস্তায় চালানো যাবে কী যাবে না সেই পদক্ষেপ করা হবে।



কোচবিহারে শুরু হবে অনলাইনে টোটোর রেজিস্ট্রেশন। ছবি : জয়দেব দাস

পরিবহণ দপ্তরের আধিকারিক নবীনচন্দ্র অধিকারী জানান, নাম নথিভুক্ত হওয়ার পর প্রশাসনের তরফে একটা কিউআর কোড পাওয়া যাবে, যা টোটোর সামনে লাগিয়ে রাখতে হবে। তিনি বলেন, '১৫ দিনের মধ্যে কোচবিহার কোতোয়ালি এবং পুণ্ডিবাড়ি থানার অন্তর্গত বাবুরহাট, খাগড়াবাড়ি, টাকাগাছ, গুড়িয়াহাটি গ্রাম পঞ্চায়েত আর কোচবিহার পুরসভার অন্তর্গত ই-রিকশা মালিকদের এই পোর্টালে নাম নথিভুক্ত করা বাধ্যতামূলক করা হয়েছে।' তিনি বলেন, 'এরপর শুধুমাত্র নথিভুক্ত টোটো বা ই-রিকশা শহরে চলাচল করতে পারবে। বাইরের টোটো আর শহরে ঢুকতে পারবে না। এ নিয়ে ইতিমধ্যেই মাইকিং শুরু হয়ে গিয়েছে।'

কোচবিহার জেলা ই-রিকশা ও টোটো শ্রমিক ইউনিয়নের জেনারেল সেক্রেটারি গগন গোস্বামী বললেন, 'আমরা পাঁচ-সাত বছর ধরে এই কাজ করার কথা বলেছি, বহুবার ডেপুটেশন দিয়েছি। পুলিশ প্রশাসনের এই উদ্যোগে আমরা সাধুবাদ জানাই।' ই-রিকশার মালিক বিশ্বজিৎ রায় খানিকটা ক্ষোভের সুরেই বললেন, 'আমাদের সমস্ত রকম রেজিস্ট্রেশন করা আছে। নম্বর প্লেট বসানো আছে। তারপরও আবার এটা কী করতে বলছে কিছুই বুঝতে পারছি না।' অপর এক টোটোচালক সন্দীপ কুণ্ডুর বক্তব্য, 'এতদিন তো এভাবেই টোটো চালিয়ে আসছি। আমার টোটোর রেজিস্ট্রেশন নেই, টিআইএন নেই। এখনও জানি না কী করতে হবে।'

নাম নথিভুক্ত করা নিয়ে সকলেই একপ্রকার ধন্দে রয়েছেন। তবে এই নথিভুক্তকরণের ফলে কোচবিহার শহরে যানজট আদৌ কমবে কি না তা এখন লাখ টাকার প্রশ্ন।

**রাশ টানতে**

- কোচবিহারে সব টোটোকে সরকারি পোর্টালে নথিভুক্ত করতে হবে
- নাম নথিভুক্ত করলে প্রশাসনের তরফে একটা কিউআর কোড পাওয়া যাবে
- এই কিউআর কোড নথিভুক্ত টোটোর সামনে লাগিয়ে রাখতে হবে
- এরপর শুধুমাত্র নথিভুক্ত টোটো বা ই-রিকশা শহরে চলাচল করতে পারবে
- এর ফলে কোচবিহার শহরে কত টোটো রাস্তায় চলছে তার সংখ্যাটা জানা যাবে

# শিক্ষকের উপর হামলা

**হলদিবাড়ি, ২৫ জুলাই :** রাতের অন্ধকারে প্রাণে মেরে ফেলার চেষ্টা হয় হলদিবাড়ি উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের জনৈক শিক্ষককে। বর্তমানে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন তিনি। ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে হলদিবাড়ি ব্লকের দক্ষিণ বড় হলদিবাড়ি গ্রাম পঞ্চায়েতের বালাডাঙ্গা শিমুলতলি এলাকায়। সঙ্গে আহত আরও একজন। তবে তাঁকে গ্রামীণ হাসপাতাল থেকে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, আহত শিক্ষকের নাম মইনুল হক। তাঁর বাড়ি হলদিবাড়ি পুরসভার সাত নম্বর ওয়ার্ডের অন্তর্গত মাটিয়াটারি এলাকায়। ঘটনায় অন্য আহত তরুণের নাম মহম্মদ ইমরান। তাঁর বাড়ি বালাডাঙ্গা শিমুলতলি ইদগাহ ময়দান সংলগ্ন এলাকায়। ওই শিক্ষকের পরিবারের দাবি, প্রাণনাশের উদ্দেশ্যে তাঁর উপর হামলা চালানো হয়। মহম্মদ ইমরানের দাবি, বৃহস্পতিবার রাতে মইনুল তাঁর বাড়িতে যান। তাঁরা বাড়ি থেকে রাস্তায় উঠতেই দুষ্কৃতীরা তাঁদের উপরে আক্রমণ চালায়। বাইক ভাঙচুর করা হয়। ঘটনার খবর পেয়ে যায় হলদিবাড়ি থানার পুলিশ। পুলিশই গুরুতর আহত মইনুলকে উদ্ধার করে হলদিবাড়ি গ্রামীণ হাসপাতালে পাঠায়। মইনুলের দাদা ছলেমান আলির অভিযোগ, পুরোনো শত্রুতাবশত ভাইয়ের ওপর কয়েকজন প্রাণঘাতী হামলা চালায়। হলদিবাড়ি থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

# প্রতারণার শিকার সরকারি কর্মী

**তুফানগঞ্জ, ২৫ জুলাই :** তুফানগঞ্জ ১০ ওয়ার্ডের বিধানপল্লি এলাকার সরকারি কর্মী ফোনে অচেনা নম্বরের লিংক খুলে লক্ষাধিক টাকা খোয়ালেন। গত কয়েক বছরে গোটা দেশের পাশাপাশি বাংলাতেও সাইবার অপরাধের সংখ্যা বহুগুণ বেড়ে গিয়েছে। আমআদমির টাকা হাতাতে নিত্যনতুন ফাঁদ পাতছে প্রতারকের দল। এবার স্বাস্থ্য বিমার ফাঁদে পড়ে মোটা অঙ্কের টাকা খোয়ালেন এক সরকারি কর্মী। জানা গিয়েছে, প্রতারিত শেখর ভৌমিক এসিজেএম আদালতে কর্মরত রয়েছেন।

শুক্রবার বিষয়টি চাউর হতেই রীতিমতো চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। এ ব্যাপারে মহকুমা পুলিশ আধিকারিক কান্নিধারা মনোজ কুমার জানান, অভিযোগ জমা পড়েছে। গোটা ঘটনার তদন্ত চলছে। বৃহস্পতিবার সন্ধ্যায় ব্যাংককর্মীর পরিচয় দিয়ে আচমকাই একটি ফোন আসে। অজ্ঞাত নম্বর থেকে ফোন করা সেই ব্যক্তি জানান, স্বাস্থ্য বিমার বার্ষিক প্রিমিয়ামের জন্য খুব শীঘ্রই তার অ্যাকাউন্ট থেকে ৫ হাজার টাকা কেটে নেওয়া হবে। তারপরই শেখরবাবু অসম্মতি জানালে স্বাস্থ্যবিমার জন্য স্বয়ংক্রিয়ভাবে যাতে টাকা না কাটা হয় সে কারণে হোয়াটসঅ্যাপে একটি লিংক পাঠানো হয়। সবশেষে লিংকে ঢুকে একটি ফর্ম পূরণ করতেই মাথায় হাত পড়ে শেখরবাবুর। দুই ধাপে কেটে নেওয়া হয় ১ লক্ষ ১৯ হাজার ৫৮২ টাকা।

তিনি বলেন, 'প্রথমে একাধিকবার ফোন কল করা হয়। পরবর্তীতে রিসিভ করলে, জানানো হয় তাদের সিনিয়ার হোয়াটসঅ্যাপে ভিডিও কলিংয়ে কথা বলবেন। একইসঙ্গে পাঠানো হয় লিংক। তাতে ঢোকার পর সন্দেহ হলে তৎক্ষণাৎ মোবাইল সুইচ অফ করে দিই। এরপর সকালে উঠে দেখি দুটো ক্রেডিট কার্ড থেকে যথাক্রমে ১ লক্ষ ৫৭৯ টাকা ও ১৯ হাজার ৩ টাকা কাটা হয়।'


রংদার



ফাঁসি

বহুদিন বাদে ফের তা চর্চায়। ইয়েমেনে খুনের দায়ে দোষী সাব্যস্ত ভারতীয় নার্স নিমিশা প্রিয়ার হাত ধরে। চর্চা অবশ্য তাকে নিয়ে বহু যুগ ধরেই। মধ্যযুগের ইংল্যান্ডে শাস্তি দিতে বা স্বাধীনতা অর্জনে মরিয়া আমাদের বীর শহিদদের কণ্ঠরোধে তাকে ব্যবহার করা হয়েছে। মজার ছলে বিয়ের পিঁড়িতে বসাকেও কেউ কেউ এর সঙ্গে তুলনা করে থাকে। এবারের প্রচ্ছদে ফাঁসি।

প্রচ্ছদ কাহিনী কৌশিক জোয়ারদার, শুভ্রদীপ চৌধুরী ও অরিন্দম ঘোষ

ছোটগল্প অভ্রদীপ গঙ্গোপাধ্যায়

ট্রাভেল ব্লগ কৃষ্ণপ্রিয় ভট্টাচার্য

কবিতা রিমি দে, আশুতোষ বিশ্বাস, প্রণব কুমার কুণ্ডু, অভিজিৎ ভৌমিক, অজিত ঘোষ, বিভা দাস, সন্দীপ সরকার।


# শিয়রে পুজো, ব্যবসা লাটে মেখলিগঞ্জে

**শুভ্রজিৎ বিশ্বাস**

**মেখলিগঞ্জ, ২৫ জুলাই :** কথা ছিল, মাস ছয়েকের মধ্যে মেখলিগঞ্জ বাজারে মার্কেট কমপ্লেক্স তৈরি হবে। সেখানে এক বছরের বেশি সময় অতিক্রান্ত হলেও এখনও কাজ শেষ হয়নি। সামনেই আবার দুর্গাপুজো। এখন থেকেই কমবেশি কেনাকাটা শুরু হয়ে গিয়েছে। কিন্তু মার্কেটের অভাবে ব্যবসা করতে পারছেন না বলে ব্যবসায়ীদের মধ্যে ক্ষোভ বাড়ছে। মেখলিগঞ্জ পুরসভার চেয়ারম্যান প্রভাত পাটনি এ বিষয়ে বলেন, 'শেষমুহূর্তের কাজ চলছে। উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর কমপ্লেক্সটি আমাদের হাতে তুলে দিলেই সেটি চালু হবে। ওই এলাকায় যে সমস্ত ব্যবসায়ীরা ব্যবসা করত, তাঁদের তুলে কাজ শুরু করতেই দেরি হয়ে গিয়েছিল।'

প্রায় ৬৮ লক্ষ টাকা ব্যয়ে মেখলিগঞ্জ মাছ বাজার সংলগ্ন এলাকায় উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর ওই মার্কেট কমপ্লেক্সটি তৈরি করছে। প্রায় ৩০টিরও বেশি নতুন স্টল চালু হবে। শহরের প্রায় দশ হাজার মানুষের পাশাপাশি শহর সংলগ্ন কুচলিবাড়ি, বাগডোকরা, নিজতরফ গ্রাম পঞ্চায়েতের আরও কয়েক হাজার মানুষ নানা প্রয়োজনে নিয়মিত ওই বাজারে আসেন। মার্কেট চালু না হওয়ায় ব্যবসায়ীদের বাজারের ভেতর রাস্তার পাশে বসতে হচ্ছে। ফলে রাস্তাও সংকীর্ণ হয়ে গিয়েছে। বিশেষ করে হাটবারে সমস্যা আরও বাড়ছে বলে অভিযোগ।



এখানেই মার্কেট কমপ্লেক্স তৈরির দাবি তুলেছেন ব্যবসায়ীরা।

মেখলিগঞ্জ মহকুমা ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক রাধেশ্যাম লাখোটিয়া বলেন, 'মার্কেট কমপ্লেক্স চালু না হওয়ায় ব্যবসায়ীদের পাশাপাশি বাজারে আসা সাধারণ মানুষেরও চলাচলে সমস্যা হয়। পুজোর আগে সব ব্যবসাই বেশি জমে ওঠে। তাই কাজ দ্রুত শেষ করে কমপ্লেক্স চালুর দাবি জানাই।' এক অস্থায়ী ব্যবসায়ী অনিল কর্মকারের কথায়, 'সোম ও শুক্রবার অর্থাৎ হাটবারে ওই এলাকায় অস্থায়ীভাবে দোকান নিয়ে বসি। মার্কেটের কাজ চলায় সামনের রাস্তার পাশে বসতে হচ্ছে। ফলে পথচারীদের চলাচলে সমস্যা হচ্ছে।'

"শেষ মুহূর্তের কাজ চলছে। উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর কমপ্লেক্সটি আমাদের হাতে তুলে দিলেই সেটি চালু হবে। ওই এলাকায় যে সমস্ত ব্যবসায়ী ব্যবসা করত, তাঁদের তুলে কাজ শুরু করতেই দেরি হয়ে গিয়েছিল।"

**প্রভাত পাটনি** *চেয়ারম্যান মেখলিগঞ্জ পুরসভা*

# স্বামী বাংলাদেশি! নথি দিলেন স্ত্রী

**বিশ্বজিৎ সরকার**

**রায়গঞ্জ, ২৫ জুলাই :** একই ব্যক্তি দুই দেশের ভোটার! নথি অনুযায়ী তিনি দুই দেশেরই নাগরিক। একই সঙ্গে বাংলাদেশ ও ভারতের পরিচয়পত্র বানিয়ে দীর্ঘ দেড় দশকেরও বেশি সময় ধরে তিনি বহালতবিয়তে ভারতেই বসবাস করছেন বলে অভিযোগ। শুধু বসবাসই নয়, রীতিমতো দু'দুটি বিয়ে করে ঘরসংসারও করছেন। ব্যবসার পাশাপাশি পদ্ম শিবিরে নাম লিখিয়ে দিব্যি রাজনীতির আঙিনাতেও জায়গা করে নিয়েছেন বিশ্বজিৎকুমার ধর নামে ওই ব্যক্তি। এতদিন তাঁর আসল পরিচয় কেউ কিছুই জানতেন না, কিংবা জানলেও বিষয়টি নিয়ে কেউ ঘাঁটাতে চাননি। কিন্তু শুক্রবার হাটে হাঁড়ি ভেঙে দিলেন বিশ্বজিতের প্রথম স্ত্রী সীমা ধর। এদিন সরাসরি রায়গঞ্জের পুলিশ সুপারের কার্যালয়ে হাজির হয়ে লিখিতভাবে সীমা জানিয়ে দিলেন, তাঁর স্বামী বিশ্বজিৎকুমার ধর আদতে একজন বাংলাদেশি। একইসঙ্গে স্বামীর ভারতের আধার ও ভোটার কার্ড এবং বাংলাদেশের বৈধ পাসপোর্ট থাকার কথাও পুলিশকে জানিয়েছেন সীমাদেবী। গোটা ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে উত্তর দিনাজপুরের প্রশাসনিক মহলে।

বাংলাদেশের দিনাজপুর জেলার বাসিন্দা বিশ্বজিৎকুমার ধরের নামে থাকা পাসপোর্ট অনুযায়ী তাঁর জন্মতারিখ ২৮ মে, ১৯৭৮। পাসপোর্ট নম্বর বিএন-০৪১৮৯৭৬, সিরিয়াল নম্বর ১৯৭৮২৭১২১৩৮৬২২৯৪। অথচ ভারতীয় আধার কার্ডে তাঁর জন্মতারিখ ১ জানুয়ারি, ১৯৮১। হেমতাবাদ ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে জন্ম দেখিয়ে স্থানীয় পঞ্চায়েত থেকে একটি জন্ম শংসাপত্রও বানিয়ে ফেলেছেন বিশ্বজিৎ। সেই শংসাপত্রে আবার তাঁর জন্ম তারিখ ৯ এপ্রিল, ১৯৮১। যদিও এদিন হেমতাবাদ ব্লক স্বাস্থ্যকেন্দ্রে খোঁজ নিয়ে জানা যায়, রেজিস্টারে ওই ব্যক্তির জন্মের কোনও তথ্যই লিপিবদ্ধ নেই। সব মিলিয়ে গভীর রহস্য তৈরি হয়েছে বিশ্বজিৎকুমার ধরের পরিচয় নিয়ে।

রায়গঞ্জের মহকুমা শাসক কিংশুক মাইতি অবশ্য জানান, 'বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।'

**আজব কাণ্ড**

- একই ব্যক্তির নামে ভারত ও বাংলাদেশের ভোটার কার্ড ও পাসপোর্ট, ভারতের আধার কার্ডও রয়েছে
- ভুয়ো পরিচয়পত্র বানিয়ে বহালতবিয়তে ভারতে বসবাস বাংলাদেশি নাগরিকের
- হাটে হাঁড়ি ভাঙলেন তাঁর প্রথম পক্ষের স্ত্রী
- জেলার পুলিশ কর্তার দপ্তরে গিয়ে স্বামীর সমস্ত অবৈধ নথিপত্র তুলে দিলেন পুলিশের হাতে



যখন ঘিরে ধরে কুয়াশা। বৃষ্টিভেজা ম্যালে। দার্জিলিংয়ে শুক্রবার শানু শুভঙ্কর চক্রবর্তীর তোলা ছবি।

## সরব অধীর

**বহরমপুর, ২৫ জুলাই :** পরিযায়ী শ্রমিক অধ্যুষিত মুর্শিদাবাদের তরুণদের ভিনরাজ্যে বাংলা বলার অপরাধে হেনস্তা সহ নানা ধরনের বৈষম্যমূলক আচরণ এবং অনুপ্রবেশকারী তকমার প্রতিবাদে শুক্রবার পথে নেমে সরব হলেন বহরমপুরের প্রাক্তন সাংসদ অধীর রঞ্জন চৌধুরী। সেইসঙ্গে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ভূমিকাকে তীব্র সমালোচনা করে বিষোদ্গার করেন তিনি। একইসঙ্গে বাঙালি পরিযায়ী শ্রমিকদের নিয়ে তৃণমূলের বিরুদ্ধে পরিকল্পিত রাজনীতি করার অভিযোগ তোলেন প্রদেশ কংগ্রেসের প্রাক্তন এই সভাপতি।

## ডোকালাম

*প্রথম পাতার পর*

কিলোমিটার দূরের ডোকালামে তাঁরা পা রাখবেন, দৃঢ় বিশ্বাসী সিকিমের পর্যটন দপ্তর। উচ্চতাজনিত কারণে যাতে শারীরিক সমস্যায় না পড়তে হয় পর্যটকদের, তার জন্য ডোকালামে চিকিৎসার ক্ষেত্রে সেনার সাহায্য নেওয়া হবে।

প্রশাসনিক সিদ্ধান্তের কথা পৌঁছে গিয়েছে পর্যটন ব্যবসায়ীদের মধ্যে। সিকিমের পর্যটন ব্যবসায়ী সোনম ভুটিয়া বলছেন, 'প্রাথমিকভাবে প্রতিদিন ২৫টি গাড়ির পারমিট দেওয়া হবে বলে আমরা জানতে পেরেছি। ফলে নতুন কর্মসংস্থানের পথ খুলবে।'

হিমালয়ান হসপিটালিটি অ্যান্ড ট্যুরিজম ডেভেলপমেন্ট নেটওয়ার্কের সাধারণ সম্পাদক সম্রাট সান্যালের কথায়, 'যত বেশি ডেস্টিনেশন বাড়বে, ততই নতুন পর্যটকের সংখ্যা বাড়বে। উপকৃত হবে স্থানীয় এলাকা। চাঙ্গা হবে অর্থনীতিও।'

**আলোচনায় 'ইন্ডিয়া' জোট**

# ধনকরকে ভোজ নিয়ে বিতর্ক

**নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি, ২৫ জুলাই :** গোটা দেশকে চমকে দিয়ে আচমকাই উপরাষ্ট্রপতির পদ থেকে ইস্তফা দেন জগদীপ ধনকর। সোমবার সন্ধে তাঁর পদত্যাগপত্র রাষ্ট্রপতির দপ্তরে পৌঁছোনোর পর মঙ্গলবারই তা গ্রহণ করেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। এই আকস্মিক সিদ্ধান্তের পর থেকেই ধনকর ও কেন্দ্রের বিজেপি সরকারের মধ্যে সম্পর্কের টানাপোড়েন নিয়ে নানা জল্পনা ছড়িয়েছে রাজনৈতিক মহলে। বিদায়ি উপরাষ্ট্রপতিকে নৈশভোজে বিদায় সংবর্ধনা জানানো হবে কি না, তা নিয়ে এবার আলোচনায় বসেছেন বিজেপি-বিরোধী জোট 'ইন্ডিয়া'র শীর্ষনেতারা। শুক্রবার বিকাল পর্যন্ত বিষয়টি শুধুমাত্র প্রাথমিক স্তরের ভাবনা এবং সীমিত পরিসরে কথাবার্তার মধ্যেই সীমাবদ্ধ ছিল। তবে ইস্তফার প্রকৃত প্রেক্ষাপট এবং সরকারের সঙ্গে সম্পর্কের বর্তমান অবস্থা বিবেচনায় এই সিদ্ধান্ত নেওয়া হতে পারে বলে সূত্রের খবর। বুধবার সন্ধে সংসদের বিজনেস অ্যাডভাইজারি কমিটির বৈঠকে উপরাষ্ট্রপতি পদে জগদীপ ধনকরের আকস্মিক ইস্তফা নিয়ে প্রশ্ন তোলেন কংগ্রেস নেতা জয়রাম রমেশ। তিনি এই ইস্তফার পিছনে স্পষ্ট কারণ জানাতে সরকারের কাছে দাবি জানান। তবে বৈঠকে উপস্থিত কেন্দ্রীয় মন্ত্রী জেপি নাড্ডা ও কিরেন রিজিজু এই বিষয়ে কোনও প্রতিক্রিয়া দেননি বলে জানা গিয়েছে।



কংগ্রেসের অভিযোগ, ধনকরকে 'জবরদস্তি' ইস্তফা দিতে বাধ্য করা হয়েছে। কারণ, তিনি বিরোধী সাংসদদের সই করা একটি প্রস্তাব গ্রহণ করেছিলেন, যেখানে বিচারপতি যশবন্ত ভার্মার অপসারণ চাওয়া হয়েছিল। উল্লেখ্য, কিছু মাস আগে ওই বিচারপতির বাসভবন থেকে পোড়ানো অবস্থায় বিপুল পরিমাণে নগদ টাকা উদ্ধার হয়েছিল।

এই বিতর্কের মধ্যেই বৃহস্পতিবার রাজ্যসভায় ছয় সদস্যকে বিদায় সংবর্ধনা দেওয়া হয়। আম্বুমণি রামদাস, ভাইকো, পি উইলসন, এম শান্মুগম, এম মোহাম্মদ আবদুল্লা এবং এন চন্দ্রশেখরণকে।

যদিও এরকম কোনও পরিকল্পনা নেই বলেই জানা গিয়েছে তৃণমূলের দলীয় সূত্রে। এমনকি কংগ্রেসের রাজ্যসভার সাংসদ জয়রাম রমেশও জানিয়েছেন, 'বিদায়ি উপরাষ্ট্রপতিকে নৈশভোজ দেওয়ার বিষয়ে কোনও আলোচনা হয়নি ইন্ডিয়া জোটের মধ্যে।'

এদিকে উপরাষ্ট্রপতির শূন্যপদে প্রার্থী নির্বাচনের জন্য প্রস্তুতি শুরু করেছে বিজেপি নেতৃত্বাধীন এনডিএ জোট। বিরোধী শিবির থেকেও পালটা প্রার্থী দেওয়ার ইঙ্গিত মিলছে। নির্বাচন কমিশন ইতিমধ্যেই পরবর্তী উপরাষ্ট্রপতি নির্বাচনের প্রক্রিয়া শুরু করেছে এবং একজন রিটার্নিং অফিসার নিয়োগ করা হয়েছে।

উল্লেখযোগ্যভাবে, উপরাষ্ট্রপতি নির্বাচনের জন্য গঠিত ইলেক্টোরাল কলেজে লোকসভা ও রাজ্যসভার মোট ৭৮২ জন সদস্যের মধ্যে এনডিএ-র সংখ্যা প্রায় ৪২৫। ফলে তাদের পছন্দের প্রার্থীই নতুন উপরাষ্ট্রপতি পদে নির্বাচিত হওয়ার সম্ভাবনা প্রবল।

**বোঝাচ্ছে কোচবিহার পুলিশ**

# সোশ্যাল মিডিয়ায় বিরক্ত করাও অপরাধ

**শিবশংকর সূত্রধর**

**কোচবিহার, ২৫ জুলাই :** কাউকে ভীষণ পছন্দ হয়েছে? অথচ সে পাত্তা দিচ্ছে না? অনবরত তাকে মেসেজ করেই চলেছেন? এখনই সাবধান হয়ে যান। ভারতীয় আইন অনুযায়ী এটি একটি অপরাধ। সামনাসামনি কেউ বিরক্ত করলে, অশালীন আচরণ করলে তা ইভটিজিংয়ের আওতায় পড়ে। যা নিয়ে বিভিন্ন সময়ে অভিযোগ ওঠে। তবে শুধু সামনাসামনিই নয়, সোশ্যাল মিডিয়াতে কেউ অনবরত মেসেজ করলেও তা অপরাধের মধ্যেই পড়ে। এবিষয়টি অনেকেরই অজানা। তাই এ নিয়ে সচেতন করতে উদ্যোগী হয়েছে কোচবিহার জেলা পুলিশ।

ফেসবুক, হোয়াটসঅ্যাপ, ইনস্টাগ্রাম, ই-মেল সহ নানা সামাজিক মাধ্যমে কেউ অপ্রাসঙ্গিক মেসেজ পাঠাতে থাকলে অভিযোগের ভিত্তিতে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দেওয়া হয়েছে পুলিশের তরফে। তাতে তিন বছর পর্যন্ত জেল, জরিমানা অথবা দুটোই হতে পারে। কোচবিহার জেলা পুলিশের তরফে এই সংক্রান্ত একটি ভিডিও তৈরি করে সেটির মাধ্যমে প্রচার শুরু করা হয়েছে। সেই ভিডিওতে পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য বলেন, 'কারও ডিজিটাল গোপনীয়তা লঙ্ঘন করা বা তাঁকে অনলাইনে বারবার বিরক্ত করা আইনত দণ্ডনীয়।' পুলিশ সুপারের পরামর্শ, 'শুধু আইন জানলেই হবে না। সচেতনতাও প্রয়োজন। তাই কেউ এমন অভিজ্ঞতার শিকার হলে পুলিশের দ্বারস্থ হন।'

সোশ্যাল মিডিয়াকে ব্যবহার করে অপরাধের প্রবণতা বহুগুণ বেড়েছে। পুলিশের সাইবার ক্রাইম বিভাগে ভূরিভূরি অভিযোগও জমা পড়ছে। মেসেজ করে বিরক্ত করার মতো ঘটনা বহু ঘটলেও সচেতনতার অভাবে তা পুলিশ



পর্যন্ত খুব একটা গড়ায় না। বিশেষ করে মেয়েদের এধরনের সমস্যায় বেশি ভুগতে হয়। সোশ্যাল মিডিয়ায় অবাঞ্ছিত মেসেজ আসতেই থাকে। বিভিন্ন সোশ্যাল মিডিয়ায় 'ব্লক' অপশন থাকলেও বিকল্প অ্যাকাউন্ট ব্যবহার করেও মেসেজ করার প্রবণতা দেখা যায়। এক কলেজ ছাত্রীর কথায়, 'ফেসবুক ও ইনস্টাগ্রামে প্রচুর মেসেজ আসতে থাকে। কেউ কেউ অশ্লীল মেসেজ পর্যন্ত পাঠায়। বারণ করলেও লাভ হয় না। পরবর্তীতে এরকম কোনও ঘটনা ঘটলে নিশ্চয়ই পুলিশের দ্বারস্থ হব।'

# জেলা কমিটি

*প্রথম পাতার পর*

কিন্তু দলের অভ্যন্তরীণ কোন্দলে বর্তমানে বসে যাওয়া নেতাদের নাম নিয়ে চর্চা চলছে। প্রাক্তন সহ সভাপতি সঞ্জয় চক্রবর্তী, পুষ্পেন সরকার, প্রণব পাল, প্রাক্তন জেলা সম্পাদক অজয় সাহা, প্রাক্তন অফিস যুগ্ম সম্পাদক রাজু রায়ের নাম নিয়ে জল্পনা চলছে। এঁদের মধ্যে কেউ নতুন জেলা কমিটিতে জায়গা পেতেই পারেন। সঞ্জয় বলেছেন, 'আমরা দলের অনুগত সৈনিক। সম্মানের সঙ্গে দল যেভাবে কাজে লাগাবে সেভাবেই কাজ করব।'

বিজেপির কোচবিহার সাংগঠনিক জেলায় আটটি বিধানসভা কেন্দ্র রয়েছে (মেখলিগঞ্জ কেন্দ্রটি জলপাইগুড়ি সাংগঠনিক জেলার অন্তর্গত)। আটটির মধ্যে দিনহাটা ও সিতাই বাদ দিয়ে বাকি ছয়টিই বিজেপির দখলে। কিন্তু সাংগঠনিক দুর্বলতায় দলের শক্তি অনেক কমেছে বলে দলের নীচুতলায় কর্মীরাই আড়ালে বলছেন। আগামী বিধানসভা নির্বাচনে বিজেপি তাদের আসন ধরে রাখতে পারবে নাকি সেখানে ঘাসফুল থাবা বসাবে তা সময়ই বলবে। তবে নির্বাচনে ঘুঁটি সাজানোর আগে পদ্মের কমিটিতে কারা ঠাঁই পাচ্ছেন, এখন সেদিকে তাকিয়ে সব মহল।

## হাতি মেরে সাথি



কুনকির পিঠে চেপে নজরদারি জলদাপাড়ায়।

## তাঁতশিল্পীদের প্রশিক্ষণ

**কোচবিহার, ২৫ জুলাই :** জেলার তাঁতশিল্পীদের আধুনিক ও উন্নতমানের হিসেবে গড়ে তুলতে হস্ততাঁত উন্নয়ন দপ্তর কম্পিউটারের মাধ্যমে শাড়ির ডিজাইন অর্থাৎ নকশা তৈরির কাজ শেখানো শুরু করল। বৃহস্পতিবার দপ্তরের রিজিওনাল ডিজাইনিং সেন্টারের উদ্বোধন করা হয়। দপ্তরের উত্তরবঙ্গ ডিভিশনের ডেপুটি ডিরেক্টর কৌশিক হালদার, কোচবিহার জেলা পরিষদের সভাধিপতি সুমিতা বর্মন প্রমুখ সেখানে উপস্থিত ছিলেন।

শুক্রবার থেকে একজন মাস্টার ট্রেনারের অধীনে ২০ জনের প্রশিক্ষণ শুরু হয়েছে। ৪৫ দিন ধরে প্রশিক্ষণ চলবে। পুজোর পর থেকে আরও একটি ব্যাচ প্রশিক্ষণ নেবে। হস্ততাঁত উন্নয়ন আধিকারিক (ভারপ্রাপ্ত) কৌশিক ভৌমিক বলেন, 'কোচবিহারে তাঁতশিল্প অনেকটাই উন্নতি করেছে। তাঁতশিল্পীরা যাতে বৈজ্ঞানিক পদ্ধতিতে আরও উন্নতমানের এবং দ্রুত কাজ করতে পারেন সেই কারণে কম্পিউটারের মাধ্যমে তাঁদের ডিজাইনের ট্রেনিং দেওয়া হবে।'


# সিসিটিভি ক্যামেরা নষ্ট

*প্রথম পাতার পর*

বিশ্ববিদ্যালয়ের তৃণমূল ছাত্র পরিষদের নেতা উত্তম ঘোষ বলেন, 'ছাত্রীদের কথা মাথায় রেখে এবং বহিরাগতদের আনাগোনা বন্ধ করতে অবিলম্বে গোটা ক্যাম্পাসে সিসিটিভি ক্যামেরা লাগানো উচিত।'

বিশ্ববিদ্যালয়ের মূল প্রশাসনিক ভবনের প্রথম এবং দ্বিতীয় তলায় পরীক্ষা নিয়ামকের দপ্তর থেকে শুরু করে কনফিডেনশিয়াল রুম, উপাচার্যের দপ্তর সহ একাধিক ল্যাব এবং বিভাগ রয়েছে। ভবনটিতে সারাদিনই পড়ুয়াদের আনাগোনা থাকে। বিশ্ববিদ্যালয়ের প্রথম সিমেস্টারের ইতিহাস বিভাগের এক ছাত্রী বলেন, 'ছাত্রীদের নিরাপত্তার স্বার্থে ক্যাম্পাসে আরও সিসিটিভি ক্যামেরা লাগানো প্রয়োজন। সেইসঙ্গে সেগুলি পরিচালনার জন্য আলাদা কর্মী রাখা প্রয়োজন।' এবিষয়ে এআইডিএসওর বিশ্ববিদ্যালয় ইউনিটের নেতা সুনির্মল অধিকারী বলেন, 'এ বিষয়ে কর্তৃপক্ষের অবিলম্বে পদক্ষেপ করা উচিত।'

তবে বিশ্ববিদ্যালয়ের মূল ভবনে নিরাপত্তার জন্য দুই শিফট মিলিয়ে আপাতত মোট আটজন



নিরাপত্তারক্ষী রয়েছেন। পর্যাপ্ত নিরাপত্তারক্ষী এবং সিসিটিভি ক্যামেরা রয়েছে হস্টেলগুলিতে। তবে, সিসিটিভি ক্যামেরার পাশাপাশি ক্যাম্পাসে অনেক জায়গায় সীমানা প্রাচীর না থাকায় বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা নিয়ে প্রশ্ন থাকছেই।

# জোর করে 'পুশব্যাক'

*প্রথম পাতার পর*

গ্রেপ্তারের খবর আমির শেখের পরিবারের লোকজন জানতে পারেন। তারপরেই পরিবারের লোকজন রাজস্থানে গিয়ে খোঁজখবর নিতে শুরু করেন। কিন্তু সেখানকার চারটি থানা আমিরের গ্রেপ্তারের কথা স্বীকার করেনি। গত বুধবার আচমকা সোশ্যাল মিডিয়ায় আমির শেখের ভিডিও দেখতে পান পরিবারের লোকজন।

ওই ভিডিওতে দেখা যায় (যদিও ওই ভিডিও'র সত্যতা যাচাই করেনি উত্তরবঙ্গ সংবাদ) আমির কাঁদতে কাঁদতে বলছেন, 'রাজস্থান পুলিশ ও বিএসএফ আমাকে জোর করে এখানে বাংলাদেশে ফেলে দিয়েছে। বিএসএফ আমাকে প্রচণ্ড মারধর করে এবং বড় একটি গাড়ি বাংলাদেশে যাচ্ছিল, সেই গাড়িতে আমাকে ছুড়ে ফেলে দেয়।' ভিডিওতে আমির জানান, রাজস্থান পুলিশ ও বিএসএফকে তাঁর আধার কার্ড, ভোটার কার্ড ও জন্ম সার্টিফিকেট পর্যন্ত দেখিয়েছিলেন। সেগুলো তারা ছিঁড়ে ফেলে দিয়েছে। এখন আমির বাংলাদেশে রয়েছেন।

আমিরের কাছে ভোটার কার্ড, আধার কার্ড ও র‍্যাশন কার্ড সবই ছিল। ভারতীয় নাগরিক হিসেবে প্রমাণপত্র যা প্রয়োজন সব থাকা সত্ত্বেও রাজস্থান পুলিশ তাঁকে বাংলাদেশি বলে গ্রেপ্তার করে। তারপর প্রায় দু'মাস জেলে রাখা হয়। অভিযোগ, গত বুধবার রাজস্থান পুলিশ ও বিএসএফ মিলে আমিরকে মারধর করে জোর করে বাংলাদেশে পাঠিয়ে দেয়। এলাকার বাসিন্দাদের অনুমান, সম্ভবত কলকাতার বনগাঁ এলাকার বর্ডার দিয়ে হয়তো আমিরকে বাংলাদেশে পাঠানো হয়েছে।

বৃহস্পতিবার সোশ্যাল মিডিয়ায় আমিরের ছবি দেখে পরিবারের লোকজন চিনে ফেলেন। তারপরেই প্রশাসনের দ্বারস্থ হন। রাজস্থান পুলিশ ও বিএসএফের এই অমানবিকতার জন্য ক্ষোভ দেখিয়েছেন জালালপুর গ্রামের অনেকেই।

এদিন বিকেলে কালিয়াচকের বিডিও সত্যজিৎ হালদার, জেলা পরিষদের বন ও ভূমি কর্মাধ্যক্ষ আব্দুর রহমান, পঞ্চায়েত সমিতির পূর্ত কর্মাধ্যক্ষ কামাল হোসেন সহ একদল প্রতিনিধি আমিরের পরিবারের সঙ্গে দেখা করেন। তাঁকে ফিরিয়ে আনার আশ্বাস দেন। বিডিও বলেন, 'আমরা পরিবারের সঙ্গে দেখা করেছি। কিছু সাহায্য সহযোগিতা করেছি। প্রশাসনিক স্তরে কথাবার্তা শুরু হয়েছে। আমিরকে ফিরিয়ে আনার ব্যবস্থা করা হবে।'

আমিরের দিদা মোমেনা বিবি বলেন, 'সব কিছু নথিপত্র থাকা সত্ত্বেও আমিরকে জেল খাটতে হয়েছে। পুলিশ ও বিএসএফ মিলে মারধর করে বাংলাদেশে পাঠিয়ে দিয়েছে। আমরা বিষয়টি প্রশাসনকে জানিয়েছি। তাকে ফিরিয়ে আনার অনুরোধ করছি।'

গ্রামবাসী আসাদুল শেখের কথায়, 'আমাদের এই গ্রামে প্রচুর মানুষ ভিনরাজ্যে শ্রমিকের কাজ করতে যান। কিন্তু ভিনরাজ্যের পুলিশ যদি এরকমভাবে ধরে বাংলাদেশে পাঠিয়ে দেয় তাহলে আমরা কোথায় কাজ করব? রাজস্থান পুলিশ তার সঙ্গে অমানবিক আচরণ করেছে। তাকে জোর করে বাংলাদেশে ফেলে দেওয়া হয়েছে।'

বিপ্লব মণ্ডল নামে জালালপুরের এক বাসিন্দা বলেন, ছেলেটা অত্যন্ত নিরীহ এবং সহজ সরল। পরিবারের ওঁরা সবাই পরিযায়ী শ্রমিক। ওর বাবা ও ছোট ভাই এখনও বাইরে রয়েছেন। সমস্ত কিছু থাকা সত্ত্বেও কী করে একজনকে বাংলাদেশে পাঠিয়ে দেওয়া হয়, এটা বুঝে উঠতে পারছি না। আমরা সবাই চাই আমিরকে গ্রামে ফিরিয়ে নিয়ে আসা হোক।

# মরিয়া দুই ফুলই

*প্রথম পাতার পর*

পৌঁছানো দুটি নোটিশ যেন মূর্তিমান বিভীষিকা। শুধু সাবেক পূর্ব পাকিস্তান বা বাংলাদেশ থেকে আসা উদ্বাস্তুরা নন, স্থানীয় রাজবংশী, নমশূদ্রের সকলেই উদ্বেগের সারিতে। এই প্রতিবেদন লেখার সময় খবর এল, কোচবিহার জেলার ঘোকসাডাঙ্গার এক বাসিন্দার নামেও এনআরসি নোটিশ পাঠিয়েছে অসম সরকার। এমন নয় যে অনুপ্রবেশ হচ্ছে না। এমন নয় যে, পরিচয় লুকিয়ে বাংলাদেশি কেউ উত্তরবঙ্গ বা ভারতের অন্যত্র বসবাস করছেন না। কিন্তু রাষ্ট্রের আইনে অনুপ্রবেশ যে অপরাধ।

সেই অপরাধ ঠেকাতে সরকারের পদক্ষেপে কোনও অন্যায় নেই। প্রশ্নটা তোলা যাচ্ছে এই কারণে যে, বেছে বেছে বাংলায় বিধানসভা নির্বাচনের ঠিক এক বছর আগে অনুপ্রবেশকারী ধরার তৎপরতা দেখে। যে প্রশ্নটা তুলেছে আদালতও। বিজেপি শাসিত রাজ্যে বেছে বেছে বাংলাভাষীদের ঘরে ঘরে হানা, থানায় আটকে রাখা, এমনকি হরিয়ানায় ডিটেনশন ক্যাম্প চালু করে দেওয়ায় প্রশ্নটা মনে জাগা স্বাভাবিক।

এই অভিযানে হয়রানির শিকার কারা? গত ক'দিনের খবরের কাগজে নামগুলি পড়লে বোঝা যাবে, অধিকাংশই ধর্মে মুসলিম। অনুপ্রবেশ রোধের এই বিরাট কর্মযজ্ঞে দু'-চারজন হিন্দুও হেনস্তা হচ্ছেন। কিন্তু সবচেয়ে বেশি ভোগান্তি মুসলিম শ্রমিকদের। তাঁদের ভয় ধরিয়ে দেওয়া বিজেপির কৌশল। যদিও তাঁদের মধ্যে অনুপ্রবেশকারী কেউ নেই- এমন কথা হলফ করে বলা যাবে না। আবার অনুপ্রবেশকারী মানেই মুসলমান- তাও নয়। যেমন, উত্তর দিনাজপুরের চাকুলিয়ায় যে হিন্দু দম্পতির খোঁজ মিলেছে, তাদের বাংলাদেশের পাসপোর্ট আছে। ভারতের আধার কার্ডও আছে।

আবার মুসলিম মানেই সবাই বাংলাদেশি নন। ধরে আনতে বলে বেঁধে আনার পরিস্থিতি হলে বাছবিচার কম হয়। বাস্তবে তাই ঘটছে। আসলে বিজেপির তাগিদে রাষ্ট্রের প্রক্রিয়া শুরু হয়েছে। মুসলিম ভোটার কিছু কমাতে পারলে, দেশ থেকে বের করে না দিলেও ভোটার তালিকা থেকে বাদ দিতে পারলে বাংলায় ভোটের অঙ্কে সুবিধা হয় একশোর বেশি আসনে। রাজ্যের ক্ষমতা দখলে সংখ্যাটির শক্তি অনেক।

রাষ্ট্রের নামে অনুপ্রবেশকারী তাড়ানোর এই অভিযানে তাই প্রমাদ গুনছে তৃণমূল। কেননা, লুকোছাপার কোনও জায়গা নেই যে, ধর্মে মুসলিম মানেই তৃণমূলের স্বাভাবিক ভোটব্যাংক। কিন্তু মমতা বন্দ্যোপাধ্যায় খেলাটা বদলে ফেলেছেন সচেতনভাবে। বিজেপির ফাঁদে আর পা দিয়ে মেরুকরণ তীব্র করার পথে না গিয়ে তাঁর অস্ত্র এখন ধর্মনির্বিশেষে বাঙালি নির্যাতনের অভিযোগ।

মেরুকরণের বদলে বাঙালি সত্তার ছাতাটাকে বড় করে তুলে ধরতে দিনহাটার উত্তমকুমার ব্রজবাসীকে ২১শে জুলাইয়ের মঞ্চে তুলে হিন্দুদের বার্তা দেওয়া গেল। একইসঙ্গে রাজবংশীদের বুঝিয়ে দেওয়া গেল, তোমরাও নিরাপদ নও। ভিনরাজ্যে হেনস্তাকে ধর্মের পরিচয়ে না বেঁধে ভাষা সন্ত্রাসের বড় ফ্রেমে আটকে ফেলতে চাইছেন তৃণমূল নেত্রী। প্রশ্ন তুলছেন, এই ভাষা সন্ত্রাস কবে বন্ধ হবে? গোটা দলকে নামিয়ে দিচ্ছেন ভাষা আন্দোলনে।

ধর্মনির্বিশেষে বাঙালি নিপীড়ন হয়ে উঠছে মমতার দাবার বোড়ে। ভয় ধরিয়ে দেওয়াটা সেই বোড়ের কুশলী চাল। এই চালে কিস্তিমাত হবে কি না, ভবিষ্যৎ বলবে। তবে এটুকু বলাই যায় যে, বিজেপি বিড়ম্বনায় পড়েছে। দিনহাটায় এনআরসি নোটিশ আসার পর স্থানীয় বিজেপি নেতাদের সাফাই অনেকটা আমতা-আমতা গোছের। বরং অসমের মুখ্যমন্ত্রী তাঁদের যুক্তিতে জল ঢেলে দিয়েছেন। ফলে রাজবংশীদের পাশে আছি বলে বিজেপির প্রচার মমতার অস্ত্রকে এখনও ভোঁতা করতে পারেনি। তবে ভয় ধরানোর অস্ত্রে শান দিচ্ছে তৃণমূল, বিজেপি- উভয় দলই।

# মথের খোঁজে লুংসেলে

**অনুপ সাহা**

**কালিম্পং, ২৫ জুলাই :** পাখি পর্যবেক্ষণ, প্রজাপতি পর্যবেক্ষণ শিবির অনেক হয়। নিবিড় প্রকৃতি পাঠের জগতের ট্রেন্ড এখন মথ। মথের অজানা দুনিয়া সম্বন্ধে জানতে জাতীয় মথ সপ্তাহ উপলক্ষ্যে তিনদিনব্যাপী মথ পর্যবেক্ষণ শিবির শুরু হল কালিম্পং পাহাড়ের লুংসেলে। এই অঞ্চলটি মথের স্বর্গরাজ্য বলেও পরিচিত।

পরিবেশপ্রেমী সংগঠন হিমালয়ান নেচার অ্যান্ড অ্যাডভেঞ্চার ফাউন্ডেশন (ন্যাফ)-এর উদ্যোগে মথ পর্যবেক্ষণ শিবিরের এবারে পঞ্চম বর্ষ। শিবিরের জন্য বেছে নেওয়া হয়েছে ৪,৫০০ ফুট উচ্চতায় অবস্থিত লুংসেল পাহাড়ি জনপদ। ওদলাবাড়ি চৌরাস্তার মোড় থেকে উত্তরে পাথরঝোরার দিকে যে রাস্তাটি এগিয়ে গিয়েছে, সেটি ধরে শিরুবাড়ি পেরিয়ে কালিম্পং জেলার শুরু। যাত্রাপথের প্রায় পুরোটাজুড়ে বাহারি রঙের ঝাঁকে ঝাঁকে প্রজাপতি দেখতে দেখতে লুংসেল যাত্রা অত্যন্ত উপভোগ্যও বটে।

এদিন জাতীয় পতাকা ও সংগঠনের পতাকা উত্তোলনের মাধ্যমে শিবিরের আনুষ্ঠানিক উদ্বোধন পর্ব শেষে বিশেষজ্ঞ যুধাজিৎ দাশগুপ্ত বলেন, 'মথ নিজে যেমন অন্ধকারের জীব, তাই সাধারণ মানুষের ধারণাও মথকে নিয়ে অন্ধকারে। মথের বৈচিত্র্য বিশাল বলে জানিয়েছেন তিনি। সাধারণত রাতেই মথ উড়ে বেড়ায়। তবে কয়েকটি প্রজাতির মথ আবার দিনেও ওড়ে।' তিনি জানিয়েছেন, পৃথিবীজুড়ে ১ লক্ষ ৬০ হাজার প্রজাতির মথ এখনও অবধি নথিভুক্ত করা হয়েছে। যারমধ্যে ভারতে রয়েছে প্রায় ১৫ হাজার প্রজাতি। যার মধ্যে অ্যাটলাস, টাইগার, আউল, ফ্রুট পিয়ার্সিং ইত্যাদি প্রজাতির মথ উল্লেখযোগ্য বলে তাঁর মত।

ন্যাফের কোঅর্ডিনেটর অনিমেষ বসুর কথায়, 'কোনও একটি জায়গার পরিবেশ কতটা ভালো তা বুঝিয়ে দিতে মথের ভূমিকা অপরিসীম। একেক ধরনের মথ একেক ধরনের গাছের পাতা খেয়ে বড় হয়। আর এ কারণেই কোনও একটি নির্দিষ্ট জায়গায় যত বেশি প্রজাতির মথ দেখতে পাওয়া যাবে বুঝতে হবে যে ওই এলাকায় গাছপালারও বৈচিত্র্য রয়েছে।' পাশাপাশি তিনি জানিয়েছেন, বিভিন্ন পাখি, সরীসৃপ, বাদুড়ের প্রিয় খাদ্য মথ। যার অর্থ মথের সংখ্যা কমে গেলে এই প্রাণীগুলোও বিপদে পড়বে।



কলকাতা থেকে এবার শিবিরে এসেছেন আরেক মথ বিশেষজ্ঞ ডঃ পূরব চৌধুরী। মথের মতো পতঙ্গ বাস্তুতন্ত্রের ভারসাম্য বজায় রাখতে যে গুরুত্বপূর্ণ তা তুলে ধরতেই এই উদ্যোগ বলে জানিয়েছেন তিনি।

আগামী ২৭ তারিখ পর্যন্ত জারি থাকবে শিবির। দু'দিন ধরে রাত জেগে মথ পর্যবেক্ষণ করার পাশাপাশি বিভিন্ন প্রজাতির মথের ছবি তুলে রাখা, পরদিন শিবিরে অংশগ্রহণকারী এবং স্থানীয় স্কুল পড়ুয়াদের নিয়ে বিশেষ ক্লাসে সেগুলোর বিবরণ তুলে ধরা হবে বলে ন্যাফের তরফে জানানো হয়েছে। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে মোট ৩০ জন এই শিবিরে যোগ দিয়েছেন।

# জাভির কোচিংয়ের আবেদন খারিজ

জাভি যদি সত্যিই আগ্রহী হতেন ভারতের কোচ হওয়ার জন্য তবু তাঁকে আমরা নিতে পারতাম না। কারণ প্রচুর টাকার প্রয়োজন তাঁর মতো কোচকে নিতে গেলে। -সুব্রত পাল (ভারতীয় ফুটবল দলের ডিরেক্টর)

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৫ জুলাই :** শোনা যাচ্ছে আর মাস কয়েক পরেই কোনও এক ব্যবসায়ীর উদ্যোগে এদেশে আসছেন লিওনেল মেসি। তাঁকে দেখতে যথেষ্টই ট্যাঁকের কড়ি গুনতে হবে ভক্তদের। অথচ মেসির একদা সতীর্থ জাভি হার্নান্ডেজ নিজেই আসার আবেদন করে ফেলা সত্ত্বেও তাঁকে দেখা থেকে বঞ্চিত হতে হচ্ছে এদেশের ফুটবল সমর্থকদের। সৌজন্যে অবশ্যই অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশন!

ঘটনাটা কী? না, সদ্যই ভারতের জাতীয় দলের কোচ কারা হতে পারেন তার একটা বাছাই তালিকা প্রকাশিত হয়েছে। যেখানে দুই বিদেশির থেকে অনেকখানি এগিয়ে ভারতের কোচ খালিদ জামিল। মূলত আর্থিক কারণেই তিনি বাকিদের পিছনে ফেলেছেন। এআইএফএফের এখন নুন আনতে পান্তা ফুরোনোর অবস্থা। ১৭০ জনের মধ্যে তিনজন বাছতে গিয়ে প্রথম ভাবতে হয়েছে টাকার কথাই। আর এই একটা কারণেই বাতিল হয়ে গেছেন জাভির মতো কিংবদন্তি। তার থেকেও বড় কথা, চেপেচুপে রাখার চেষ্টা হলেও হঠাৎই জানা গিয়েছে যে এই আবেদনকারী ১৭০ জনের মধ্যে রবি ফাউলার, হ্যারি কেওয়েলদের পাশাপাশি ছিলেন বার্সার প্রাক্তন ফুটবলার ও কোচ জাভিও। শুধু তাই নয়, নিজের ই-মেল আইডি থেকেই আবেদন করেন তিনি। শুধু আবেদনপত্রে তাঁর যোগাযোগের ফোন নম্বরের জায়গাটা ফাঁকা রেখে গিয়েছিলেন বলে খবর। তাঁর এই আবেদনের বিষয়টি স্বীকার করে নেন জাতীয় দলের ডিরেক্টর সুব্রত পালও। তিনি সংবাদমাধ্যমের প্রতিনিধিদের জানান, 'হ্যাঁ, আমরা যত আবেদনপত্র পেয়েছিলাম তার মধ্যে জাভি ছিলেন।' কিন্তু শেষমেশ তাঁর আবেদনপত্র খারিজ করে



দেওয়া হয়েছে বাছাই তালিকা তৈরির সময়েই।

বিষয়টি প্রকাশ্যে আসতেই হইচই শুরু হলেও এক্ষেত্রে ফেডারেশনের খুব একটা দোষ দেখছেন না কেউই। কারণ তাঁর বেতনের অঙ্ক যে পরিমাণ তা দেওয়ার ক্ষমতা ফেডারেশনের নেই এটাও সুব্রত মেনে নিয়েছেন, 'জাভি যদি সত্যিই আগ্রহী হতেন ভারতের কোচ হওয়ার জন্য তবু তাঁকে আমরা নিতে পারতাম না। কারণ প্রচুর টাকার প্রয়োজন তাঁর মতো কোচকে নিতে গেলে।' ঘটনা হল, আগেই এক সাক্ষাৎকারে জাভি জানিয়েছিলেন, তিনি ভারতীয় ফুটবল দেখেন এবং নিয়মিত খবরাখবর রাখেন এদেশে এবং এশিয়াতে কাজ করা স্প্যানিশ কোচদের মাধ্যমে। আর্থিক বিষয় ছাড়াও ফুটবল ভক্তরা মনে করছেন, এদেশের ফুটবলারদের নিয়ে কাজ করতেও সমস্যায় পড়তেন জাভি। কারণ তাঁর ফুটবল সম্পর্কে ধারণা থেকে এদেশের ফুটবল ও ফুটবলাররা অনেকটা দূরে। ফলে দায়িত্ব নিলেও তিনি হয় সফল হতেন না বা বেশিদিন কাজ করতে পারতেন না।

জাভি তাঁর পাসিং এবং ফুটবলকে নিয়ে আবেগের জন্য বিখ্যাত। বার্সার হেড কোচ হিসাবেও তিনি ২০২২-'২৩ মরশুমে লা লিগা ও ২০২৩ সালে সুপারকোপা জেতেন। নিজে ফুটবলার হিসাবে ৭৬৭টা সরকারি ম্যাচ খেলেছেন বার্সেলোনার হয়ে। মূলত সের্জিও বুস্কেট ও আন্দ্রে ইনিয়েস্তার সঙ্গে তাঁর বোঝাপড়া একসময়ে বিশ্ব ফুটবলকেই মাতিয়েছে। বার্সার হয়ে একাধিক ট্রফি ছাড়াও তিনি ২০০৮, ২০১২ ইউরো কাপ ও ২০১০ সালের বিশ্বকাপ জেতেন স্পেনের হয়ে।



ইস্টবেঙ্গল আক্রমণকে ভরসা দিতে তৈরি হচ্ছেন ডেভিড লালহালানসাঙ্গা। ছবি : ডি মণ্ডল

# সিনিয়ারদের নিয়ে মহড়া লাল-হলুদে

**সমর্থকদের জন্য এই ম্যাচ জিততেই হবে।**
-বিনো জর্জ
(ইস্টবেঙ্গল কোচ)

**মোহনবাগানের জন্য হৃদয় দিয়ে খেলো।**
-ডেগি কার্ডোজো
(মোহনবাগান কোচ)

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৫ জুলাই :** মরশুমের প্রথম ডার্বি আগে বরুণদেবের ভ্রূকুটি চিন্তায় রাখছে আইএফএ এবং স্থানীয় আয়োজকদের।

যদিও কল্যাণীর মাঠে জল জমেনি এখনও। তবু বৃহস্পতিবার রাত থেকে শুরু হওয়া বৃষ্টি থামা তো দূরের কথা, শুক্রবার সারাদিন ভাসাল কলকাতা ও সংলগ্ন অঞ্চলকে। শুধু তাই নয়, আবহাওয়া দপ্তরের খবর, শনিবার আরও শক্তিশালী হতে পারে তৈরি হওয়া নিম্নচাপ। ফলে আইএফএ কর্তাদের কপালে চিন্তার ভাঁজ। ক্লাব কর্তাদের বা বলা ভালো মোহনবাগান ক্লাব কর্তাদের মধ্যে কল্যাণীতে ডার্বি হওয়া নিয়ে ক্ষোভ থাকলেও সমর্থকদের মধ্যে উন্মাদনা যে আছে তা বোঝা যায় সব টিকিট নিঃশেষিত হয়ে যাওয়ায়। বৃষ্টির মধ্যেও দুই তাঁবুতেই সদস্য কার্ডের বিনিময়ে টিকিট তোলার ভিড়। তবু মোহনবাগান সভাপতি দেবাশিস দত্ত এখনও প্রশ্ন তুলছেন, 'কল্যাণীতে কে যাবে? কেন কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে করা হল না?' সুর মেলান সচিব সৃঞ্জয় বসুও। তবে ডার্বির আকচা-আকচির নিদর্শন রেখে টিপ্পনি কাটতেও ছাড়েন না দেবাশিস, 'আমাদের দলটাকে এত ভয় যে ছোটদের বিরুদ্ধে জিততে ওরা সব সিনিয়ারদের নামিয়ে দিচ্ছে! জানেই তো, সারা বছরে এই একবারই জিতবে।' কল্যাণীতে ডার্বি না করে যুবভারতী ক্রীড়াঙ্গনে করলে ভালো হতো, এমনটা বলছেন ইস্টবেঙ্গল কর্তা দেবব্রত সরকারও, 'ডুরান্ড কাপের পর যুবভারতী পাওয়া যেত। ডার্বি তখন ওখানে করলেই ভালো হতো।'

এসব কথায় কান দিচ্ছেন না অবশ্য দুই দলের কোচ-ফুটবলাররা। তাঁরা নিজের নিজের ঘুঁটি সাজাতে ব্যস্ত। ইস্টবেঙ্গল কোচ বিনো জর্জ সিনিয়ার দলের দেবজিৎ মজুমদার, মার্ক জোথানপুইয়া, মার্তন্ড রায়না, প্রভাত লাকড়া, এডমুন্ড লালরিনডিকা, ডেভিড লালহালানসাঙ্গা ও লালরামসাঙ্গার মতো সিনিয়ারদের নথিভুক্ত করিয়ে প্রথম একাদশে রাখার মহড়া শুক্রবারই সেরে নিলেন। সেখানে মোহনবাগান সুপার জায়েন্ট কোচ ডেগি কার্ডোজোর হাতে বড়সড়ো অস্ত্র বলতে দীপেন্দু বিশ্বাস, অভিষেক সূর্যবংশী, কিয়ান নাসিরি, সুহেল আহমেদ বাট ও বহুদিন খেলার মধ্যে না থাকা গ্লেন মার্টিন্স। বিনো নিজের সপক্ষে যুক্তি রাখতে গিয়ে নাম না করে এঁদের প্রসঙ্গই তুললেন, 'সমর্থকদের জন্য এই ম্যাচ জিততেই হবে। আর আমরা না, ওরাও তো কিছু সিনিয়ার খেলাচ্ছে।' সেখানে দেগি তাঁর জুনিয়ার ফুটবলারদের তাতাতে বলেছেন, 'মোহনবাগানের জন্য হৃদয় দিয়ে খেলো।' তবে তাঁর সুবিধা হল, হাতে দীপেন্দু ও কিয়ানের মতো অভিজ্ঞ দুই ভূমিপুত্র থাকা।

সবমিলিয়ে চিরাচরিত উত্তাপ না থাকলেও মাঠে থাকা ১০ হাজার দর্শক যে ডার্বি উন্মাদনায় আবারও মাতোয়ারা হবেন, তা নিয়ে কোনও সন্দেহই নেই। আর এঁদের নিরাপত্তা নিশ্ছিদ্র করতে কোনও ত্রুটি রাখছে না কল্যাণী প্রশাসন। ব্যারিকেড থেকে গোটা মাঠে কোলাপসিবল গেট লাগানো কী গোটা কল্যাণী জুড়ে পুলিশ পেট্রলিং সব ব্যবস্থাই রাখা হয়েছে। আপাতত শুধু বৃষ্টি-দেবতাই যেন শেষ ভালোটা করতে দেন, সেই প্রার্থনায় আইএফএ।

## তেতে সবুজ-মেরুন শিবিরও



ডার্বির আগে চাপমুক্ত সুহেল আহমেদ বাট।

### আজ কলকাতা লিগে

**মোহনবাগান সুপার জায়েন্ট বনাম ইস্টবেঙ্গল এফসি**

**সময় :** বিকেল ৫.৩০ মিনিট
**স্থান :** কল্যাণী
**সম্প্রচার :** এসএসইএন অ্যাপ



ইংল্যান্ডের ব্যাটারদের দাপটে মাথায় হাত মহম্মদ সিরাজের। ম্যাঞ্চেস্টারে।

# পন্থের সাহসকে কুর্নিশ শার্দূলের

**ম্যাঞ্চেস্টার, ২৫ জুলাই :** পরিস্থিতি ক্রমশ জটিল হচ্ছে। ওল্ড ট্র্যাফোর্ডের মাঠে ক্রমশ চাপ বাড়ছে টিম ইন্ডিয়ার। সৌজন্যে দলের বেহাল বোলিং।

অ্যান্ডারসন-তেন্ডুলকার সিরিজে পিছিয়ে থাকা টিম ইন্ডিয়া ম্যাঞ্চেস্টারেই সিরিজ হারবে কি না, সময় বলবে। কিন্তু তার আগে দলের অন্দরে ঋষভ পন্থকে নিয়ে বন্দনা, আবেগ যেমন রয়েছে। তেমনই অধিনায়ক শুভমান গিলের স্ট্র্যাটেজি নিয়েও রয়েছে বিরক্তি। যার নেপথ্যে টিম ইন্ডিয়ার অলরাউন্ডার শার্দূল ঠাকুর। গতকাল দ্বিতীয় দিনের খেলার শেষে শার্দূল হাজির হয়েছিলেন সাংবাদিক সম্মেলনে। সেখানে তাঁকে দিয়ে কম বোলিং করানোর অভিযোগ তুলে অধিনায়ক শুভমানকে কাঠগড়ায় দাঁড় করিয়ে দিয়েছেন তিনি। শার্দূল গতকাল ইংল্যান্ডের প্রথম ইনিংসে পাঁচ ওভার বোলিং করেছিলেন। কিন্তু তাঁর মনে হয়েছিল আরও অন্তত দুই ওভার বোলিং তিনি করে দিতে পারতেন। কিন্তু মাঠে মূল সিদ্ধান্তটা চিরকালই অধিনায়কের। শার্দূলের কথায়, 'নির্দিষ্টভাবে কোনও অভিযোগ করছি না। মাঠে সবসময় চূড়ান্ত সিদ্ধান্ত অধিনায়কেরই। কিন্তু তারপরও আমার মনে হয়েছিল, আরও অন্তত দুই ওভার বোলিং করতে পারতাম।'

**কম বোলিংয়ের জন্য বিরক্ত**

কম বোলিংয়ের বিরক্তির কথা শুনিয়ে দিলেও শার্দূল তাঁর সতীর্থ ঋষভ পন্থকে প্রশংসায় ভরিয়ে দিয়েছেন। শার্দূল আউট হয়ে প্যাভিলিয়নে ফেরার সময়ই মাঠে প্রবেশ ঋষভের। পা ভেঙে যাওয়া সতীর্থের জন্য মাঠ ছাড়তে সময় নিয়েছিলেন শার্দূল। বাউন্ডারি লাইনের ধারে ঋষভের মাথাও চাপড়ে দিয়েছিলেন শার্দূল। তাঁর কথায়, 'ঋষভের প্রতিভা নিয়ে আমাদের কারও কোনও সংশয় নেই। ও বাইশ গজে কী করতে পারে, আমরা সবাই জানি। কিন্তু বিশ্বাস করুন, পা ভেঙে যাওয়ার পর ভাবতেই পারিনি ও মাঠে নামবে। ব্যাটও করবে। আমাদের দলের রানটা এগিয়ে নিয়ে যাওয়ার পথে ঋষভের বড় ভূমিকা রয়েছে।' গতকাল শার্দূল যখন ব্যাট করতে নেমেছিলেন, তাঁর মনের মধ্যে সন্দেহ ছিল পরের ব্যাটার কে হবেন। ঋষভ কি আদৌ মাঠে নামতে পারবেন? বাস্তবে ঋষভ নেমেছিলেন। অপরাজিত ৩৭ থেকে নিজের স্কোরটা ৫৪-তে নিয়ে যান। জোফ্রা আর্চারিকে ছক্কাও মারেন। বেন স্টোকসের বলে বাউন্ডারি মেরে অর্ধশতরান পূর্ণ করেছিলেন ঋষভ। এহেন সতীর্থকে নিয়ে আবেগে ভেসে শার্দূল বলেছেন, 'ঋষভ যা করে দেখিয়েছে, খুব বেশি ক্রিকেটার সেটা পারবে না। তাছাড়া ওর মধ্যে বরাবরই একটা পজিটিভ ব্যাপার রয়েছে। ঋষভ বাকিদের চেয়ে আলাদা।'

# ফের হার মহমেডানের

**কলকাতা, ২৫ জুলাই :** আরও একবার এগিয়ে গিয়েও হার মহমেডান স্পোর্টিং ক্লাবের। শুক্রবার কলকাতা লিগের ম্যাচে আসুস রেনবো এসি-র কাছে ২-১ গোলে হেরে গেল সাদা-কালো ব্রিগেড।

শুক্রবার নৈহাটির বঙ্কিমাঞ্জলি স্টেডিয়ামে শুরুর দিকে নেহাত খারাপ খেলেনি মেহরাজউদ্দিন ওয়াড়ুর মহমেডান। পালটা রেনবো আক্রমণে ঝড় তোলার চেষ্টায় থাকলেও প্রথমার্ধে কোনও পক্ষই গোল করতে পারেনি। দ্বিতীয়ার্ধের শুরুতেই মহমেডানকে এগিয়ে দেন পরিবর্ত নামা শিবা মান্ডি। সজল বাগের ক্রস জালে পাঠান শিবা। এরপর বেশ কিছু সুযোগ পেলেও আর গোলমুখ খুলতে পারেনি মহমেডান। ম্যাচের শেষদিকে ৫ মিনিটের ব্যবধানে দুটি গোল তুলে নেয় রেনবো। ৭৭ মিনিটে সৌভিক ঘোষাল ও ৮২ মিনিটে অমরনাথ বাস্কে গোল করেন। লিগের অন্য ম্যাচে সাদার্ন সমিতিকে ৩-১ গোলে হারাল এরিয়ান ক্লাব।

## অশান্তির আঁচ ইস্টবেঙ্গলে

# ডার্বিতে বিনোর অস্ত্র এডমুন্ড-মার্তন্ড

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৫ জুলাই :** মহারণের মহড়ার মাঝেও অশান্তির আঁচ ইস্টবেঙ্গলে।

মোহনবাগান সুপার জায়েন্টের বিরুদ্ধে মর্যাদার লড়াই জিততে শনিবার সিনিয়ার ফুটবলাররাই ভরসা লাল-হলুদে। কলকাতা ফুটবল লিগে শেষ কয়েক বছর রিজার্ভ দল খেলাচ্ছে দুই প্রধানই। তবে ডার্বিতে গত বছরও সিনিয়ার দলের কয়েকজন ফুটবলারকে খেলিয়েছিল ইস্টবেঙ্গল। এবারও পরিস্থিতি বেগতিক বুঝে সেই পথেই হাঁটছেন লাল-হলুদ রিজার্ভ দলের কোচ বিনো জর্জ।

প্রভাত লাকড়া তো ছিলেনই। সেই সঙ্গে বড় ম্যাচের আগে দেবজিৎ মজুমদার, মার্তন্ড রায়না, মার্ক জোথানপুইয়া, লালরামসাঙ্গা, এডমুন্ড লালরিনডিকা ও ডেভিড লালহালানসাঙ্গাদের কলকাতা লিগের জন্য নথিভুক্ত করা হয়েছে। সব ঠিকঠাক থাকলে শনিবার ডার্বিতে ইস্টবেঙ্গলের গোলের নীচে দেখা যাবে দেবজিৎকে। ম্যানেজমেন্টের এই সিদ্ধান্তেই অসন্তুষ্ট রিজার্ভ দলের এক নম্বর গোলরক্ষক আদিত্য পাত্র। ঘরোয়া লিগে এবার শুরু থেকে গোলরক্ষকের দায়িত্ব সামলাচ্ছেন আদিত্য। কিন্তু ডার্বিতে সুযোগ পাবেন না জেনেই শুক্রবার অনুশীলনে আসেননি। গতবারও শুরুর দিকের ম্যাচগুলোয় নিয়মিত খেললেও বড় ম্যাচে সুযোগ পাননি। শোনা যাচ্ছে টিম ম্যানেজমেন্টের কাছে যা নিয়ে অসন্তোষও প্রকাশ করেছেন তিনি।

এদিকে লিগে এখনও ছন্দ খুঁজে পায়নি ইস্টবেঙ্গল। ৪ ম্যাচে ঝুলিতে ৫ পয়েন্ট। তুলনায় বেশ খানিকটা এগিয়ে মোহনবাগান। যদিও তা নিয়ে বিশেষ চিন্তিত নন বিনো। শরীরী ভাষায় চিন্তার ছাপ থাকলেও মুখে অন্তত তেমনটাই বললেন। লাল-হলুদ কোচ বলেন, 'চারটি ম্যাচের মধ্যে আমরা হেরেছি মাত্র একটা। দুটি ড্র। পয়েন্টের নিরিখে আমরা পিছিয়ে ঠিকই। তবে দলের পরিস্থিতি এই মুহূর্তে অনেকটাই ভালো। ডার্বির জন্য আমরা তৈরি।' আসলে সিনিয়ার ফুটবলারদের যোগ দেওয়া কিছুটা হলেও স্বস্তি দিচ্ছে বিনোকে।

মহারণের চূড়ান্ত মহড়ায় যা ইঙ্গিত মিলল তাতে রক্ষণে সম্ভবত মার্তন্ডের সঙ্গে জুটি বাঁধবেন প্রভাত। দুই সাইডব্যাক সুমন দে ও বিক্রম প্রধান। মাঝমাঠে তন্ময় দাস-নসিব রহমান জুটিতেই হয়তো আস্থা রাখবেন বিনো। দুই প্রান্তে এডমুন্ড ও সায়ন বন্দ্যোপাধ্যায় একপ্রকার নিশ্চিত। এছাড়া ডেভিডকে সামনে রেখে জেসিন টিকে-কে একটু পিছন থেকে ব্যবহার করার সম্ভাবনাই উজ্জ্বল। সবমিলিয়ে সিনিয়ার ফুটবলারদের পেয়ে যাওয়ায় খানিকটা হলেও শক্তি বাড়বে ইস্টবেঙ্গলের। তা সত্ত্বেও মোহনবাগানকে কোনও অংশে খাটো করে দেখতে নারাজ বিনো।

বিনো বলেছেন, 'দলের স্বার্থে আমাদের কয়েকজন সিনিয়ার ফুটবলার এগিয়ে এসেছে। তেমন মোহনবাগানেও অভিজ্ঞ ফুটবলার রয়েছে। আসলে দুই দলের জন্যই ম্যাচটা সমান গুরুত্বপূর্ণ। ডার্বি একটা যুদ্ধ। যে কোনও মূল্যে এই যুদ্ধটা জিততে হবে আমাদের।' বিনো বললেও তাঁর ছেলেরা বড় ম্যাচের মাহাত্ম্য বুঝলেন কি? ডার্বি যেহেতু কল্যাণীতে তাই কলকাতায় তেমন উত্তেজনা নেই। এমনকি এদিন ইস্টবেঙ্গলের অনুশীলনে একজনও সমর্থকের দেখা মিলল না যুবভারতী ক্রীড়াঙ্গনে।



প্রথম কলকাতা ডার্বির প্রস্তুতিতে এডমুন্ড লালরিনডিকা। -ডি মণ্ডল



মহারণের আগে কল্যাণী স্টেডিয়ামে প্রস্তুতিতে মোহনবাগান সুপার জায়েন্ট। শুক্রবার ডি মণ্ডলের তোলা ছবি।

# বিপক্ষকে নিয়ে ভাবছেন না ডেগি

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৫ জুলাই :** মেঘলা আকাশ। প্রবল বৃষ্টি।

তারই মাঝে ডার্বির মহড়া সারল মোহনবাগান সুপার জায়েন্ট। কলকাতা লিগ ডার্বির শেষ অনুশীলনে উপস্থিত হাতেগোনা কয়েকজন সমর্থক। কিন্তু তাতে কী? সিনিয়ারদের মতো বাগানের জুনিয়ার ফুটবলাররা ডার্বির আগে ফুরফুরে মেজাজে। নিজেদের মধ্যে হাসিঠাট্টায় মাতলেন সন্দীপ মালিকরা। দেখে বোঝার উপায় নেই, এই দলের অনেক খেলোয়াড় প্রথমবার ডার্বি খেলতে নামছে। চোখেমুখে চিন্তার লেশমাত্র নেই। বরং আত্মবিশ্বাসের ছাপ স্পষ্ট।

শনিবার কলকাতা লিগের বড় ম্যাচ। যে ম্যাচ নিয়ে উত্তাল বাংলার ফুটবল মহল। চিরপ্রতিদ্বন্দ্বী ইস্টবেঙ্গল যেখানে সাতজন সিনিয়ারকে ডার্বিতে দলে রাখছে, সেখানে মোহনবাগানের মাত্র তিনজন।

আসলে প্রথম ম্যাচে হারের ধাক্কা সামলে দারুণ ছন্দে রয়েছে মোহনবাগান। তাই কোচ ডেগি কার্ডোজো প্রতিপক্ষ দলে কতজন সিনিয়ার রয়েছে, সেইসব নিয়ে ভাবতে রাজি নন। বরং নিজের দলেই মনঃসংযোগ করছেন তিনি। কার্ডোজো বলেছেন, 'ইস্টবেঙ্গল কতজন সিনিয়ার খেলাচ্ছে, তাই নিয়ে ভাবতে চাই না। আমরা নিজেদের খেলা নিয়েই মনঃসংযোগ করছি। ছেলেরা ডার্বির জন্য প্রস্তুত রয়েছে। আমরা নিজেদের পরিকল্পনা অনুযায়ী খেলব।' তিনি আরও যোগ করেছেন, 'আমাদের তিন সিনিয়ার ফুটবলার রিজার্ভ দল থেকে উঠে এসেছে। ওদের সঙ্গে বাকিদের ভালো বোঝাপড়া তৈরি হয়ে গিয়েছে। সবাই এই ম্যাচের গুরুত্ব জানে। আমাদের জিততে হবে।'

প্রবল বৃষ্টির কারণে মাঠ নিয়ে চিন্তিত বাগান ম্যানেজমেন্ট। আইএফএ-কে কটাক্ষ করে বাগান কোচ বলেছেন, '২০২৫ সালে আইএফএ-র ভাবা উচিত, কোন মাঠে ডার্বি হওয়া দরকার।' বাগান শিবির থেকে বারংবার কল্যাণীর স্টেডিয়ামের মাঠের বর্তমান পরিস্থিতি সম্পর্কে খোঁজখবর করা হয়েছে।

কোচের সুরে সুর মিলিয়ে দীপেন্দু বিশ্বাসও বলে গেলেন, 'আমরা কোচের পরিকল্পনা অনুযায়ী খেলব। নিজেদের খেলার দিকেই মনঃসংযোগ করছি। দলের নতুন ফুটবলারদেরকে আমরা এই ম্যাচের গুরুত্ব বুঝিয়েছি।'

শনিবাসরীয় ডার্বিতে মোহনবাগানের বাজি কিন্তু জুনিয়ার ব্রিগেড। তাই সিনিয়ার ফুটবলার অভিষেক সূর্যবংশীকে রেজিস্ট্রেশন করা হলেও ডার্বিতে তিনি নেই। তিন সিনিয়ার ফুটবলার সুহেল আহমেদ বাট, কিয়ান নাসিরি ও দীপেন্দুকে প্রথম একাদশে রেখেই দল সাজাচ্ছেন ডেগি কার্ডোজো। গোলে দ্বীপ্রভাত ঘোষ খেলবেন। সেন্ট্রাল ডিফেন্সে বিলাল সিভির সঙ্গে দীপেন্দু থাকবেন। রাইট ব্যাকে লিওয়ান কাসতানা নিশ্চিত। তবে লেফট ব্যাকে মার্শাল কিসকু না রোশন সিং, তা নিয়ে ধোঁয়াশা থেকে গেল। মাঝমাঠে অধিনায়ক সন্দীপের সঙ্গে কালিম্পংয়ের মিংমা শেরপার খেলা নিশ্চিত। দুই উইংয়ে সালাউদ্দিন আদনানের সঙ্গে কিয়ানকে খেলানোর পরিকল্পনা রয়েছে। আপফ্রন্টে মোহনবাগানের বাজি সুহেল ও শিলিগুড়ির করণ রাই।

### কলকাতা লিগের ডার্বি

ম্যাচ ১৫৬। ইস্টবেঙ্গল জয়ী ৫২
মোহনবাগান জয়ী ৪৪। ড্র ৬০

### লিগের বৃহত্তম ব্যবধান

ইস্টবেঙ্গল ৪-০ (১৯৩৬ ও ২০১৫)।
মোহনবাগান ৩-০ (১৯৪৮, ১৯৫১ ও ১৯৬৩)।

শতাধিক বছরের লিগ ডার্বিতে আজ পর্যন্ত কেউ হ্যাটট্রিক করতে পারেননি।

### শেষ পাঁচ বছরে দুই প্রধানের সাক্ষাৎকার

ম্যাচ ১৮। মোহনবাগান ১৩
ইস্টবেঙ্গল ৪। ড্র ১
(এই ১৮ ম্যাচের ১০টি ম্যাচই খেলা হয়েছে আইএসএলে)

### মোট ডার্বি ৩৮৬

ইস্টবেঙ্গল ১৩৩। মোহনবাগান ১৩১। ড্র ১২২

-হরিপ্রসাদ চট্টোপাধ্যায়

# রুট প্রাচীরে ধাক্কা বুমরাহদের



টেস্ট কেরিয়ারের ৩৮তম শতরানের পর জো রুট। ম্যাঞ্চেস্টারে শুক্রবার।

**ভারত : ৩৫৮**
**ইংল্যান্ড : ৫৪০/৭**
**(১৩৪ ওভার পর্যন্ত)**

**ম্যাঞ্চেস্টার, ২৫ জুলাই :** টেস্টে শচীন তেন্ডুলকারের ১৫৯২১ রানের শিখর আদৌ কি নিরাপদ? প্রশ্নটা বেশ কিছুদিন ধরেই ঘুরপাক খাচ্ছিল। ওল্ড ট্র্যাফোর্ড টেস্টের তৃতীয় দিনে প্রশ্নটা আরও বড় আকার নিল।

সৌজন্যে জো রুট। অ্যালিস্টার কুককে পেরিয়ে আগেই ইংল্যান্ডের সর্বাধিক টেস্ট রানের মালিকানা দখলে নিয়েছিলেন। আজ রুট ক্লাসিক উসকে দিল শচীনের প্রায় অলঙ্ঘনীয় রেকর্ড ভাঙার সম্ভাবনা।

৩৮তম টেস্ট সেঞ্চুরি ইনিংসে রিকি পন্টিংকে (১৩,৩৭৮) পিছনে ফেলে সর্বাধিক টেস্ট রানের তালিকায় দ্বিতীয় স্থানে পৌঁছে গেলেন। রুটের সামনে শুধু ভারতীয় ক্রিকেট ভগবান। দীর্ঘদিন শচীনের শ্রেষ্ঠত্বকে চ্যালেঞ্জ ছুড়ে দেওয়া পন্টিং থেমে গিয়েছিলেন ১৪ হাজার রানের আগেই। বছর

## পন্টিংকে টপকে সামনে শুধু শচীন

চৌত্রিশের জো রুট কোথায় থামবেন?

ভবিষ্যদ্বাণী করা মুশকিল। ১৫৭তম টেস্টে সর্বাধিক রানের তালিকায় সেকেন্ড বয়। আরও বছর তিন-চারেক ধারাবাহিকতা বজায় থাকলে শচীনের সঙ্গে ব্যবধানও মুছে ফেলা অসম্ভব নয়। উত্তর অবশ্য সময়ের হাতে, ভবিষ্যতের গর্ভে।

চলতি ওল্ড ট্র্যাফোর্ড টেস্টের তৃতীয় দিনের হালহকিকতে ভারত অবশ্য আটকে সেই অতীতেই! ১৯৯০ সালে এখানেই শচীন তাঁর প্রথম আন্তর্জাতিক সেঞ্চুরির স্বাদ পান। অভিষেক হয় অনিল কুম্বলের। যদিও দলগত সাফল্যের ঝুলিটা শূন্য (৯টি টেস্টে জয় নেই) ভারতের। ভাগ্যের চাকা এবারও বদলানোর সম্ভাবনা ক্রমশ ক্ষীণ। বেন ডাকেট, জ্যাক ক্রলির বাজবলের দাপটের পর শুক্রবার ওলি পোপ, বেন স্টোকসের ঝলক, রুট স্পেশালে ফের হারের আশঙ্কায় শুভমান গিল ব্রিগেড।

ভারতের ৩৫৮ রানের জবাবে ১৩৪ ওভারে ইংল্যান্ড ৫৪০/৭। লিড ১৮২। ম্যারাথন ইনিংস খেলে অবশেষে রবীন্দ্র জাদেজার শিকার হন রুট (১৫০)। ক্রিজে বেন স্টোকস (৭৫) ও লিয়াম ডসন (১৯)। মাঝে অবশ্য ৬৬ রানের মাথায় হ্যামস্ট্রিংয়ের চোটে মাঠ ছেড়েছিলেন স্টোকস। কিন্তু ক্রিস ওকসের (৪) আউটের পরই স্টোকস মাঠে ফিরে এসেছেন।

বাকি দুইদিনে ম্যাচে ফিরতে অবিশ্বাস্য কিছু প্রয়োজন টিম ইন্ডিয়ার। যদিও ঝুঁকে পড়া শুভমানদের দেখে সেই রকম কিছু প্রত্যাশা করা যাচ্ছে না। উলটে চিন্তা বাড়াচ্ছে ক্লান্ত জসপ্রীত বুমরাহ, মহম্মদ সিরাজদের বারবার মাঠ ছেড়ে বেরিয়ে যাওয়া।

২২৫/২ থেকে এদিন খেলা শুরু করে ইংল্যান্ড। ম্যাচে ফিরতে তৃতীয় দিনের সকালে কয়েকটা উইকেট দরকার ছিল। যদিও প্রত্যাঘাতের জবাবের বদলে পোপ-রুটের সহজ খাদ্যে পরিণত হওয়া। প্রথম সেশনে ২৮ ওভারের প্রচেষ্টায় উইকেটহীন!

ভাগ্যও সঙ্গ দেয়নি বুমরাহ-সিরাজদের। প্রথম দুইদিনে মাথার ওপর মেঘলা আকাশ। ইংরেজ বোলাররা যার সুবিধা পেয়েছে। আজ পরিষ্কার আকাশ, ঝলমলে রোদ। বদলে যাওয়া আবহাওয়া বুমরাহ, সিরাজদের চ্যালেঞ্জ আরও কঠিন করে দেয়। ব্যাটিং সহায়ক পরিস্থিতির সুযোগ নিয়ে ১০৭ রান যোগ করে লাঞ্চে ইংল্যান্ড পৌঁছে যায় ৩৩২/২-এ। বিক্ষিপ্ত কিছু বলে অস্বস্তিটুকু সরিয়ে রাখলে প্রায় নিখুঁত ব্যাটিংয়ে গৌতম গম্ভীরদের কপালের ভাঁজটা বাড়ালেন দুইজনে। ক্রিকেটীয় শটের সঙ্গে জাদেজার স্পিন ভাঙতে অনায়াসে রিভার্স সুইপ করলেন রুট। পোপ আগাগোড়া দাপুটে মেজাজে।

ভারতীয় বোলারদের কাছে যার উত্তর ছিল না। লম্বা প্রতীক্ষার পর সাফল্য মাঝের সেশনে ওয়াশিংটন সুন্দরের হাত ধরে। একেবারে জোড়া ধাক্কা। ১৪৪ রানের জুটিতে ব্রেক লাগিয়ে প্রথমে ফেরান পোপকে (৭১)। নীচু ক্যাচ স্লিপে লোকেশ রাহুলের হাতে। কয়েক ওভার পর সুন্দরের ঝোলায় হ্যারি ব্রুক (৩)। ক্রিজ থেকে বেরিয়ে খেলতে গিয়ে বলের লাইন মিস। বাকি কাজটা সারেন ঋষভ পন্থের পরিবর্তে কিপিংয়ের দায়িত্ব সামলান ধ্রুব জুরেল। ৩৪১/২ থেকে ৩৪৯/৪। জোড়া অক্সিজেনে মনে হচ্ছিল, হয়তো ভারতের প্রত্যাবর্তন ঘটতে চলেছে।

রুট প্রাচীরে সেই সম্ভাবনা আটকে যায়। সংগতে স্টোকস। ব্যাটিং, বোলিং হোক ফিল্ডিং- গোটা সিরিজজুড়ে স্টোকসের অলরাউন্ড শো। গতকাল ৫ উইকেট নিয়ে ফিরেছিলেন। এদিন ব্যাট হাতে করলেন অর্ধশতরান। ৯১ ওভারে দ্বিতীয় নতুন বল নিয়েও রুটের রেকর্ড ভাঙাগড়ার খেলায় ব্রেক লাগানো যায়নি। ১৭৮ বলে ১২টি চারের সাহায্যে ৩৮তম শতরান পূরণ করে নেন। ১২০-র মাথায় সর্বাধিক রানে টপকে যান পন্টিংকে। কমেন্ট্রি বক্সে তখন স্বয়ং পন্টিং।

রুটকে প্রশংসায় ভরিয়ে দিয়ে বলেছেন, 'গত ৪-৫ বছরে রুটের খেলায় বিশাল পরিবর্তন এসেছে। ৫০ স্কোরগুলিকে শতরানে নিয়ে যাচ্ছে, তারপর বড় সেঞ্চুরি। যা গ্রেট ক্রিকেটারের লক্ষণ।' চা পানের বিরতিতে মাঠ ছাড়ার সময় রুটের যে কীর্তিকে সম্মান জানালেন সিরাজও। বাড়িয়ে দেন অভিনন্দনের হাত।

পরিসংখ্যান বলছে, ২০২১ থেকে গত পাঁচ বছরে ২১টি সেঞ্চুরি করেছেন রুট। আরও ৪-৫ বছর খেললে? উত্তরের মধ্যেই লুকিয়ে আরও বড় রেকর্ড, শচীন শিখরে পা রাখার হাতছানি।

### নজরে রুট

**১৩৪০৯** সর্বাধিক টেস্ট রানসংখ্যায় রাহুল দ্রাবিড় (১৩২৮৮), জ্যাক কালিস (১৩২৮৯) ও রিকি পন্টিংকে (১৩৩৭৮) টপকে দুই নম্বরে উঠে এসেছেন জো রুট (১৩৪০৯)। সামনে শুধু শচীন তেন্ডুলকার (১৫৯২১)।

**৩৮** টেস্ট শতরানের সংখ্যায় চার নম্বরে আছেন রুট (৩৮)। সামনে পন্টিং (৪১), কালিস (৪৫) ও তেন্ডুলকার (৫১)।

**১২** ভারতের বিরুদ্ধে রুটের শতরান সংখ্যা। যা টেস্টে ভারতের বিরুদ্ধে কোনও ব্যাটারের সর্বাধিক শতরান। পেছনে ফেলে দিলেন স্টিভেন স্মিথকে (১১)।

**৩** কোনও একটি দেশের বিরুদ্ধে টেস্টে সর্বাধিক শতরানের নিরিখে রুটের স্থান তৃতীয়। ভারতের বিরুদ্ধে রুটের ১২ শতরানের আগে রয়েছেন সুনীল গাভাসকার (ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে ১৩) ও স্যর ডন ব্র্যাডম্যান (ইংল্যান্ডের বিরুদ্ধে ১৯)।

# উনিশের দিব্যার অস্ত্র নিখুঁত কৌশল

**বাতুমি, ২৫ জুলাই :** প্রথমবারের জন্য মেয়েদের দাবা বিশ্বকাপ ফাইনালে দুই ভারতীয়। মুখোমুখি দিব্যা দেশমুখ-কোনেরু হাম্পি। অর্থাৎ খেতাব আসছে ভারতেই।

ফাইনালের প্রথম রাউন্ড শনিবার। দ্বিতীয় রাউন্ড রবিবার। দুই দিনে নিষ্পত্তি না হলে ম্যাচ গড়াবে টাইব্রেকারে। যা অনুষ্ঠিত হবে সোমবার। ভারতীয় মহিলা দাবার মুখ দীর্ঘদিন ধরেই হাম্পি। তিনিই দেশের একনম্বর। উলটোদিকে মহিলা গ্র্যান্ডমাস্টার তথা আন্তর্জাতিক মাস্টার দিব্যা আন্তর্জাতিক পর্যায়ে সাফল্য পেয়েছেন আগেও। তবে সেই অর্থে শিরোনামে আসেননি। অভিজ্ঞ হাম্পির বিরুদ্ধে ফাইনালে অনেকেই বাজি ধরছেন নাগপুরের ১৯ বছরের দাবাড়ুর ওপর। দেশ-বিদেশে বহু লড়াই জয়ের অভিজ্ঞতা নিয়েই বিশ্বজয়ের স্বপ্ন দেখছেন দিব্যা। তাঁর অস্ত্র নিখুঁত কৌশল, সঙ্গে ঠান্ডা মাথায় হিসেব কষে খেলা।

সেমিফাইনালে নিজের পারফরমেন্সে অবশ্য সন্তুষ্ট হতে পারেননি বছর উনিশের দিব্যা। বলছিলেন, 'আরও ভালো খেলতে পারতাম। মাঝের দিকে নিজেই ম্যাচটা কঠিন করে ফেলি। নাহলে জয় আরও মসৃণ হত। ভাগ্যও সহায় ছিল আমার।' সমাজমাধ্যমে লেখেন, 'সহজ উপায় ফাইনালে যাওয়ার মধ্যে আনন্দ কই? ম্যাচটা নাটকীয় না হলে আমি জিততাম না।'

উলটোদিকে ফাইনালে পৌঁছে হাম্পি বলেছেন, 'অসম্ভব কঠিন একটা ম্যাচ খেলেছি। বিশেষ করে শুরুতে কিছুটা নড়বড়ে ছিলাম। পরের দিকে সমস্যা হয়নি।' ফাইনালে স্বদেশি এবং একইসঙ্গে বয়সে অনেক ছোট দিব্যার মুখোমুখি হওয়া প্রসঙ্গে তিনি বলেছেন, 'ভারতীয় দাবা সবচেয়ে আনন্দের মুহূর্তের সাক্ষী হতে চলেছে সম্ভবত। আর দিব্যার বিরুদ্ধে ম্যাচটা কঠিনও হতে চলেছে। চলতি বিশ্বকাপে ও দারুণ ছন্দে রয়েছে।'

দিব্যার ভূয়সী প্রশংসা করেছেন বিশ্বনাথন আনন্দও। সরাসরি না বললেও বুঝিয়ে দিয়েছেন তাঁর চোখে ফাইনালে ফেভারিট দিব্যাই। আনন্দ বলেছেন, 'নিঃসন্দেহে বড় সাফল্য দিব্যার। ও একের পর এক প্রতিপক্ষকে যেভাবে হারিয়েছে তাতে কখনওই বলা যায় না এটা অপ্রত্যাশিত। দিব্যা যথেষ্ট সম্ভাবনাময়।'

### আজ শুরু ফাইনালে সামনে অভিজ্ঞ হাম্পি



কোনেরু হাম্পি



দিব্যা দেশমুখ

# 'টাইমড আউট' নিয়ে ঋষভকে খোঁচা লয়েডের

**ম্যাঞ্চেস্টার, ২৫ জুলাই :** আপাত নিরীহ ইয়র্কারে পা ভাঙা।

প্রথমদিন রক্তাক্ত হয়ে মাঠ ছাড়তে হয়। সেই ভাঙা পা নিয়েই দ্বিতীয় দিনে লড়াইয়ে দুরন্ত নজির তৈরি। ভারত, ইংল্যান্ড নির্বিশেষে প্রত্যেকেই ঋষভ পন্থের যে প্রয়াসকে প্রশংসায় ভরিয়ে দিয়েছে। তবে ফুলের সঙ্গে থাকছে কাঁটাও।

খোঁড়াতে খোঁড়াতে সিঁড়ি দিয়ে নামতে নামতে ক্রিজে পৌঁছোতে দেরি। যা নিয়ে খোঁচা দিতে ছাড়ছেন না ইংল্যান্ড ক্রিকেট মহলও। যুক্তি, শার্দূল আউটের পর ক্রিজে পৌঁছোতে ২ মিনিটের বেশি সময় নেন ঋষভ। যে দেরির জন্য ইংল্যান্ড টিম কিন্তু 'টাইমড আউট'-এর দাবি জানাতেই পারত। কিন্তু ক্রিকেটীয় স্পিরিট দেখিয়েই সেই পথে হাঁটেনি বেন স্টোকসরা।



সিঁড়ির রেলিং ধরে নামতে ঋষভ পন্থের দেরি হওয়ায় টাইম আউটের কথা ভাবতে পারত ইংল্যান্ড।

প্রাক্তন ক্রিকেটার ডেভিড লয়েড বলেছেন, 'কখনও পন্থের মতো এই রকম চোট পাইনি। ভাঙা আঙুল নিয়ে একবার অবশ্য ব্যাট করেছিলাম। পন্থ সেখানে দাঁড়াতেই পারছিল না। তারপরও যন্ত্রণা নিয়েই বীরের মতো ব্যাট করতে নেমেছে। তবে আমার আশপাশে থাকা দুই-একজন প্রাক্তন বলছিল, 'পন্থ যতটা দেখাচ্ছে, চোট ততটা গুরুতর নয়।' চোটের ফায়দা নিচ্ছে। দেরিতে ক্রিজে পৌঁছোনোর জন্য টাইমড আউট দেওয়া উচিত ছিল ঋষভকে।'

লয়েডের মতে, এরকম গুরুতর চোটের ক্ষেত্রে পরিবর্ত ক্রিকেটার নামানোর নিয়ম চালু হওয়া উচিত। প্রাথমিকভাবে ৬ সপ্তাহ মাঠের বাইরে কাটাতে হবে বলা হচ্ছে। যা বুঝিয়ে দিচ্ছে ঋষভ পন্থের চোট কতটা গুরুতর। ফলে 'লাইক ফর লাইক' প্রয়োজন এরকম পরিস্থিতিতে। পরিবর্ত হিসেবে ঋষভের বদলে একজন উইকেটকিপার-ব্যাটার খেলানো যেতে পারত। আইসিসি-র উচিত এনিয়ে ভাবনা চিন্তা করার।

### পন্থকেই দুষছেন বয়কট

জিওফ্রে বয়কট চোটের জন্য অবশ্য দুষছেন ঋষভকেই। কিংবদন্তি ওপেনারের মতে, ইনিংসের গুরুত্বপূর্ণ সময়ে ক্রিস ওকসের ইয়র্কারে ওরকম 'আনঅর্থডক্স' শট (রিভার্স সুইপ) খেলার কোনও প্রয়োজন ছিল না। বলেছেন, 'এভাবে যখন কোনও ক্রিকেটার চোট পায়, খারাপ লাগে। বিশেষত, ঋষভের মতো প্রতিভাবান ক্রিকেটার। তবে চোটের জন্য ও নিজেই দায়ী থাকবে। চিরাচরিত শটেই ইনিংস এগিয়ে নিয়ে যাচ্ছিল। হঠাৎ করে ওই রকম শট খেলার প্রয়োজন ছিল না।'

# দোশির নামে ইডেনে সাজঘর

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৫ জুলাই :** মাসখানেক আগে প্রয়াত হয়েছেন তিনি। প্রয়াত দিলীপ দোশির স্মরণে এবার ইডেন গার্ডেন্সের সাজঘরের নামকরণ হচ্ছে বলে খবর। সিএবি-র শীর্ষ কর্তারা ইতিমধ্যেই দোশির নামে ইডেনের সাজঘরের নামকরণের সিদ্ধান্ত নিয়ে ফেলেছেন। খুব দ্রুত সরকারিভাবে তার ঘোষণা হওয়ার কথা। জানা গিয়েছে, ইডেনের হোম টিমের সাজঘরের নাম হবে প্রয়াত দোশির নামে। অতীতে সৌরাষ্ট্রের পাশে বাংলা দলের হয়েও দীর্ঘসময় খেলেছেন দোশি। বাংলা ক্রিকেটে তাঁর অবদানের কথা ভেবেই এমন সিদ্ধান্ত সিএবি-র। এদিকে, সিনিয়ার বাংলা দলের অনুশীলন চলছে জোরকদমে। আজ দুপুরের দিকে অনুশীলন শেষের পর সামান্য সময়ের সঙ্গে সেখানে হাজির হয়েছিলেন সৌরভ গঙ্গোপাধ্যায়। আগামী সপ্তাহতেও তিনি বাংলা অনুশীলনে ক্রিকেটারদের উৎসাহ দিতে আসতে পারেন বলে খবর।

# অনিশ্চিত নীরজ-নাদিম সাক্ষাৎ

**ওয়ারশ, ২৫ জুলাই :** আবারও অনিশ্চিত নীরজ চোপড়া-আর্শাদ নাদিম সাক্ষাৎ। ২০২৪ প্যারিস অলিম্পিকের পর ১৬ অগাস্ট আসন্ন পোল্যান্ড ডায়মন্ড লিগে নীরজ ও নাদিমের মুখোমুখি হওয়ার কথা ছিল। সুইৎজারল্যান্ড ডায়মন্ড লিগেও দুই তারকা জ্যাভলারের প্রতিদ্বন্দ্বিতা করার কথা ছিল। তবে সম্প্রতি ইংল্যান্ডে গিয়ে পায়ের পেশিতে অস্ত্রোপচার করিয়েছেন পাকিস্তানের জ্যাভলার আর্শাদ। তাঁর কোচ বাট বলেছেন, 'নাদিম এখন বিশ্ব চ্যাম্পিয়নশিপের দিকেই মনোনিবেশ করছে। আমার মনে হয় না তার আগে নীরজ-আর্শাদ একে অপরের বিরুদ্ধে খেলবে।'

**পন্থের সাহসকে কুর্নিশ শার্দূলের**

-খবর তেরোর পাতায়

### শুভেচ্ছা

**জন্মদিন**



☺ শুভ জন্মদিন ত্রিজয়, প্রিয় ত্রিজয়, তোর মুখে থাক চিরকাল হাসি, সাফল্য আর আনন্দে ভরে উঠুক তোর জীবন। –**দিদি, মামু আর মিমি'র** পক্ষ থেকে রইল ভালোবাসা আর অনেক আশীর্বাদ।

**বিবাহবার্ষিকী**



☺ **শ্রী রতন কাঞ্জিলাল ও শ্রীমতী পিয়ালী কাঞ্জিলাল (ভারতনগর) :** শুভ ৩৬তম বিবাহবার্ষিকীর শুভেচ্ছা রইল। শুভকামনায় **"মাতঙ্গিনী ক্যাটারার ও চলো বাংলায় ফ্যামিলি রেস্টুরেন্ট", রবীন্দ্রনগর, শিলিগুড়ি।**

# ভারতীয় বোলারদের তুলোধোনা শাস্ত্রীর

**ম্যাঞ্চেস্টার, ২৫ জুলাই :** ইংল্যান্ডের বাজবলের মুখে দিশাহীন বোলিং।

শৃঙ্খলার অভাব। অনিয়ন্ত্রিত লাইং-লেংথ। ভারতীয় বোলারদের যে দশা দেখে বেজায় চটেছেন রবি শাস্ত্রী। প্রাক্তন হেডকোচের মতে, বেন ডাকেট, জ্যাক ক্রলিরা আক্রমণাত্মক ক্রিকেট খেলেছেন। তবে বন্ধুত্বের হাত বাড়িয়ে দিয়েছেন জসপ্রীত বুমরাহ, মহম্মদ সিরাজরাও।

সুযোগের সদ্ব্যবহারে ওডিআই ক্রিকেট সুলভ মেজাজে রানের গতি বাড়িয়েছে ইংল্যান্ডের ব্যাটাররা। বিরক্ত রবি শাস্ত্রী বলেছেন, 'বোলিয়ে ধারাবাহিকতা দেখাতে ব্যর্থ ভারত। অত্যন্ত বাজে বোলিং। খারাপ লাইন-লেংথে বল করার ফলে এত বাউন্ডারি হজম করতে হয়েছে।'

শাস্ত্রীর মতে, জসপ্রীত বুমরাহরা যখন নিজেদের বোলিং দেখবে, নিজেরাই লজ্জা পাবে। সাজঘরে ওদের সেটা বুঝিয়ে দেওয়া দরকার। জানান, তিনি যদি কোচ হতেন, বোলারদের কড়া ভাষায় সমঝে দিতেন। বর্তমান ভারতীয় দলের হেডকোচ ও বোলিং কোচেরও সেটাই করা উচিত।

ভারতীয় বোলিং ব্যর্থতার দিনে সুনীল গাভাসকারের কাঠগড়ায় আবার ব্যাটাররা। কিংবদন্তির তোপ, শর্ট পিচ ডেলিভারি যদি খেলতে না পারে, তাহলে গল্ফ, টেনিস খেলা উচিত ব্যাটারদের। প্রাক্তনের যুক্তি টেস্টের চ্যালেঞ্জ সামলাতে হলে শর্ট পিচ ডেলিভারি সামলাতে হবে। নাহলে টেস্ট না খেলাF ভালো।

### শোকসভা





৺কাজল সান্যাল প্রয়াণ : ৩০/০৬/২০২৫

৺জয়দীপ চ্যাটার্জী প্রয়াণ : ১২/০৫/২০২৫

আমাদের সকলের প্রিয় ৺কাজল সান্যাল এবং ৺জয়দীপ চ্যাটার্জী-এর অকাল প্রয়াণে আমরা শোকাহত ও মর্মাহত। তাঁদের আত্মার শান্তি কামনার্থে ২৭শে জুলাই ২০২৫ (রবিবার) সন্ধ্যা ৭ ঘটিকায় ক্লাবগৃহে শোকসভা অনুষ্ঠিত হবে। ক্লাবের সকল সদস্য এবং শুভাকাঙ্ক্ষীদের উপস্থিতি একান্তভাবে কাম্য।

সম্পাদক
বিবেকানন্দ ক্লাব
শিলিগুড়ি

# পাকিস্তান দলে ফিরলেন শাহিন

**লাহোর, ২৫ জুলাই :** পাকিস্তানের টি২০ দলে ফিরলেন জোরে বোলার শাহিন শা আফ্রিদি। ২০২৪ সালে টি২০ বিশ্বকাপে ব্যর্থতার পর শাহিন পাকিস্তানের টি২০ দল থেকে বাদ পড়েছিলেন। তাঁর সঙ্গে বাবর আজম ও মহম্মদ রিজওয়ানও বাদ পড়েছিলেন।



আশ্চর্যজনকভাবে শাহিন আফ্রিদিকে টি২০-র দলে ফেরানো হলেও বাবর-রিজওয়ানদের সেই দলে রাখা হয়নি। ফলে মনে করা হচ্ছে, বাবর-রিজওয়ানের টি২০ কেরিয়ার কার্যত শেষ।

কুড়ির ক্রিকেটে সুযোগ না পেলেও বাবর-রিজওয়ানরা পাকিস্তানের একদিনের দলে রয়েছেন। আগামী অগাস্ট মাসে পাকিস্তান ওয়েস্ট ইন্ডিজ সফরে যাবে। সেখানে শাহিনদের তিনটি টি২০ ও তিনটি একদিনের ম্যাচের সিরিজ রয়েছে। আজ পাকিস্তানের জাতীয় নির্বাচকরা সেই সিরিজের দল ঘোষণা করেছেন। যেখানে শাহিন সাদা বলের ক্রিকেটে প্রত্যাবর্তন করলেও বাবর-রিজওয়ানরা টি২০-র স্কোয়াডে সুযোগ না পাওয়ার কারণে তাঁদের টি২০ ভবিষ্যৎ নিয়ে শুরু হয়েছে জল্পনা।

**টি২০ স্কোয়াড : সলমন আলি আঘা (অধিনায়ক), আবরার আহমেদ, ফাহিম আশরফ, ফখর জামান, হ্যারিস রউফ, হাসান আলি, হাসান নওয়াজ, খুশদিল শা, মহম্মদ হ্যারিস, মহম্মদ নওয়াজ, শাহিবজাদা ফারহান, সাইম আয়ুব, শাহিন শা আফ্রিদি ও সুফিয়ান মোকিম।**

**ওডিআই স্কোয়াড : মহম্মদ রিজওয়ান (অধিনায়ক), সলমন আলি আঘা, আব্দুল্লাহ শফিক, আবরার আহমেদ, বাবর আজম, ফাহিম আশরফ, হাসান আলি, হাসান নওয়াজ, হুসেন তালাত, মহম্মদ হ্যারিস, মহম্মদ নওয়াজ, নাসিম শা, সাইম আয়ুব, শাহিন শা আফ্রিদি ও সুফিয়ান মোকিম।**

# যশ ফের ধর্ষণের অভিযোগে বিদ্ধ

**জয়পুর, ২৫ জুলাই :** উত্তরপ্রদেশের গাজিয়াবাদের পর এবার রাজস্থানের জয়পুর। ফের ধর্ষণের অভিযোগে বিদ্ধ ক্রিকেটার যশ দয়াল। তাঁর বিরুদ্ধে নয়া অভিযোগ জমা পড়েছে জয়পুরের সাঙ্গান থানায়। অভিযোগ, ক্রিকেট জীবন গড়ে দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে সহবাস করেছেন যশ। রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর পেসারের বিরুদ্ধে পকসো ধারায় মামলা রুজু করেছে জয়পুর পুলিশ। পুলিশের কাছে লিখিত অভিযোগে নির্যাতিতা জানিয়েছেন, বছর দুয়েক আগে ক্রিকেটের সূত্রেই যশের সঙ্গে তাঁর আলাপ হয়েছিল। অভিযোগকারিণী সেই সময় নাবালিকা ছিলেন। আইপিএলের ম্যাচ খেলতে যশ সেই সময় জয়পুরে হাজির হয়ে তাঁকে হোটেলে ডেকেছিলেন ক্রিকেট নিয়ে পরামর্শ দেওয়ার লক্ষ্যে। সেখানেই প্রথমবার ধর্ষিত হন অভিযোগকারিণী।



আরসিবি ক্রিকেটারের বিরুদ্ধে আরও অভিযোগ, পরবর্তী সময়ে আরও কয়েকবার তাঁর সঙ্গে একই কাণ্ড করেছেন যশ। বাস্তব যাই হোক না কেন, অল্প সময়ের মধ্যে দেশের দুই প্রান্তে জোড়া ধর্ষণের অভিযোগে বিদ্ধ যশ নিশ্চিতভাবেই বড় সমস্যায়। যার শেষ কোথায়, সেটাই দেখার।

# চিন ওপেনে শেষ চারে সাত্ত্বিক-চিরাগ

**বেজিং, ২৫ জুলাই :** চিন ওপেন ব্যাডমিন্টনে পুরুষদের ডাবলসে সেমিফাইনালে উঠেছেন সাত্ত্বিক সাইরাজ রাঙ্কিরেড্ডি-চিরাগ শেট্টি। কোয়ার্টার ফাইনালে তাঁরা ২১-১৮, ২১-১৪ পয়েন্টে হারিয়েছেন মালয়েশিয়ার ওং ইউ সিন-টিও ইয়ে ই-কে। শেষ চারে সাত্ত্বিক-চিরাগদের সামনে মালয়েশিয়ার অ্যারন চিয়া ও সো উয়ো ইক।

বিজ্ঞাপন

ডিয়ার সাপ্তাহিক লটারির ₹১কোটির বিজয়িনী হলেন উত্তর ২৪ পরগণা-এর এক বাসিন্দা



পশ্চিমবঙ্গ, উত্তর ২৪ পরগণা - এর একজন বাসিন্দা ববিতা ঘোষ - কে 04.05.2025 তারিখের ড্র তে ডিয়ার সাপ্তাহিক লটারির 68E 16321 নম্বরের টিকিট এনে দেয় এক কোটি টাকার প্রথম পুরস্কার। তিনি কলকাতায় অবস্থিত নাগাল্যান্ড রাজ্য লটারির নোডাল অফিসারের কাছে পুরস্কার দাবির ফর্ম সহ তার বিজয়ী টিকিটটি জমা দিয়েছেন। বিজয়িনী বললেন "আমি একজন মহিলা হিসেবে নিজের এবং নিজের পরিবারের উন্নত জীবনের জন্য আমি সবসময় বড় স্বপ্ন দেখতাম। আমি আমার হৃদয়ের অন্তঃস্থল থেকে ডিয়ার লটারি এবং নাগাল্যান্ড রাজ্য লটারিকে ধন্যবাদ জানাই আমার জীবন পরিবর্তন করার জন্য এবং আমার অপূর্ণ সমস্ত স্বপ্নগুলিকে বাস্তবে রূপ দেওয়ার জন্য।" ডিয়ার লটারির প্রতিটি ড্র সরাসরি দেখানো হয়।

* বিজ্ঞাপ্তির তথ্য সরকারি ওয়েবসাইট থেকে সংগৃহীত।

# ফাইনালে নৃপেন্দ্রনারায়ণ

**কোচবিহার, ২৫ জুলাই :** জেলা ক্রীড়া সংস্থার অনূর্ধ্ব-১৪ সুপ্রিম কাপ আন্তঃবিদ্যালয় ফুটবলে ফাইনালে উঠল মহারাজা নৃপেন্দ্রনারায়ণ হাইস্কুল। শুক্রবার প্রথম সেমিফাইনালে তারা ৭-০ গোলে বুড়িরহাট প্রাণেশ্বর হাইস্কুলকে হারিয়েছে। কোচবিহার স্টেডিয়ামে দেবজ্যোতি বর্মন ও ম্যাচের সেরা শাহরুখ হোসেন হ্যাটট্রিক করেন। নৃপেন্দ্রনারায়ণের বাকি গোলটি আরমা হাবিবের।



ম্যাচের সেরা হওয়ার পর শাহরুখ হোসেন। ছবি : শিবশংকর সূত্রধর



ম্যাচের সেরার ট্রফি নিচ্ছেন শাহিন আলম। ছবি : শিবশংকর সূত্রধর

# জিতল চিলা রায়

**কোচবিহার, ২৫ জুলাই :** জেলা ক্রীড়া সংস্থার অসীম ঘোষ ট্রফি প্রথম ডিভিশন ফুটবল লিগে শুক্রবার চিলা রায় স্পোর্টস ফাউন্ডেশন ৩-১ গোলে স্পিরিচুয়াল স্পোর্টস অ্যান্ড অ্যাডভেঞ্চার ক্লাবকে হারিয়েছে। কোচবিহার স্টেডিয়ামে চিলা রায়ের বিমলকান্তি দে সরকার, দেবাঙ্কুর বর্মন ও রঞ্জন বর্মন গোল করেন। স্পিরিচুয়ালের গোলটি রাকেশ বর্মনের। ম্যাচের সেরা চিলা রায়ের শাহিন আলম। তিনি নীলমণি হাজরা ও প্রতিমা হাজরা ট্রফি পেয়েছেন।

# রাকেশের জোড়া গোল

**কোচবিহার, ২৫ জুলাই :** শ্রীরামকৃষ্ণ ক্লাব ও পাঠাগারের ফুটবলে বৃহস্পতিবার বাণীতীর্থ ওয়ারিয়র্স ২-১ গোলে শ্রদ্ধা স্পোর্টস সুপার জায়েন্টসকে হারিয়েছে। শ্রীরামকৃষ্ণ বয়েজ হাইস্কুলের মাঠে ম্যাচের সেরা বাণীতীর্থের রাকেশ বিশ্বাস জোড়া গোল করেন। শ্রদ্ধার গোলটি ঋক বিশ্বাসের। শনিবার খেলবে রামকৃষ্ণ রয়্যালস ও ভাই ভাই ইউনাইটেড এফসি।



ম্যাচের সেরা বাণীতীর্থের রাকেশ বিশ্বাস। ছবি : শিবশংকর সূত্রধর

# ফ্রেন্ডশিপ কাপ শুরু

**রাঙ্গালিবাজনা, ২৫ জুলাই :** দানস্রাং ক্লাবের জয়বর দেবকার্জি ও ধৃতশ্রী কার্জি ট্রফি ফ্রেন্ডশিপ কাপ ফুটবল শুক্রবার শুরু হল। উদ্বোধনী ম্যাচে কালচিনির নিমতি ফুটবল ক্লাব টাইব্রেকারে ৩-০ গোলে বান্দাপানির বীর বিরসা মুন্ডা স্পোর্টিং ক্লাবকে হারিয়েছে। দক্ষিণ খয়েরবাড়ি উপজাতি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে নির্ধারিত সময়ে ম্যাচ ১-১ ছিল। ম্যাচের সেরা নিমতির শিবাজিৎ খাড়িয়া। শনিবার খেলবে ডাউকিমারির নর্থবেঙ্গল ওয়ারিয়র্স ও বাবুলাল হাঁসদা ফুটবল অ্যাকাডেমি।

# সুপার লিগ শুরু

**তুফানগঞ্জ, ২৫ জুলাই :** মহকুমা ক্রীড়া সংস্থার ফুটবলের সুপার লিগ পর্যায় শুক্রবার শুরু হল। উদ্বোধনী ম্যাচে যুবশ্রী সংঘ রসিকবিল ৯-১ গোলে ধলপল সিনিয়ার ফুটবল একাদশকে হারিয়েছে। সংস্থার মাঠে হ্যাটট্রিক সহ ৪ গোল করেন ম্যাচের সেরা সুমন বর্মন। হ্যাটট্রিক মনদীপ ওরাওঁয়ের। যুবশ্রীর বাকি গোল দুইটি করেন রাকেশ বর্মন ও জয়ন্ত অধিকারী। ধলপলের গোলটি শংকর দাসের। শনিবার খেলবে কামাতফুলবাড়ি যুব সংঘ ও চিলাখানা স্পোর্টস অ্যাকাডেমি।